
বিহুদীয় লোকদিগের বৃত্তান্ত সংক্ষেপ সংগ্রহ।



FROM THE CREATION, TO THE DISPERSION OF THE TEN TRIBES OF ISRAEL.

BOOKS FIRST AND SECOND.

ABRIDGED BY H. CARRE TUCKER, B.C.S.




PRINTED FOR THE CALCUTTA CHRISTIAN SCHOOL-BOOK SOCIETY,
AT THE BAPTIST MISSION PRESS.

অধ্য	য়। প্রকরণ।	১ ছ	I
>	म्कितिवद्रभ		>
ર	আদম এবং হবারপতন বিষয়। খুীং পূং ৪০০৪		
	বৎসর্র		0
0	আবেলের লোকান্তর গমন ও জলপলাবন		3
8	নোহ ও বাবিলের দুর্গ বৃত্তান্ত		۵
œ	অবাহমের বিষয়		٥२
•	हेम्बारहात्मत समा, श्री९ शृ९ ১৯১०। এव९ मिनद	ার	
	ध्वरम श्रीर शृर ১৮৯१ वदमव		2¢
٩	ইস্হাকের জন্ম, ও অব্রুহমের হোমবলি উৎর্গ কর		
	· এবং ইস্হাকের বিবাহ · · ·		>>
ъ	এষৌ, ও যাকুবের বৃত্তান্ত '		२8
۵	यृष्टकत् विवत्ता		05
٥.	আয়ুবের বৃত্তান্ত		80
>>	মিসরদেশের মুসার বিবরণ	• •	82
> 2	মূদা, এবং ইদ্যায়েল্বংশের প্রান্তর যাতা	,	e 9
20	ব্যবস্থার বিষয়		40
38	মর্ণময় বলদের বৃত্তার। খ্রীৎ পূৎ ১৪৯১ বৎসর		93
26			४२
20	•	• •	re
؋ڎ	কোরহ, ও দাখন, এবং অবিরামের অনিষ্টাচর	91	,
•	श्रीर पुर ১৪৭১ तरमत	•	۵٠

অধ্য	ায়। পুকরণ। পৃষ	bi
20	মুगांत পরামশ্বিরুদ্ধ, ও হারোণের মরণ, এবং নি-	
(,	য়োন ও অনের পরাভব	≥8
22	विनियस्यत् विवत्न, अवर मिनिस्यादनत् ममृतन विनाम	
	. श्री९ शृ९ ३८६२ व९मव	24
२ ॰	ষুদার দদুপদেশ এবং তাহার প্রাণনাশ	2 ° 8
•	· ·	
	→≎≎ >	
	দ্বিতীয় পুস্তক।	
>	যিহোসূয়, এবং কৈনানদেশের আক্রমণ বিবরণ।	
		220
2	অংনিয়েল, এহূন, দেবোরা, গিদিয়োন নামক	
	ইসায়েলব°শের শাসনকর্তার ও অবীমেলককর্তৃক	
	রাজ্যাক্রমণের বিবরণ। খুবি পূব ১৪২১ অং-	
	>8°> 9°\	250
9	The state of the s	
	রকর্তানের কর্তৃত্যাবদান, এবং শিমশোনের রা- জ্যপ্রাপ্তি। খুীং পূশ ১০২৬ অং ১০৭৬ পশ	
8	শৌলের রাজ্যলাভ ও অবাধ্যতার বিবরণ এবং	200
	मायून जालूश्टक वर्ध कहिया त्योत्कर शिहरदर्छ	
	রাজ্ঞাভিষিক হটল এবং যনাথরে গভীর শভাব	
	ও শৌলের মরণ। খ্রীৎ পূব ১০১৫ অব ১৭৬ পব	
æ	দায়ুদের রাজজ্ব, আবিশালমের বিল্লোহাচরণ এবং	
	প্রমেশরের মহামন্দির প্রস্তুত ছইবার সামগ্রী সং-	
	ু গুছের বিষয়। শুনি পূন : • ৫৬ অন্ ১০১৫ পন	
•	সুলেমানের রাজজন, ও জানার্থ প্রার্থনা, দেবোপা-	
	দিকান্ত্রীর পরামর্শে দেবপূজাকরণ প্রভৃতির বিব-	
	त्रा थीर पूर ১٠১৫ घर ৯৭৫ পर	248

	.	O			01-1	
অধ্য		প্রকরণ।			श्य) [
٩	রিহবিয়াম, ও					
	রাজগণ।	যারবিয়াম ধ	3 নাদ্ব 🤄	র বাশা ও	একা	
		বৎ অমরিয়				
		৯৭৫ আ৭ ৯১				846
4	আহাবের র					
	এবং যিং	সোফট নামব	যিহুদাদে	শের রাজস	মূহ।	
	શ્રી૧ পূ૧	৯১৭ অ৭ ৮৮	৯ প৭		:	>>>
۵	অহসিয় ও	যিহোরাম -	গেমক ইসুট	য়েলের রা	জা৷	
	এলিয়ের :	দর্গারোহণ, ও	ইলিশায়ে	র আশ্চর্য্য	ক্রা	
	এবং যি	হাসাফট না	মক যিহ্দ	দেশের রা	জার	
	ন্যায় ওধর্ম	শৌলতা। খুী	2 22669	অব ৮৮৯ গ	191	२३७
٥ د	যিহোরাম,	ও অহসয়,	অথলিয়া	, ও যোয়াশ	ī, S	
	व्ययৎमीय,	ও উষিয়,ও ে	যা <mark>থম নাম</mark> ক	ফ যিহুদাদে	শ্রে	
	রাজদেশুণী	। এবং যিহে।	রাম, ও যি	छ, उँ शिष्ट	ায়া-	
	रम, उत	যায়া শ, এ বৎ	২ যার্বিয়	াম নামকৃ°	हेम्।-	
	য়ে ল দেশে	র রাজগণের	' বৃত্তান্ত।	श्रीय शृव	५ ५३	
	অং ৭৪১	পৎ			:	२७२
>>	যূনস্ নামক	ভবিষ্যদ্বকার	বৃতাভ ।	श्री९ शृर।	×8°	२88
>	যিহুদাদেশে	র রাজা আহ	াস্, ও শিৰ	ারিয় ু ওমিন	হেম	
	ও পিকহি	য়, ও পেকহ,	এবং হো	শের নামক	हेम्।-	
	য়েলের ব্	বাজগণের বৃ	ভান্ত। এব	৭ ইস্হাক	कर्क	
		मत्म डेम्रादय				
	লইয়া যা	छन। थी २ वृ	ং ৭৭১ অ	२ १२३ १		२৫०

,



স্ফির বিবরণ।

আদিতে ইম্বর আকাশ মণ্ডলের ও পৃথিবীর সৃষ্টি করিলেন।

পৃথিবী বস্তুহীন ওঁ প্রাণিশূন্য ছিল এবং অন্ধকার গভীর জলের উপরে ছিল, ও ঈশ্বরের আত্মা জলের উপরে ব্যাপ্ত ছিলেন।

প্রথম দিবদে দীপ্তি হউক ঈশ্বর এই আজা করিলে দীপ্তি হইল; দিতীয় দিবদে তিনি শূন্যের সৃষ্টি করিয়া তাহার নাম আকাশ রাথিলেন; তৃতীয় দিবদে তিনি জল রাশিহইতে স্থলকে পৃথক করিয়া, স্থলের নাম পৃথিবী ওজল রাশির নাম সমুদু রাথিলেন; অপ্বর তিনি আজা করিশেন, শৃথিবীতে তৃণ ও সবীজ ওষধি ওনানা জাতীয় সবীজ ফলদায়ক উৎপন্ন হউক। চতুর্থ দিবদে ঈশ্বর মহাজ্যোতির্গণ অর্থাৎ সূর্য্য চন্দ্র ও নক্ষত্রগণ যাহারা আকাশে শীপ্তি দেন, তাহাদের সৃষ্টি করিলেন; এবং সূর্য্য ও চন্দ্রকে দিবারাত্রির উপরে কর্তৃত্ব করণার্থে, এবং তাহাদের চক্রবৎ তুমণে দিবস ও মাস ও শুতু

ও' বসংরের চিচ্ছের নিমিত্তে নিযুক্ত করিলেন। পঞ্ম দিবদে সকল জীবহীন বস্তু সৃষ্ট হইলে পর, ঈশ্বর জীবং বস্তুর সৃষ্টি করিতে লাগিলেন, এবং জল মধ্যে নানা জাতীয় প্রাণিবর্গ, অর্থাং বুহুং মংস্য ও নানা জাতীয় উরোগামি জল্জন্ত ও আকাশের পক্ষিগণকে সৃষ্টি করিয়া, এই আশীর্কাদ করিলেন, তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হও।

ষষ্ঠ দিবদে, তিনি পৃথিবীতে গ্রামা ও বনা পতা ও উরোগামী প্রভৃতি নানা প্রকার জাতীয় জন্তুবর্গ উৎ-পন্ন হৈইতে আজা দিলেন, এবং ঐ দিবসে পর্ফোশ্র মৃত্তিকাদারা মনুষ্য নির্মাণ করিয়ে তাহার নাসারস্কে প্রাণবায়ু প্রবেশ করাইলেন। মর্নুষ্য শেষে সৃষ্ট হইল বটে, কিন্তু তাহা ব্যতিরেকে প্রমেশ্বকে জানিয়া প্রেম করিতে কোন জন্তর ক্ষমতা ছিল না; এবং তাহার হিতার্থে পশু দকলের সৃষ্টি হইল। এই প্রকারে বস্তু দক-লের সৃষ্টি উত্তমরূপে হউলে পর, পর্মেশ্বর সপ্তম দিবসে বিশামপূর্ত্তক তাহাকে আশার্কাদ করিয়া পবিত্র করি-লেন। পরমেশর প্রথম সৃষ্টমানুষকে এদন্ নামক বাগা-নের কর্মে ও তাহার রক্ষা করিতে নিযুক্ত করিয়া এই আজ্ঞা দিলেন, তুমি এই বাগানের সমস্ত বৃঁক্ষের কল স্বচ্ছন্দে ভোঁজন কর, কিন্তু সদস্ৎ জ্ঞান দায়ক বৃক্ষের ফল ভোজন করিও না, কেননা যে দিনে তাঁহা ভোজন করিবা দেই দিনে নিভান্ত মরিবা। পরমেশ্বরু আদম্দনামক প্রথম মানু-, ষের নিকটে পণ্ড দকলকে আনাইলে পুর, তিনি প্রত্যেক জন্তুর স্বস্তার বিষয় প্রাথিল, কিন্তু এই

শকল পশুদের মধ্যে কেইই আদমের উপযুক্ত সহকারী হইল না, তজ্জন্যে সর্কাশক্তিমান্ সৃষ্টিকন্তা ক্পাবলোকন পূর্কক উপকার করিছে মনস্থ করিলেন, এবং আদম ঘোর নিদ্রিত হইলে, তাহার এক পঞ্জর লইয়া তুদ্ধারা এক ব্রা নির্মাণ করিলেন, এবং তাহাকে আদমের নিকটে আনিক্লা দিলেন। ইহাতে প্রমেশবের আশীকাদে বিবাহরূপ সমৃদ্ধ স্থাপিত হইলে, আদম আহ্লাদে বলিতে লাগিল, এ আমার অস্থির অস্থি ও মাংলের মাংল, এবং এ ক্রী নরহইতে জন্মিয়াছে, এই নিমিত্তে ইহার নাম নারী রাঞ্তিত হইবে, এবং মনুষ্য আপন পিতা মাতাকে ত্যাগ করিয়া আপন স্ত্রীতে আদক্ত হইবে, এবং দেই দুই জন একাক হইবে।

দ্বিতীয়।

আদম এবং হবার পতন বৃত্তান্ত।
্থ্রীফৌর জন্মের ৪০০৪ বংসর পুরের।

আমাদের আদি পিতা মাতা কতকাল পর্যান্ত নির্দোধী হইয়া এদন নামক বাগানে সুথভোগ করিয়াছিল তাহা আহ্বা জানি নাই, কিন্তু লেথা আহুছে, শয়তান সংপ্রি বেশ ধারণ করিয়া ছলক্রমে হবার কুপ্রবৃত্তি জন্মাইবার জন্যে জিজ্ঞানা করিতে লাগিল, ওগো এই বাগানের এই রক্ষের ফল ভোগ করিতে পর্মেশ্র তোমাদিগকে নিষেধ করিয়াছেন ইহা কি সত্য? তাহাতে নারী সর্পকে কছিল, আমারা এই বাগানের তাবৎ বৃক্ষের ফল্ ভোজন করিতে

পারি, কেবল বাগানের মধ্যস্থিত বৃক্ষের ফল বিষয়েই ্ষশ্র কহিয়াছেন, তোমরা তাহা ভোজন করিও না, এবং স্পর্য করিও না, তাহা করিলেই মরিবা। পরে যথন, শয়তান্ জানিল, যে তাহার কুপরামর্শেতে হ্বার মনে সন্দেহ ও ভুম জিয়াছে, তথক অহস্কারপূর্বক वेश्वत्रक् भिथावानी ও অত্যাচারী वनिक्रा जाँशांत निमा করত কহিল, তোমরা অবশ্য মরিবা না, বরণ যে দিনে তাহা থাইবা দেই দিনে তোমাদের চক্ষু প্রকাশ হইলে, वैश्वरतत नाम जान प्रम विषय कान शाहैया, हेटा देशत জানেন। তথন হবা দে প্রবঞ্চের নিকটহইতে পলায়ন না করিয়া, বরণ তাহার কথা শ্রবণ করিয়া প্রবঞ্চিত হইল; এই কেকল দুঃথের বিষয়, ইহাতে সে নারী ঐ বৃক্ষকে मून्ना ७ मूथाना ७ जान श्रनानार्थ वाक्नीय जानिया, তাহার ফল পাড়িয়া ভোজন করিল, এবং আপন স্বামিকে দিলে, দেও ভোজন করিল; এইৰূপে তাহারা শয়তারের কুবাক্যে মনোযোগ করিয়া সৃষ্টিকর্ত্তা পরমে-শ্বরের আক্তা লঞ্চ্ন করিল। এই অপরাধেই আমাদের আদি পিতা মাতার দুখদায়ক দশা নষ্ট হইল, এবং তাহাদের যে পূর্বে নির্দোষের অবস্থা ছিল, তাহাহইতে পতিত হইল, ও ফাহারা আপনাদের উলঙ্গতা রোধ করিয়া বটপত্র দিঙ্গাইয়া পরিধান করিল। তাহার পরে ভাহাুরা বাগানে ঈশ্বরের রব শুনিয়া ও ভাহাতে ভীত হইয়া, ৰুক্ষণানের মধ্যে লুকাইল ; যে রব পুর্বে তাছাদের , আনন্দেজনক. ছিল, সে রবে এখন কেবল আস জিমিল। তথন পুভু পর্মেশ্বর আদমকে ডাকিয়া কহিলেন, ডুমি

কোথায়? ভাহাতে দে কহিল আমি বাগানে ভোমার রব খনিয়া উলঙ্গতা প্রযুক্ত ভয় করিঁয়া,আপনি লুকাইয়া আছি, তিনি কহিলেন, তুমি উলঙ্গ আছ ইহা তোমাকে কে বুকা-ইয়া দিল, যে বৃক্ষের ফল তোমাকে ভোজন করিতে নি-ষেধ করিয়াছি তুমি^নকি তাহ। ভোজন করিয়াছ? পরমেশ্বর যে আক্লা করিয়াছিলেন, তাহা আদম লত্ত্বন করিয়াছিল যদাপি তাহা অস্বীকার করিতে সক্ষম ছিল না, তথাপি দে কচিনমনা হইয়া ও অধমরূপে আপনার দৃষ্টি কর্ত্তাকে দোষ দিয়া कहिल, जूमि य खीक आमाর मिलनी করিয়াছ দে আমাকে ঐ বৃক্ষের ফল দিলে আমি তাহ। থাইলাম, এই প্রকারে হবাও দর্পকে দোষী করিয়া বলিল, সপের প্রবঞ্নাতে আমি থাইলাম। পরে প্রভু পরমেশার সর্পাকে কহালিন, তুমা এই কর্মা করিয়োছ এই জন্যে গ্রাম্য ও বনা পদ্ধগণের অপেক্ষা অধিক শাপগ্রস্থ रहेंगा तकः इल मिशा शमन कतिवा, अव ° यांव उद्योत श्ली ভৌজন করিবা, এবং আমি ভোমাতে ও নারীতে এবং তোমার বণশেতে ও তাহার বণশেতে পরস্লর বৈরিভাব জন্মাইব; তাহাতে দে তোমার মন্তকে আঘাত করিবে এবং তুমি তাহার পাদমূলে আঘাত করিব।। তাহার পাঁরে পরমেশ্বর সে দুই জন অপরাধিদের প্রতি ক্রোধ দৃষ্টি করিয়া এমন দৃঢ় শাপ দিলেন, যাহার ফল তাহাদের বশশ অদ্যাপিও ভোগ করিতেছে। পরে তিনি নারীকে কহিলেন আমি তোমার প্রদেব বেদনার অতিশয় রৃদ্ধি করিব, তাহাতে তুমি অতি কটেতে সন্তান প্রদব করিবা, এবৎ স্বামির অধিনী হইবা, ইহাতে সে তোমার উপরে

কুঠ্ছ করিবে। অনন্তর তিনি আদম্কে কহিলেন, যে
বৃক্ষের ফল ভোজন করিতে আমি তোমাকে নিষেধ
করিয়াছি, তুমি জ্রার কথা শুনিয়া সেই বৃক্ষের ফল
ভোজন করিয়াছ, এই নিমিত্তে ভূমি অভিশপ্ত হইল, তুমি
যাবজ্ঞাবন ক্লেশ পাইয়া তাহার শস্যাদি ভোজন করিবা;
এবং তাহাতে সেয়াল কাঁটা ওনানা কণ্টক বৃক্ষ জ্মিবে,
এবং তুমি ক্ষেত্রের ওষধি ভোজন করিবা, এবং যে
মৃত্তিকাহইতে জ্মিয়াছ, যাবং তাহাতে লীন না হও,
তাবং ঘ্যাক্তি মুখে আহার করিবা, কেননা তুমি মৃত্তিকা
পুনশ্চ মৃত্তিকাতেই লীন হইবা। অনন্তর প্রভু পরমেশ্বর
মনুষ্ঠাকে এদনের বাগানহইতে দূর করিয়া, তাহার
উৎপাদক মৃত্তিকাতে ক্ষিক্যা করিতে নিযুক্ত করিলেন।

তৃতীয়!

হাবিলের মৃত্যু ও জল প্লাবনের বৃত্তান্ত।

অনন্তর আদম ও হবার দুই পুত্র জিমিল, জ্যেকের
নাম কৈন ও কনিকের নাম হাবিল, কিন্তু পাপের
ফল ইহাদের মধ্যে শীষু প্রকাশ হইল, কেননা এক
দিবদে সেই দুই ভাতা প্রমেশ্রের উদ্দেশে নৈবেদ্য
উৎদর্গ করিলে, তিনি হাবিলের নৈবেদ্যকে গ্রাহ্য করিলেন, কেননা সে বিশ্বাদ পূর্কাক ঈশ্বরের আজ্ঞাতে মনোযোগ করিয়া বলিদান করিয়াছিল, তজ্জনো কৈন বড়
বিরক্ত হইলে, প্রমেশ্বর দ্য়া পূর্কক অনুযোগ করিয়া

তাছাকে কহিলেন, তুমি কেন ক্রোধ করিলা, যদি নং-কর্ম কর তবে কি গ্রাহ্য হইবা না, আর যদি অসং কর্ম কর, ভবে পাপ দারে থাকে; কিন্তু কৈন ঈশ্বরের কথা তুচ্চ করিয়া কিঞ্চিৎ দিবস পরে আপক্ষা ভুটতাকে আক্রমণ করিয়া বধ করিল। অনন্তর পরুমেশ্বর তাহাকে জিজাদা করিলেন, ভোমার ভাতা কোথায়? তাহাতে সে গর্ক কব্লিয়া উত্তর করিল আমি জানি না, আমি কি আপনার ভাতার রক্ষক? কিন্তু পরমেশ্বর দর্মজ্ঞ দকল-কেই দেখিতে পান। কৈনকে ইহা জানাইবার নিমিত্তে কহিলেন, তোমার ভ্রাতার রক্ত ভূমি হইতে আমার প্রতি উচ্চৈঃম্বর করিতেছে। সুতরাণ তাহাঁতৈ ক্ষি-কর্ম করিলে পর, বহু শদ্য উৎপন্ন হইবে না। এবং জগতের শেষ পর্যান্ত দকল হত্যাকারিদের উপযুক্ত শাজা দেখাইবার নিমিত্তে এক চিক্স্ক্রপ হইয়া, যাবজ্ঞীবন পৃথিবীতে পর্যাটনকারী ও ভুমনকারী হইবা। কৈন এই দণ্ডাজা ত্তনিবামাতে প্রভুর সাক্ষাৎ হইতে প্রস্থান করিয়া নদ নামক দেশে বাস করিল। পরে পরমেখরের আশী-র্কাদে হাবিলের পরিবর্ত্তে শেখ নামক আদমের অন্য এক পুত্র জিমল, তৎকালে মনুষ্যের বংশরুদ্ধি হইছত লা-গিল। অসদাচারযুক্ত আদমহইতে মনুষ্য সকল জন্মিবাতে, তাহাদের নানা অত্যাচার ও অন্তঃকরণের কল্পনা সর্কা দুষ্ট, ইহা প্রমেশ্বর জানিয়া, তাহাদিগকে ও যে দকল জীবজন্ত তাহাদের হিতার্থে সৃষ্ট হইয়াছিল,তাহাদিগকেও বিনাশ করিতে মনস্থ করিলেন। তঁমুধ্যে নোহ নামক এক. ব্যক্তি পরমেশ্বরের অনুগ্রহের পাত্র ছিল, ভজ্জন্যে পরমে-

थ्र श्रिरी ও उ९ इ नकन जीर जहरक जन भारत নেষ্ট করিবার মানদে, তাহা নোহকে জানাইয়া আজ্ঞা করিলেন, তুমি এক থান বৃহৎ জাহাজ নির্মাণ করিয়া এব৭ দসপ্রার ও সর্ব্যকার পর পক্ষির এক ২ যোড়া লইয়া তাহাতে আরোহণ কর, তাহাতে রক্ষা পাইবা[।] নোহ ১২০ বৎসারে সে বৃহৎজাহাজ নির্মাণ করিল, ইতিমধ্যে সে লোক সকলকে আপনাদের শঙ্কা বিষয়ে চেত্রা দিয়া তাহাদিগকে আগামী বিপদ্হইতে পলায়ন कतिएउ ও পাপ विষয়ে थिम, ও পর্মেশ্বরের নিকটে মন পরিবর্ত্তন করিতে শিক্ষা দিল, উহাতেও তাহার কথায় অশ্রদ্ধা করিয়া আরও দুরাচার করিতে লাগিল। পরমেশ্বর দ্য়াশীল হইয়া ১২০ বৎসর পর্যান্ত তাহাও সহিলেন; অবশেষে সংহারের দিবস উপস্থিত হউলে পর, নোহ ও তাহার স্ত্রী ওু তিন পুত্র এবং পুত্র বধূগণ ঐ বৃহৎ জাহাজে আরোহণ করিলে পর, মহাসমূদ্ের সমস্ত উনুই ভাঙ্গিয়া গেল, এবং আকাশস্ত মেঘদার সকল মুক্ত হইল,ভাহাতে পৃথিবীতে ৪০ দিবারাতি মুষলধারে কৃষ্টি হইতে লাগিল, তাহাতে ভূষ্ল সকল মথ করিয়া ঐ জল উষ্ঠতম পর্বতের উপরে ১৫ হাত পরিমাণে রহিল, তথন ভূচর তাবৎ প্রাণী,বিশেষতঃ পক্ষী এব॰ গ্রাম্যও, বন্য পন্ত ও উরোগামী জন্ত, ও মনুষ্য প্রভৃতি তাবং প্রাণী বিনফ হইল। নোহ ও বৃহৎ জাহাজে আরুঢ় তাহার দিলি মনুষ্য ও পশ্ত প্রভৃতি ব্যতিরেকে আর কোন প্রাণী রক্ষা পাইল না ; এব
 পরমেশ্বরের দয়া ও আশির্বিদে দে জলের উপরে জাহাজ নির্ফিছে তাদিয়া রহিল।

এই জলপ্লাবন সৃষ্টির পরে ১৬৫৬ বৎসর এবং বীষ্ট প্রীষ্টের জন্মের পূর্বেই ২৩৪৮ বৎসর হইল।

ठजूर्थ।

নোহ ও বাবিল নামক গড়ের বৃত্তান্ত।

এই রূপে পৃথিবী জলপ্লাবিত হইলে ১৫০ দিন পর্যান্ত জল থাকিল। পত্তে ঈশ্বর নোহকে ও তাহার সঙ্গী জাহাজ স্থিত পখাদি তাবৎ প্রাণিকে স্মরণ করিয়া প্রবল বায়্ বহাইলেন, তাহাতে জল নিকৃত্ত হইল। পরে ক্রমৈং জল বহিয়া ১৫০ দিনে হ্রাদ পাইল ; এবং দপ্তম মাদের সপ্ত দশ দিনে অর্মিনীয়া দেশস্থ অরারট নামক পর্বতের উপরে জাহাজ লাগিয়া রহিল। ইহাতে দেখানে জাহাজ मा प्राप्त तहिला शव, जल वहिशा अञ्चलत इहेनं कि ना, তাহা জ্ঞাত হইবার নিমিত্তে নোহ বড় ব্যাকুল হইয়া জাহাজের বাতায়ন থুলিয়া একটি ভাঁড়কাককে উড়াইয়া দিল; কিন্তু দে পক্ষী ফিরে আইল না। দপ্তম দিবদ পরে নোহ এক কপোতকে উড়াইয়া দিল, তাছাতে দে পাদাপ্ন করিবার স্থান না পাইয়া জাহাজে পুনর্কার প্রত্যাগমন করিল। অপর আর এক সপ্তাহ বিলম্বে, নোহ জাহা জ হই তে দেই কপোতকে উড়াইয়া দিল, তাহাতে দে চঞ্ছারা জিত রুক্ষের এক পত্র ছিঁড়িয়া লইয়া সন্ধ্যাকালে ভাহার নিকটে ফিরে আইল; এব ্ নোহ সম্ভট্ট হইয়া তাহাৰুক গুহণ করিল; কেননা তাহাতে পৃথিবীর যে জল হ্রাদ হইন য়াছে এব ৭ ঈশবের যে কোধ নিবৃত্ত হইয়াছে এই পত্রই

তাহার এক চিহ্নস্ত্রপ হইল; বোধ হয়, তদবধি এ পূর্যান্ত লোক পরম্বরাতে জিত বৃক্ষের পত্র মিলনের চিহ্ন স্ক্রপ হইয়া আদিতেছে। নোহ আর সপ্ত দিবস বিলয় করিয়া ঈশ্বরের আজানুসারে আপন স্ত্রী ও পুত্রগণ ও পুত্রবধ্ণণকে নঙ্গে লইয়া জাছা জহইতে নামিল,এবং ষ্থ জাতীয় প্রত্যেক পশু ওপক্ষী ও উরোগামী, ও তাবৎ ভূচর ওথেচর জন্ত নির্গত হইল। তদনন্তর নোহ প্রেম ও ক্তজ্ঞতা পূর্ব্বক পরমেখরের দয়া স্বীকার,কুরণার্ধে,ভাঁহার উদ্দেশে এক যজ্ঞ বেদি নির্মাণ করিয়া তাহার উপরে হোম করিল। প্রমেশ্বর তাহার প্রেম ও বিখাস ও সত্য দেবাতে সম্ভষ্ট হইয়া, এবং তাহার বলিদান গ্রাহা করিয়া কহিলেন, মনুষ্যদের দোষে পৃথিবীকে আর অভিশাপ দিব না, যদ্যপি বাল্যকালাবধিই মনুষ্যের মনের কল্পনা দুষ্ট, তথাপি যেমত করিলাম, দেমত আর কথনো তাবৎ প্রাণিকে দংহার করিব না, যে পর্যান্ত পৃথিবী খাকে তাবৎ বপনের ও ছেদনের সময়, গ্রীয়াকাল ও শীতকাল, এব েদিবা ও রাতি, এই দকলের নিবৃত্তি হইবে না। পরে ইশ্বর নোহকে ও তাহার পুত্রগণকে এই আশীরুদি করিলেন, তোমরা প্রজাবন্ত ও বহু-বংশ্ হইয়া পৃথিবীকে পরিপূর্ণ কর; পৃথিবীর তাবং পশ্च ও থেচর পক্ষो ও ভূচর উরোগামী জন্তু, ও সমুদ্রের মৎস্যুসকলৈই তোমাদের হইতে ভীত ও শঙ্কাযুক্ত হইবে, এই সকলই তোমাদৈর হস্তে সমপিতি হইল প্লুত্যেক গমনশীল প্রাণী ভোমাদের থাদা হইবে, আমি হরিৎ ওষধির নাায় এই দকল তোমাদিগকে দিলাম।

দীর্যর আরও কহিলেন আমি তোমাদের সহিত যে নিয়ম স্থির করি, তাহার এই এক চিহ্ন খাকিবে, আমি মেছে আপন ধনুঃস্থাপন করি, তাহা পৃথিবীর দহিত আমার নিয়মের চিহ্ন **হইবে, যে দম**য়ে আমি পৃথিবীর উর্চ্ছে মেঘের সঞ্জার করিব, এবং সেই মেঘে ধনু দৃষ্ট হইবে, তৎকালে তোমাদেরও প্রত্যেক প্রকার প্রাণির দহিত আমার এই যে নিয়ম হইল, তাহা আমার স্মরণ হইলে, তাবৎ প্রাণি বিনাশের জন্যে আর জল প্লাবন হইবে না।২০০ শত বৎদরের মধ্যে নোহের বংশ বৃদ্ধি হওয়াতে, তাহারা পূর্ক্দিণে ভুমণ করিতে ২ শিনিয়র দে-শের এক প্রান্তর পাইয়া সেই স্থানে বসতি করিল।পরে আহারা কহিল আইন আমরা আপনাদের নিমিত্তে এক নগর ও গগণয়শী এক উচ্চ গৃহ নির্মাণ করি; তাহাতে আমাদের দুখ্যাতি হইবে; এবং কথন আমরা তাবৎ পৃথিবীতে ছিন্নভিন্ন হইব না। অপর তাহাদের এই মন্ত্রণা সুক্চিন হইলেও, তাহা সিদ্ধ করিতে মনস্ত্রিয়া তাহার। গৃহ গাঁথিতে আরম্ভ করিল। কিন্তু যে ব্যক্তি আপনার দূটি কর্তার শতুহইয়া উচে, ভাহাকে ধিক্, দে সময় তাহারা সকলেই এক প্রকার ভাষা কঞ্তি, কিন্তু পরমেশ্বর পরাক্রমদারা তাহাদের ভাষার ভেদ জন্মাইলে, তাহাদের ভাষা ভিন্থ হইল, তাহাতে তাহারা আর পরস্পর কথা বৃকিতে পারিল না। ইহাতে এমন কলহ হইল; যে কর্ম তাহারা কঁরিতে আরম্ভ কঁরিল তাহা দাঙ্গ •করিতে পারিল না, এই নিমিত্তে দেই নগরের নাম, বাবিল অৰ্থাৎ ভেদ থাকিল। এইরূপ ভাষা বিভিন্ন হ ওয়াতে

তাহাদের জাতিও বিভিন্ন হইল, পরে প্রত্যেক জাতি পর-মেখরের আজ্ঞানুসারে পৃথিবীর মধ্যে ব্যাপ্ত হওনার্থে মং নিরূপিত দেশে গিয়া বসতি করিতে লাগিল।

পঞ্চম।

অব্যুহমের বিবরণ।

বাবিল নগরে পরমেশ্বর কর্তৃক লোকদের ভাষা ভিন্ন হইলে,প্রায় 🕻 📀 বৎসর পরে, সাম বংশজাত তেরানামক এक ठाक्कि कम्मीयरम् छेत्रनामक नगत्रहरेख श्रमान করিয়া হারণ নগরে উত্তরিয়া সেইস্থানে বাস করিল। তদনন্তর পরমেশ্বর তেরার পুত্র অব্রাম্কে আজ্ঞা কব্লি-লেন, তুমি আপন দেশ ও জ্ঞাতি ও কুট্ম ও পৈতৃক বাটী পরিত্যাগ করিয়া, আমি যে দেশ তোমাকে দেখাই, দেই দেশে চল, আমি তোমাহইতে এক মহাজাতি উৎপন্ন করিয়া তোমাকে আশীর্কাদ করিব। তাহাতে তুমি বিখ্যাত ও মঙ্গলদাতা হইবা, তোমাহইতে পৃথিবীর তাবৎ বংশ আশীর্কাদ প্রাপ্ত হইবে। তথন অব্রাম পরমেশ্বরের আক্তা-নুসারে সারী নামুী ভার্য্যাকে, ও তার ভ্রাতৃপুত্র লোটকে সঙ্গে লইয়া, কৈনান দেশে বাতা করিল, সেই দেশে ভুমণ করিতে ২ পরমেশ্বর তাহাকে দর্শন দিয়া কহিলেন, আমি ভোমাুর বংশকে এই দেশ দিব, তৎকালে কৈনান দেশে मूर्ভिक इ खेशां खजुाम मिमेंत (मत्म शमन कतिन, এव° পাছে দেই দেশের লোক তাহার পত্নীর ৰূপ দেখিয়া ভাহাতে আদক্ত, হইয়া ইব্রামকে বধ করণ পূর্বকে আহার

দ্রীকে হরণ করে, এই ভয়ে তাহার ভার্যাকে কহিল, আমি বিনয় করি তুমি আমার ভণিনী এই কথালোকদের নিকটে কহিও। তৎপরে মিসর দেশের রাজা ফিরোণ এই কথাতে প্রবঞ্চিত হইয়া সারীকে আপনার ক্সী করিতে আপনার নিকটে আনাইলেন। কিন্তু মহারাজা পরমেশ্বর কর্তৃক নিবারিত হইয়া অব্যাম্কে ডাকিয়া কহিলেন, তুমি আমার প্রতি কেন এমন অন্যায় করিলা; তাহার পরে রাজা তাহাকে 🕲 তাহার ভার্য্যাকে নির্বিছ্নে বিদায় করিল। তদনর্ত্তর অব্রাম কৈনান দেশে ফিরে আইলে পর, দে স্থানে তাহার ও লোটের পর্তুপাল সকলের নিমিত্তে উপযুক্ত চরিবার স্থান না থাকাতে, উভয়ের পশু পালক-দের পরন্পর বিবাদ হইতে লাগিল। ভাহাতে অবুন্দ ভাহার ভুাতৃপুত্র হইতে পৃথক হওয়া ভাল কুকিয়া, ও দানশীলতা প্রযুক্ত, লোটকে আপনার নিমিত্তে ভূমি বাচিয়া লইতে আজা করিয়া কহিল, আমি ভোমাকে বিনয় করি, তুমি আমার জ্ঞাতি, তোমাতে ও আমাতে এবং তোমার পরপালকরণে ও আমার পরপালকরণে বিরোধ না হউক, তোমার সমূথে কি সময় দেশ নাই? অতএব তোমাকে বিনতি করি তুমি আমাহউঙে পৃথক হও; হয় তুমি বামে যাও, আমি দক্ষিণে যাই, কিঁয়া তুমি দক্ষিণে যাও, আমি বামে যাই, তথন লোট দেখিল যে यक्त नमीत প्रान्त छेर्बता ও ठाहात नाना सात्, छेन्नम জল ছিল, তজ্জন্যে তাহাতে সন্তুষ্ট হইয়া এবং দিদম নিবাসী লোক অতি দুষ্ট ও দুরাচারী তাহা বিবেচনা ন করিয়া, সে নগরে গিয়া বদতি করিল। ,এই ৰূপে অব্যাম

হর্ছতে লোট পৃথক হইলে পর, পরমেশ্বর অব্রামকে কহি-লেন, তুমি এই স্থানহইতে চক্ষু তুলিয়া উত্তর দক্ষিণ পূর্ক পশ্চিমে দেখা, তুমি যত দূর দেখিতে পাইবা, তাবৎ পর্য্যন্ত আমি চিরকালের নিমিত্তে তোমাকে ও তোমার বংশকে দিব, এবং পৃথিবীর ধূলির ন্যায় তোমার বংশ বৃদ্ধি করিব। তথন অব্রাম তায়ু তুলিয়া মন্ত্রি নামক দেশের প্রান্তরে গিয়া বাস করিল, এবং সেথানে পরমেশবের উদ্দেশে এক সক্ত বেদি নির্মাণ করিল, অব্যুমহইতে লোট পৃথক হওনের কিছু দিন পরে, চারিজন রাজা আপন ২ দৈন্য সংগুহ করিয়। সিদম নগরকে আক্রমণ করিল, এবণ লোকদের ধন সম্পৃত্তি লুচ করিয়া তাহাদিগকে ও লোটকে পরাজয় করিয়া দাস করিল। তদনন্তর অব্যাম এই বৃত্তান্ত শুনিয়া ৩১৮ ভৃত্যাকে দঙ্গে করিয়া দে লুঠ-কারি রাজাদের পশ্চাৎ গেল, এবং প্রমেশবের প্রতি তাহার দৃঢ় ভক্তি থাকাতে, সে তাহাদিগকে জয় করিয়। তাহাদের হস্ত হইতে দিদমহইতে লুচিত লোক ও সমূত্তি সকল কাড়িয়া লইল। নে সময়ে সর্ফোপ-तिमु नेश्रतित गांकक प्रव्कीरमक नार्य, नालर्यत রাজা কটী ও দ্বাক্ষারদ লইয়া অব্রামকে এই আশী-র্কাদ কঁরিল, আকাশের ও পৃথিবীর স্বামী সর্কো-পরিস্থ ঈশর অব্রামের মঙ্গল কঁরণ। তথন সিদমের রাজা অব্যামকে যে সমস্ত ধন রক্ষা করিয়াছিল তাহা লইতে আজা দিল; কিন্তু অব্যাম নির্লোভী হইয়। উত্তর করিল, আমি অব্যামকে ধনবান করিয়াছি পাছে এমত কথা বল, এই জন্যে আমার সহকারী

লোক আপনার প্রাপ্তব্য ভাগ লইবেক, আমি এফ বিন্মোত লইব না।

য**%।**

ইস্মায়েলের জন্ম ও সিদম নগর বিনাশের বিবরণ। খ্রীষ্ট জন্মের পূর্মের ১৯১০ অবধি ১৮৯৭ প্রান্ত।

এই ঘটনার পরে পরমেশ্বর অব্রামকে স্বপ্নযোগে দর্শন দিয়া এই বাক্য কহিলেন, হে অব্রাম ভয় করিও না, আমি তোমার ঢাল ও মহাপুরস্কার শ্বরুপ, তুমি আ-কাশে দৃষ্টি করিয়া যদি তারারণ গণিতে পার, তবে গণিয়া বল, এইরপে তোমার বংশ বৃদ্ধি হইবে। আর তোমার সন্তানগণ ৪০০ শত বৎসর পর্য্যন্ত দেশে থাকিয়া দাস্য কর্ম করত ক্লেশ ভোগ করিবে, কিন্তু যাহারা তাহাদিগকে দাস্য কর্ম করাইবে, আমি তাহাদের দণ্ড করিব। পরে তাহার। যথেষ্ট ধন লইয়া দে দেশহইতে নির্গত হইবে। অপর অব্রাম প্রমেশবের কথায় বিশাস করিলে, সেই বিশ্বাস পুণ্যার্থে গণিত হইল। তদনন্তর সারী বন্ধ্যা হইয়া ও তিনি এবং তাঁহার স্বামির বৃদ্ধ বয়স প্রাপ্ত হওন প্রযুক্ত আপনার সন্তান হওনের কোন চিহ্ন না,দেখিয়া স্বামিকে কহিল, বিনতি করি তুমি মিদরীয় হাগর নামা আমার দাদীতে উপগত হও, তাহাতে আমি ইহা-হইতে সন্তান পাইতে পারিব, তথান অবুধান সারীর বা-ক্যেতে স্বীকৃত হইল। পরে হার্নর আপনকর্ত্ত ইইতে মর্যাদাপ্রাপ্ত হওয়াতে গরুর করিয়া নিজ কর্ত্রীকে তুচ্ছ জ্ঞান করিতে লাগিল, তাহাতে সারী হাগরের প্রতি

কটিন রাবহার করিলে, সে তাহার নিকটহইতে প্রান্তরে গলায়ন করিল। দেখানে পরমেশ্বরের দৃত তাহাকে দ্র্দু দিয়া কহিলেন, তুমি আপন কর্ত্রীর নিকটে ফিরিয়া গিয়া তাহার বশীভূতা হও, কেননা তুমি এক পুত্র প্রদব করিবা যিনি বৃহ্ব ংশের আদি পুরুষ ৄহইবে, হাগর দে বাকা গ্রাহ্ম করিয়া অব্রামের তামুতে ফিরিয়া গিয়া এক পুত্র প্রদেব করিল, এবং অব্রাম তাহার নাম ইস্-মায়েল রাথিল। অব্রামের ১১ বৎদর বয়দে পরমেশ্বর তাহাকে দর্শন দিয়া তাঁহার পূর্কাঙ্গীকায় পুনঃপ্রতিজ্ঞা করিলেন, এবং তাহার সঙ্গে প্রতাক্ষ নিয়ম করণার্থে ত্বক্ছেদের বিধি স্থাপন করিলেন। তদবধি অব্রামের পরিবর্ত্তে অব্রাহম অর্থাৎ বহু লোকের পিতা এই নাম <u>রাখিলেন, এবং তাহার স্ত্রী সারীর পরিবর্ত্তে সারা নাম</u> অর্থাৎ রাজ্ঞী রাথিয়া বলিলেন, সে ইস্হাক নামক এক পুত্র পূদর করিয়া রাজাদের ও বহুর ৭ শের পিতামহী হইবে, আর পরমেশ্র প্রতিজ্ঞা করিয়া বলিলেন,ইস্মা-য়েল, আমার আশীর্কাদেতে যাহাদের হইতে বহুব ৭ শ নির্গত হইবে; এমন দাদশ জনের পিতা হইবে। তথন অব্রাহম, পরমেখরের প্রতিজ্ঞাতে কোনমতে দন্দিঞ্চিত্ত না হইয়া, বর্ণ বিশ্বাস ক্রণ পূর্ব্বক প্রণিপাত করিয়া পর্মেশ্বের ধন্যবাদ করিতে লাগিল। পরে এক দিন উত্তাপ সময়ে অব্রাহম আপন তামু দারে বসিয়াছিল, তাহাতে শে চকু তুলিয়া তিন জন দূতকে মনুষ্যকেশে আদিতে দেখিল, এব দেখিবামাত্র সাক্ষাৎ করিতে বেণে গিয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম পূর্বকে কহিল, হে প্লভো

নিবেদন করি, যদি আমার প্রতি অনুগুছ করিলেন, তঁবে এই দাসের স্থানহইতে যাইবেন না, বিনয় করি অল্প জল আনিয়া দি, পাদ প্রকালন করিয়া বৃক্ষতলে বিশ্রাম করুন এবং কিছু থাদ্য আনিয়া দি, পরে গমন করিবেন। তথন তাহারা কহিল যাহা বলিতেছ তাহাই কর, আহার করিলে পরে, সে ব্যক্তিরা তথাহইতে উচিয়া দিদমের দিনে প্রস্থান করিলে, অব্যাহম পথ দেথাইতে তাহাদের সঙ্গেং চলিল, পরে পরমেশ্বর কহিলেন আমি গাহা করিতে উদ্যত হই, তাহা কি অব্রাহমহইতে লুকাইব? অবাহমহইতে মহান ও বলবান এক জাতি উৎপন্ন হইবে, আমি তাহাকে জানি, দে আপন ভাবি সন্তানগণকে ও পরি-বার্দিগকে পর্মেশ্বের পথে চলিতে এবং ন্যায় ও ধর্ম করিতে আজ্ঞা দিবে, তাহাতে অব্রাহমের বিষয়ে পরমে-শবের উক্ত প্রতিজ্ঞা দিদ্ধ হইবে, পরমেশ্বর আরও কহি-লেন, সিদমের ও অমোরার মহাধ্বনি উচিতেছে, তাহাদের পাপ অতি গুরুতর, এই জন্যে আমি নীচে দেখিতে নিয়া আমার নিকটে আগত ধ্বনি অনুসারে তাহারা পাপ সর্ফোভোভাবে করিয়াছে কি না তাহা জানিব। পরে সেই ব্যক্তিদের মধ্যে দুই জন গমন করিলে, অবাহম পরমেশ্বরের নিকটে গিয়া কহিল, তুমি কি পাপিদের দহিত ধার্মিকদিগকেও ৃদংহার করিবা, এই প্রকার কর্ম তোমাহইতে দূরে থাকুক, সমস্ত পৃথিবীর বিচার कर्छा कि नाग्र कैतिरैंवन नां? यमि स्म नगरंत मन जन পাওয়া যায় তবে কি আপনি তাহাদিগকে নম্ট করিবেন ১ ইহাতে তিনি কহিলেন, দশ জনও পাইলে 'তাহা নইট

করিব না। তথন পরমেশ্বর অব্যাহমের সহিত এইৰূপ কঁথোপকথন শেষ করিয়া প্রস্থান করিলেন, এবং অব্যা-হমও স্বস্থানে প্রস্থান করিল। অপর সন্ধ্যাকালে দুই স্বর্গীয় দৃত সিদম নগরে উপস্থিত হইলে, নগরছারে উপবিষ্ট লোট ভাহাদিগকে দেখিয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া কহিল, হে আমার প্রভুগণ আমি বিনয় করি, অদ্য রাত্রিতে আমার গৃহে আদিয়া বাদ করুন; দে দূত্রণ প্রথমে তাহার দহিত যাইতে সমত হইল না, কিন্তু অবশেষে তাহার আহ্বান গ্রাহ্য করিলে,লোট তাহাদিগকৈ নিজ বাটীতে আনিয়া অতিথি দেবা করিল; কিন্তু তাহাদের नेय़राज्य शूरक्त, मिषम नशतीय पूतागत लाक लाणित গৃহ বেষ্টন কবিয়া কহিল, যে কএক জন অতিথি তোমার গৃহে আদিয়াছে তাহাদিনকে আমাদিনের হস্তে সমর্পন -কর। তথন লোট বাহিরে আদিয়া অতি বিনয়পূর্ব্বক তাহাদিগকে এমন কুব্যবহার হইতে ক্ষান্ত হইতে বলি-लেन, किन्नु ठाहाता थे कथा ना छनिया ठाहारक मध প্রদানার্থে ভয় দেখাইয়া, তাহার গৃহদার ভাঙ্গিতে উদ্যত হইল, তথন দে দুই দূত হস্তবারা আপনাদের নিকটে • গৃহেতে লোটকে টানিয়া লইয়া দার রুদ্ধ করি-लन, এব॰ घारत्र निक्षेष्ठ लाकरक जन्न कतिलन। তাহাতে তাহার। দার খুঁজিতে ২ পরিশান্ত হইল, পরে मृ**ड#ा ला** टेंक्क कहिल निषमक ও उ९ इ मूत्रागितिरागिक উচ্ছিন করিতে উদাত আছি, অতএব দপরিবার ও বেন্ধুবান্ধৰ একত করিয়া এস্থানহইতে শান্ধু পলায়ন কর, নতুরা এই দুষ্ট, নগরের দণ্ডেভে ∉তামরা বিনষ্ট হইবা।

তথন লোট বাহিরে গিয়া তাহার জামাতাদিগকে এই কথা জানাইল, কিন্তু জামাতা সকল উপহাসকারির ন্যায় তাহাকে বোধ করিল। অপর প্রভাত হইলে, দূতগণ লোটকে সত্ত্র হইয়া কহিলেন, উচ আপনার স্ত্রী ও দুই কন্যাকে লইয়া যাও, নতুবা নগরের দভেতে বিনষ্ট হইবা, তথাপি দে বিলম্ব করিলে, পরমেশ্রের অনুগুহ প্রযুক্ত তাহার। তাহার স্ত্রী ও দুই কন্যার হস্ত ধরিয়া নগরের বাহিরে লইয়া গিয়া কহিলেন, প্রাণ রক্ষার্থে পলায়ন কর, পশ্চাৎদিকে দৃষ্টি করিও না, এবণ এই দকল প্রান্তরের মধ্যেও থাকিও না, পর্বতে পলায়ন কর, নতুবী বিনষ্ট হইবা। লোট রক্ষা পাইবামাত্রে পর-মেশ্বর সিদমের ও অমোরার উপরে সগন্ধক অগ্নির্ফি করিয়া, দেই সমুদায় নগর ও প্রান্তর ও তন্নিবাদি লোক ও দেই ভূমিতে জাত তাবৎ বস্তুকে বিনষ্ট করিলেন। এই সময়ে লোটের স্ত্রী দূতের বাকা অমানা পূর্বক পশ্চাৎদিনকে দৃষ্টি করাতে সে লবন স্তম্ভ হইল।

मश्रम।

ইস্হাকের জন্ম ও অব্রাহম দ্বারা বলিদান উৎসর্গ করণ এবং ইস্হাকের বিবাহের বিবরণ। যীশ্র খ্রীফের জন্ম ১৮৯৬ বংসক্রের পূর্বের।

পরমেশরের প্রতিজ্ঞানুসারে দারা এক পুল্পুসব করিলে, তাহার পিতা ক্র্রের আজ্ঞানুসারে তাহার ত্বক্ছেদ করিয়া ইস্হাক নাম রাখিল। যে দিনে বালক স্তনপান তাাগ করিল, দেই দিনেই অব্লাহম মহাভোজ

প্রস্ত্তিত করিল, তাহাতে হাগরের পুত্র ইস্মায়েল ইস্হাকের প্রতি পরিহাস করিতেছে, ইহা দেখিয়া দারা ইব্রাহীমকে কহিল, তুমি এই দাদীকে ও ইহার পুত্রকে দূর করিয়া দেও, এ দাদীর পুত্র আমার পুত্র ইন্হাকের দ্হিত উত্তরাধিকারী হইবে না। কিন্তু অব্যুহম এই কথাতে অতি দুঃথিত হইলে, ঈশ্বর তাহাকে কহিলেন <mark>দার। যাহা ভোমাকে কহিতেছে ভাহার দে বাক্যেতে</mark> মনোযোগ কর, কেননা ইদ্হাক্হইতে ভোমার বংশ বিখ্যাত হইবে, এবং এই দাসী পুত্র তোমার বংশ, এই জন্যে তাহাহইতেও এক জাতি উৎপন্ন করিব। অতএব অবাহম ফুটী ও জল পূর্ণ কূপা লইয়া হাগরের স্কল্পে রাথিয়া ও বালক দিয়া তাহাকে বিদায় করিল। তাহাতে সে প্রস্থান করিয়া পথে ভুমণ করিতে লাগিল, পারে কৃপাস্থ জল শেষ হইলে, তাহার অতিশয় দুঃথ উপস্থিত হইল। তাহাতে হাগর ঐ বালকের প্রাণ রক্ষার্থে কোন উপায় না দেখিয়া এক কোপের নীচে তাহাকে রাখিয়া •তাহার সমুথহইতে দূরে গিয়া রোদন করিতে বদিল। কিন্তু দেখ মনুষ্যের সঙ্কটকালে ঈশবের কৃপার সময় উপস্থিত হয়, এব॰ মনুষ্যের উপকার বৃথা হউলে, পর-় মেশ্বর উপকার করেন। তথন ঈশ্রের দূত হাগরকে ডা-কিয়া কহিল, ভয় কঁরিও না, ভুমি উটিয়া বালককে রক্ষা কর, কেননা তাহাহইতে এক মহাজাতি উৎপন্ন হইবে, এবং দে সময় তাহাকে সজল একটা কূপা দেখাইলেন; এইরিপে রক্ষা ও পরমেশ্বরের নিকটে আশুয় পাইয়া ভাহার প্রান্তরে বাদ করিল। অপর ইদ্মায়েল ত্রমে ২

व इ इ हो। धनुर्धत इ है ल। उ थात है म्हाक् व फ इ है स्ल পরমেশ্র পরীক্ষার্থে ইব্রাহীমকে কহিলেন, ভুমি আপন পুত্ৰকে অৰ্থাৎ যে অদিতীয় পুত্ৰ ইস্হাককে তুমি ভাল বাসিতেছ তাহাকে লইয়া মোরিয়া দেশে যাও, এবৎ আমি তথাকার যে পর্মতে বলিব, দেই পূর্মতের উপরে তাহাকে বলিদান করিয়া হোম কর। অব্রাহম পরমেশ্ব-রের বৃদ্ধিও যথার্থ দয়া ও পরাক্রমেতে বিশ্বাদ করিয়া তাঁহার আজ্ঞানুসারে কর্ম করিতে অনিচ্চুক ছিল না, অভ-এব প্রত্যুবে উটিয়া তাহার পুত্র ইস্হাককে ও মজ্ঞ কার্ছ লইয়া পরমেশ্বর কর্তৃক নির্দিষ্ট স্থানে যাত্র। করিল। পরে তৃতীয় দিবদে অব্যুহ্ম চক্ষু তুলিয়া অতি দূরহইতে দে স্থান দেখিল, তথন দে যজ্ঞ কাঠ লইয়া আপন পুক্ ইস্হাকের স্কন্ধে দিয়া হস্তে অঘি ও থড়ণ লইলেন। পরে উভয়ে একত্র চলিয়া গেলেন, অপর ইস্হাক আ-পন পিতা অব্যুহ্মকে ডাকিয়া কহিল, হে পিতঃ, তাহাতে দে উত্তর করিল হে আমার পুত্র আমি উপস্থিত আছি, তথন দে জিজ্ঞাদিল অঘি ও কাঠ দেখ, কিন্তু হোমের মেষ শাবক কোথায়? তাহাতে ইব্ৰাহীম কহিল হে আ-মার পুত্র ঈশ্বর আপনি হোমার্থে মেষ শাবক মোগাই-বেন। অপর ঈশবের নির্দিষ্ট স্থানে উপস্থিত হইলে, অব্রাহম দেখানে এক যজ্ঞ বেদি করিয়া তদুপরে কাষ্ঠ দাজাইয়া ইদ্হাক পুত্রকে বান্ধিয়া বেদির কাণ্ঠোপরি ব্রাথিল। পরে অব্রাহম হয় বিস্তার করিয়া পুত্রকে বধ করণার্থে থড়্গ গুহুণ করিল, এমন সময়ে আকাশছইতে পরমেশবের দুত হে অবাহমং বলিয়া ডাকিলে, সে

কহিল আমি উপস্থিত আছি; তাহাতে তিনি কহিলেন 'তুমি ঐ বালকের প্রতিকূলে হস্ত তুলিয়া তাহার প্রতি **িকিছুই করিও না, কেননা ঈ**শ্বরের প্রতি তোমার ভর আছে ইহা এথন বুকিলাম, যেহেতুক তুমি আমাকে আপনার একমাত পুত্রকে দিউও অসমত হইলা না। তথন অব্যুহম চক্ষু তুলিয়া চাহিলে, আপন পশ্চাৎ দিকে কোপের লভাতে বন্ধশৃঙ্গ এক মেষ দেখিল, ভাহাতে অব্যাহম নিয়া সেই মেষকে লইয়া আপন পুত্রের পরি-বর্ত্তে হ্যেমার্থে ভাহাকে উৎদর্গ করিল। অপর পরমেশ্ব-রের দৃত আকাশহইতে অব্যুহমকে ডাকিয়া কহিলেন। পরমেশ্বর কহিতেছেন তুমি আমাকে আপনার এক মাত্র পুত্রকে দিতে অসমত হইলা না, তোমার এই কার্য্য প্রযুক্ত আমি আপন নামে দিব্য করিয়া কহিতেছি, ভোমাকে আশীর্কাদ করিয়া আকাশস্থ নক্ষতগণের ও **সমুদ্রের বাল্কার ন্যায় ভোমার বংশ অতিশয় রুদ্ধি** করিব, তাহারা শতুগণের নগর অধিকার করিবে। এবৎ পৃথিবীস্থ তাবৎ জাতি তোমার বংশদারা আশার্কাদ পাইবে, কেননা তুমি আমার আজা পালন করিয়াছ। তদনন্তরে অব্রাহম ও ইস্হাক গৃহে ফিরিয়া আইলে, দারা মরিল, অবাহম তাহার ব্রীর নিমিত্তে বিলাপ করিতে২ মক্পেলা স্থানস্থিত গুহা কিনিয়া, তাহাতে আপনার ভার্যাকে কবর দিল। এই প্রকারে দে কবর ঈশ্বরদ্বারা অঙ্গাক্ত কৈনান দেশের মধ্যে প্রথম সত্ত্বাধি-, কার স্থির হইল। অব্রাহম বহুসংখ্যা বয়স্প্রযুক্ত তা-হার 'পুত্র ইস্হাকের উত্তম বিবাহের বিষয়ে অতি,চেষ্টা

कतिरा नातिन। मानूरयत मूथ कि मृश्य नहकातिनी ভার্যার আচরণে হয়, তাহা দে উত্তম ৰূপে জ্ঞাত হইয়া এমত ধৈর্যাশীল ও বিশ্বস্তা কন্যাকে অম্বেষণ করিল, ত্বাহার গুণদারা ঈশ্বর তাহার পুত্রকে আশীর্কাদ করি-বেন, কিন্তু এমন কন্যা কৈনান দেশে পাও্য়া ভার, অব্রা-হম তাহা নিশ্চয় জানিয়া মিসপটামিয়া দেশ নিবাসি আ-পনার জ্ঞাতিবর্গ যাহার। সত্যরূপে ঈশ্বরের সেবা করিত, তাহাদের নিকটে আপনার গৃহের সর্ক্রাধ্যক্ষ ইলীসরকে প্রেরণ করিল। তদনন্তর দে অব্রাহমের ভ্রাতা নাহরের বাসস্থানে উত্তরিলে, পরমেশ্বরের নিকটে বিনতি পুর্ব্বক এই প্রার্থনা ক্রিল, হে পরমেশ্বর এই নগরের কন্যা-গণের মধ্যহ্ইতে কোন কন্যা আসিয়া অনুগুহ পুরুক আমাকে জল পান করার, যে কন্যাকে আপন দাস ইস্হাকের জন্যে নিযুক্ত করিয়াছ সে সেই হউক। একথা কহিতে২ নাহরের পৌত্রী রিবকা দে কূপে নামিয়া কলস পূরিয়া উচিয়া আসিতেছে। এমন সময়ে ইলীসর তাহাকে কহিল আমি বিনয় করি তোমার কলসহইতে কিঞ্ছিৎ জলপান করিতে দেও,সে স্বাক্ত হইয়া হচাৎ জল তুলিয়া তাহাকে ও তাহার উষ্টুদিগকে পান করাইক, তা-হাতে সে জ্ঞাত হইল, এই রিবকা কন্যাকে ঈশ্বর ইস্-হাকের নিমিত্তে নিযুক্ত করিলেন। তজ্জনেয় সে কহিল নিবেদন করি তুমি কাহার কন্যা তাহা আমাকে বল, আর জিজ্ঞাদিল য়াত্রিদের নিমিত্তে কি তোমার পিতার বাটীতে স্থান আছে? তাহাতে দৈ কন্যা উত্তর করিল . নাছরের ঔরদ জাত যে বিখুয়েল তাহার কন্যা আমি,

সে আরও কুহিল উষ্টুনের নিমিত্তে পোয়লি ও কলাই যথেক আছে, এব॰ রাত্রি যাপনার্থে স্থানও আছে। অপর দে কন্যা দৌড়িয়া গিয়া আপনার গৃহে দে কথা জানা-ইলে, তাহার ভাতা লাইন বাহির হইয়া দে যাত্রিকে গৃহ মধ্যে আনিল। ইলীসর তাহার নিমন্ত্রণ গ্রাহ্থ করিল, এবং উষ্ট্রদিনের দাজ থুলিয়া তাহাদিনকে পোয়লি ও কলাই দিয়া কহিল, বক্তব্য কথা না বলিয়া এবং মনিবের কর্ম না দাঙ্গ করিয়া, আমি ভোজন করিব না। তৎপরে ঘটনানুসারে সে তাহাদিগকে সকল কথা জ্ঞাত করিল, তথন প্রমেশ্রহইতে এই ঘটনা হইল, বিধোএল ও লাবন তাহা দেখিয়া রিবকাকে ইস্হাককে দান করিতে ষীকার করিল। পর দিবসে সে উত্তম ও বিশ্বস্তু দাস ইলীসর-পুজূযে উচিয়া রিব্কাকে লইয়া তাহার জাতি দকল শ্বীকৃত হইলে, আপনার কর্ত্তার গৃহে যাতা করিল. **দেখানে পৌছিলে রিব্কা ইস্হাকের ভার্যা হই**য়া তাহাকে মাতৃশোক নিবারণার্থে সান্ত্রনা দিতে লাগিল, অব্রাহম তাহার পুত্রের বিবাহের ৩৫ বৎসর পরে ১৭৫ বৎসর বয়স হইয়া, পরলোকে গমন করিল, এবং মাক-ফিলা দ্বানম্ব গুহাতে সারার নিকটে তাহার কবর হইল।

अष्टेम ।

এমৌ ও যাফুবের বিবরুণ।

রিব্কা বিবাছের ২০ বৎসর পরে জমজ পুল্র পুসব করিল, তাহাদের বিষয়ে ঈশ্বরের এই ভবিষয়াকা ছিল

যে তাহারা দুই জন ভিন্থ জাতীয় আদি পুরুষ হইলে, কমিণ্ঠ পুল্র জ্যেণ্ঠ পুল্রের উপর কর্তৃত্ব করিবে, দেঁ জ্যেণ্ঠ্র तक्तर्व वर मर्काष्ट्र लामम हिल, वह करना ठाँहात নাম এমৌ রাখিল, কনিষ্ঠের নাম যাকূব অর্থাৎ পদাপ-হারক। দেই দুই বালক বড় হইলে তাহাদের স্বভাব 🥞 চরিত্রের বিভিন্নতা প্রকাশ পাইল; এফৌ মৃগয়াতে নিপুণ হইল, কিন্তু যাকূব অতিমৃদু এব ৭ তান্ধুবাদী হইল। অতএব ইদ্হাক এয়োকে ভাল বাসিত, কিন্তু রিব্কা যাকূব্কে ভাল বাদিত। এঁক দিবস এযৌ ক্ষেত্ৰহইতে আসিয়া ক্লান্ত হইল. তৎকালে যাকূব ব্যঞ্জন পাক করিতেছিল, তা-হাতে দে কহিল নিবেদন করি এই ব্যঞ্জন দারা আফীকে আপ্যায়িত কর, তথন যাকৃব কহিল, আমার কাছে আপন জ্যেষ্ঠাধিকার বিক্রয় না করিলে দিব মা, এমৌ উত্তর করিল দেখ অথম আমি মৃতকল্প'জোষ্টাধিকারে আমার কি ফল? এই ৰূপে এষৌ জ্যেষ্ঠাধিকার তুদ্ধ জ্ঞান করিয়া কিঞ্চিৎ মদূরের দাইলের জন্যে যাক্বের নিকটে তাহ।বিক্রফ করিল। অনন্তর ইস্হাক বৃদ্ধ হইলে. -চক্ষু নিষ্কেজ হওন প্রযুক্ত ক্লফ্টরপে দেখিতে পাঁইল না. দে এগৌকে ডাকিয়। কহিল, ক্ষেত্রে যাইয়। আমার জনো মৃগ মাংক আন, তাহাতে আমি ভোজন করিয়া মৃত্যুর পূর্ব্বেই তোমাকে আশীর্বাদ করিব। ইন্ছাক মে ২ কথা কহিল, তাহা রিক্কা শুনিয়া আপন পুত্র ব যাক্রকে কহিল, 'ভুমি এখন পালে গিয়া তথাহইতে দুইট। উত্তম ছাগ বংশ আন, তাহাঁতে যাকুব ক্ষেত্হইতে । ছান বর্ণ মাতার নিকটে আনিলে, তাহার পিত যে রূপ

ভাল বাদে, তাহার মাতা দেই রূপ সুস্বাদু করিয়া রন্ধন ্করিল, তথন দে এষৌর উত্তম বস্ত্র লইয়া যাক্বকে পরি-ধান করাইল, এব ১ ছাগের চর্ম লইয়া তাহার হস্তে ও तलरात कड़ारेश दिल, उर्शाद मुखानू थाना याकृत्वत ছম্ভে দিয়া আপনার পিতার নিকটে এযৌর পরিবর্ত্তে আশার্কাদ প্রাপ্তির নিমিত্তে প্রেরণ করিল। তথন যাক্ব আপন পিতার নিকটে গিয়া কহিল, হে পিতঃ, তাহাতে দে উত্তর করিল, আমি উপস্থিত আছি, হে বৎস তুমি কে? যাকূব আপন পিতাকে কহিল, আমি তোমার জ্যে**ঠ পুত্র এযৌ তুমি আমাকে যাহা আজ্ঞা করি**য়াছ, আৰু তাই৷ করিলাম; এথন নিবেদন করি তুমি উঁটিয়া বসিয়া মৃগ মাৎস ভোজন করিয়া আমাকে আ-শীর্মাদ কর। তাহাতে ইস্হাক যাকৃবকে কহিল, হে প্তৰ আঁমার নিকটে আইদ তৃষি আমার এষৌপুত্র নিশ্চয় কি না তোমাকে স্লর্শ করিয়া দেখিব, তথন যাকৃব ইস্হাক্ পিতার নিকটে গেলে, সে তাহাকে স্লর্শ করিয়া কহিল, এম্বর যাক্বের বটে কিন্তু এহস্ত এমৌর, অতএব দে তাহীকে আশাৰুদি করিল। যাক্ব আপন পিতা ইস্হার্ক্র সাক্ষাৎ হইতে বাহির হইবামাতে, তাহার ভুাতা এমৌ মৃনয়াহইতে আদিয়া দুস্বাদু থাদা প্রস্তুত করিয়া, পিতার নিকটে আনিয়া কহিল, হে পিতঃ, মূগ মাণ্দ ভোজন করিয়া আমাকে আশীর্কাদ কর। তথন ইস্হাক অতিশয় কয়িত হিইয়া কহিল, তোমার আগ-মনের পূর্বে যে লোক আমার নিকটে মৃগমাণ্দ আ-নিলে, আমি তাহ। ভোজন করিয়া তাহাকে আশীর্মাদ

দিলাম দেঁ কে? দেই আশীকাদিযুক্ত থাকিবে। * তথন এমৌ পিতার এমন কথা শুনিমা অতিশয় বিলাপ করিয়া ব্যাকুল চিত্তে রোদন করিতে লাগিল, এবং কহিল হে পিতঃ আমাকেও আশীর্মাদ কর, তোমার কি কেবল এক আশীর্ফাদ? হে পিতঃ বিনৃতি করি আমা-কেও আশাर्काम कর, এয়ো ইহা कहिया রোদন করিতে লাগিল। পরে তাহার পিতা ইদ্হাক্ • এই কথা কহিল, ভূমি থড়্গ ব্যবসায় দারা কাল যাপন করিবা, ও আপন ভ্রাতার অধীন হইবা, কিন্তু যথান তোমার প্রভুত্ব হইবে, তথন আপন গ্রীবাহইতে তাহার জোয়ালি ভাঙ্গিৰা† এই রূপে যাকূব আপন পিতাহইতে আশীর্কাদ পাইল, এই জন্যে এষৌ ইর্ষ্যা করিয়া মনে ২ ভাবিল, পিতার অন্তিমকাল নিকটবর্ত্তী, তাহার মৃত্যুর পরে আপন ভাতাকে বধ করিব, কিন্তু এষৌর এমন কথা রিব্রুরে কর্ণগোচর হইলে, সে ইস্হাককে কহিলে, যদি এযৌর জুলা যাক্র কৈনান দেশের কনাদের মধ্য-হইতে কোন কন্যাকে বিবাহ করে, তবে আমাদের প্রাণ ব্যাকুল হইবে, অতএব অনুগ্রহ করিয়া তাহাকে মিলপতেমীয়াদেশ নিবাদী আমাদের জ্ঞাতিদের মধ্য-হইতে এক কন্যা বিবাহ করিতে প্রেরণ করুন। ইস্হাক্ ইহাতে স্বীকৃত হইল, এবণ যাকূবকে আশীকাদ করিয়া কহিল, সর্বোক্তিমান ঈশ্বর আশার্বাদ করিয়া ভোমাকে বহুণোষ্ঠী করণার্শে ফলবস্ত ও ৰহুপ্রজ ক'ফুন, এবং অবাহমের প্রতি দত্ত-আশীর্ফাদ তোমাতে ও তোমার, বংশেতে দফল কঁতুন, তাহাতে ঈশ্বর অবুটিমকে

य तिन निशास्त्र, ও य इतित अथन जूमि विरम्भी, **গেই দেশ তোমার অধিকার হইবে** পরে যাকূব তাহার পিতার আশীর্কাদ পাইয়া যাতা করিল; এবং সূর্য্য-অন্তনত হইলে দে এক স্থানে উত্তরিয়ারাত্রিবাদ করিল। তথন দে তথাকার একথান প্রস্তুর বালিশ করিয়া দেই श्रांत गरनभू स्र्वेक निष्ठा शिल म स्राथ थक माभान দেখিল, ভাহার মূল পৃথিবীস্থিত ও অগ্রভাগ গগণস্পর্নী, এবং তাহার দারা ঈশ্বরের দূতগণ নামিতেছে ও উচিতেছে, এব পরমেশ্বর তদুপরি দণ্ডায়মান হইয়া কহিলেন, আমি পরমেখর তোমার পূর্বপুরুষ অবা-হমের ও ইসহাকের ঈশর, তুমি∗খে দেশে শয়ন ক্রিতেছ দেই দেশ আমি তোমাকে ও তোমার বং-শকে দিব, তোমার বংশ পৃথিবীর ধূলীর ন্যায় অসংখা হইবে, এবং ভুমি পূর্বে ও পশ্চিম ও উত্তর ও দক্ষিণ চ্লারিদিণেই বৃদ্ধি পাইবা, এবং ভোমাহইতে ও ভোমার বংশহইতে পৃথিবীস্থ তাৰৎ জাতি আশীর্কাদ পাইবে, এবং যে২ স্থানে যাইবা সেই২ স্থানে আমি তোমার সহায় হইয়া ভোমাকে রক্ষা করিয়া পুনব্রার এই দেশে আনিব, আমি ভোমাকে ত্যাগ করিব না, কিন্তু তো-মার কাছে যাহা ২ কহিয়াছি তাহা সফল করিব। যাক্ব ইম্বরের নিকটে রক্ষা পাইয়া প্রত্যুষে গাত্রোত্থান পূর্ব্বক পর্মেশ্বকে প্রণাম করিয়া হারাণ দেশে যাতা করিল। তথায় লাবন তাহাকে সমাদর পূর্কক অভ্যর্থনায় গুহুণ ,করিয়া জিজ্ঞাদা করিল, তুমি দাদ্য কর্মে, কি বেতন লই-ছ' তাই। বল। যাকূব লাবনের কনিষ্ঠ কন্যা রাহেলকে ভাল

বাসিত, এই জন্যে সে উত্তর করিল তোমার কন্যারাহে-লের জন্যে আমি দাতবৎদর তোমার দাদ্য কর্ম করিব। লাবন এই কথাতে সন্তুষ্ট হইয়া স্বীকৃত হইলে যাকৃৰ দাত বৎসর দাস্য কর্মা করিল। রাহেলের প্রতি তাহার এমত অনুরাগ ছিল যে ৭ বৎসরও তাহার অল্প দিন বোধ হইল, কিন্তু আপন পিতাকে পূর্ফে যে রুপ পুরঞ্চনা করি-য়াছিল,দে পুরঞ্দার ফল এখন দে ভোগ করিতে লাগিল, কেননা লাবন ভাহাকে বহুদিন দাস্য কর্ম করাইবার মানদে রাহেলের পরিবর্ত্তে আপন জ্যেষ্ঠ কন্যা লেযাকে লইয়া তাহার নিকটে আনিয়া দিল। কিন্তু প্রভাত হইলে যাক্ব দে প্রক্ষনা জ্ঞাত হইয়। লাবনকে তিরস্কার করিতে লাগিল, তথন লাবন কহিল, যদি আরও দাত বৎদর আমার দাদ্য কর্ম কর, তবে রাহেলকেও তোমাকে দান করিব। পরে যাকূব রাহেলের দঙ্গে প্রেম বিচ্ছেদ ভয়ে তাহার পিতৃনিয়ম স্বীকার করিল, ঐ ৭ বৎদরের মধ্যে লেযার গর্ত্তে যাকুবের ছয় পুত্র জিমাল, কিন্তু রাহেলের একটি সন্তামও জিমাল মা, অব-শেষে প্রমেশ্ব রাছেলের প্রার্থনা শুনিয়া তাছাকে এক পুত্র প্রদান করিলেন যাহার নাম যূষফ রাখিল। অনন্তর যাক্ব স্বদেশে প্রত্যাগমনার্থে লাবনের নিকটে বিদায় চাহিল; কিন্তু যাকৃৰ যত দিন পর্যান্ত পশুপাল রক্ষা করি-য়াছে তত্মেদিন পর্যান্ত লাবন ইশ্বর হইটত অনেক ২ আশীর্কাদ প্রাপ্ত হুইয়াছে, এই ভাবিয়া দে যাকূবকৈ থা-কিতে বিনতি করিয়া পশুপালের এক অঙ্গ দিতে স্বীকার করিল। পরে যাকৃব পরমেশ্বরের আশীর্জাদেজে এমন

উন্নতি পাইল, যে লাবন তাহা দেখিয়া তাহার প্রতি দ্বেষ ফরিতে লাগিল। তাহাতে যাকূব লাবনের মুখ ভঙ্গ ও *কুবব্যহার দেথিয়া লাবন আমার প্রতি জুদ্ধ ও ঈষ্যী হইয়াছে, ইহা বুঝিয়া তাহার দহিত বাদ করাতে অনিষ্ট বোধ করিল। পরে এক দিবস লাবন গৃহ হইতে বাহিরে গেলে, সৈ গোপনে আপন পরিবারও পশুপাল সঙ্গে করিয়া পলায়ন করিল। ইতোমধ্যে লাবন পশ্চাৎ ২ ণিয়া তাহাকে ধরিল, কিন্তু পরমেশ্বর কর্তৃক নিষেধি**ত** হইয়া যাকূবের কোন ছানি করিতে পারিল না; তাহাতে লাবন আপন কন্যাদের নিকটহইতে বিদায় লইয়া স্বস্থানে ফিরিয়া গেল। এযৌ যাকূবের সংবাদ পাইয়া ৪০০ লোক সমভিব্যাহারে ভ্রাতার সহিত সাক্ষাৎ করিতে বাহির হইল। যাকূব তাহা ত্তনিয়া আশক্ষায় ভাবিতে লাগিল, আমার ভাতা এসৌও আমাকে নষ্ট করিতে আসিতেছে,তজ্জন্যে পরখরের নিকটে আশ্রর লইয়া এই প্রার্থনা করিল, হে সর্ফোপরিস্থ পরমেশ্বর আমাকে এই আগামি শঙ্কাহইতে উদার করুন। অপর ভাূাতার জন্যে উপঢৌকন প্রস্তুত করিয়া আপন পরিবারকে অণ্ডেপুরন করিল | তথান যাক্ব তথায় একাকী থাকিলে এক পুরুষ প্রভাত অবধি তাহার দহিত মল্লযুদ্ধ করিল ; কিন্তু তাহাকে পরাম্ভ করিতে পারিল না, ইহা দেখিয়া তিনি যাক্বের উরুর সন্ধিস্থানে আঘাত করিদে, তাহাতে যারুক্বের উরুর দক্তিষ্ঠান ভথ হইল। পরে দে পুরুর কহিল আমাকে ছাড় কেননা প্ৰভাত হইল, তথন যাক্ব কহিল তুমি আ-মাকে আশার্কাদ না করিলে তোমাকে ছাড়িব না, পুনশ্চ

সে পুরুষ কহিল তুমি যাকৃব নামে আর বিখ্যাত হইবা না, কিন্তু যিশ্রায়েল অর্থাৎ ঈশ্বরজয়ী নামে বিখ্যান্ত হইবা, কেননা তুমি রাজার ন্যায় ঈখরের ও মানুষের• সহিত মৃদ্ধ করিয়া জয় করিলা। প্রভাত হইলে যাক্র চক্ষু তুলিয়া চাহিয়া ৪০০ লোকের সহিত এষৌকে আসিতে দেখিল, তদনন্তর কি ঘটনা উপদ্বিত ইইবেক তাহা না জানিয়া তাহার স্ত্রী পুল্রাদিগকে শ্রেণী বদ্ধ করণ পূর্ব্বক ভ্রাতার নিকটে গিয়া তাহাঁকে দাত বার ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। প্রমেখরের কৃপায় এমৌ তাহার দহিত দাক্ষাৎ করিয়া ও তাহার গলা ধরিয়া আলিঙ্গন পূর্ব্বক চুম্বন করিল, তাহাতে তাহারা উভয়ে রোদন করিতে লাগিল। পরে এয়ে যাকূবকে রক্ষা করণার্থে তাহার দঙ্গে ২ যাইতে ইচ্ছা করিল। কিন্তু পরমেশ্বর্যাকূবের সহায় হইলে সে তাহার ভ্লাতার সাহায্য গ্রহণ করিতে আকাট্রা হইল ন। পরে সে দুইজন ভাতা কুশলে পৃথক্ হইলে এমৌ ফিরিয়া গেল, এবং যাকূব সিকিম দেশস্থ শালেম নগরে যাতা করিল; কিন্তু অল্প দিন পরে ইদ্হাকের বৃদ্ধ বয়েদে মৃত্যু হওয়াতে তাহার দুই পুত্র এয়ৌ ও যাকূব তাহাকে কবর দিল।

नवय।

गृषरकत, दृखां ।

্ যীন্ত শ্রীক্টের জন্মের পূর্বে ১৭ ১৬ বংসুর। যাক্বের দাদশ জন পুত্র ছিল, অর্থাৎ লেয়ার গর্ভে

क़रतन भिप्तिरहान . उ लाती उ यिहूमा उ है शाधव उ শিবুলুনঃ রাহেলের গর্ত্তাত ঘূষফ ও বিনয়ামীনঃ বিল-'হার গর্ক্তাত দান ও নপ্তালীঃ এবং সিল্ফার গর্কাত গাদ্ ও আশের, যুষফ যাক্বের বৃদ্ধাবস্থার সন্তান হওন প্রযুক্ত যাক্ব দকল পুত্রাপেক্ষা তাহাকে ভাল বাদিত, এবং তাহাকে নানা বর্ণের উত্তরীয় বস্ত্র প্রস্তুত করিয়া দিয়াছিল, কিন্তু পিতা নকল পুত্র অপেক্ষা মৃষফকে অধিক ভাল বাদে, ইহা দেখিয়া তাহার ভ্লাতৃগণ তদবধি তাহাকে ঘৃণা করাতে তাহার প্রতি প্রেমের কথা কহিতে পারিল না। অপর সূষফ স্বপ্প দেথিয়া আপন ভ্রাতা-দিগকে কহিল দেখ, আমরা ক্লেতেতে আটি বান্ধিতে ছিলাম, তাহাতে আমার আটি উচিয়া দাঁড়াইল, কিন্তু তোমাদের আটি চতুর্দিনে দাঁড়াইয়া আমার আটিকে প্রণাম করিল। ইহাতে তাহার ভ্রাতৃগণ তাহাকে কহিল তুমি কি আমাদের উপরে নিতান্ত রাজত্ব করিবা, আমা-দের উপরে কি প্রভুত্ব করিবা? তাহাতে তাহারা ঐ স্বপ্ন ও কথা প্রযুক্ত তাহাকে আরো ঘ্ণা করিল। পরে যুষফ আর এক স্বপ্প দেথিয়া ভ্রাতৃগণের দাক্ষাতে কহিল দেথ আমি আরে৷ এক স্বপ্ন দেথিলাম, সূর্য্য ও চন্দ্র ও একাদশ নক্ষত্র আমাকে প্রণাম করিল। কিন্তু যূষফ আপন পিতা ও ভ্লাতৃগণের সাক্ষাতে তাহা কহিলে, তাহার পিতা তাহাকে ধমকাইয়া কহিল, তুমি এ কেমন স্বপ্ন দৈথিলা, আমি ও তোমার মাতা ও়ে ভ্রাত্গণ আমরা ভূমিষ্ঠ হইয়া কি তোমাকে প্রণাম করিব? তাহাতে তাহার 'ভ্লাত্গন তাহার প্রতি আরো ইয্যা করিল, কিন্তু তাহার

পিতা দে কথা মনে রাখিল। অপর তাহার ভুত্গিণ, কিঞিদূরে পরপাল চরাইতেছিল, পিতা ভাহাদিগকে দেখিতে ঘূরফকে প্রেরণ করিল, পরে তাহাদের নিক্টে যাওনের সময়ে তাহারা দূরহইতে তাহাঁকে দেখিয়া বধ করিতে মন্ত্রশা করিল, কিন্তু কবেণ তাহা খনিয়া जाशामित रसरहें उरानक कि तका करेगार्थ कहिन, রক্তপাত না করিয়া উহাকে প্রান্তরে এক গর্ভের মধ্যে ফেলিয়া দেও। অতএব তাছারা যুষফের গাত্রবন্ত্র অর্থাৎ নানা বর্ণের বন্ত্র কাড়িয়া লইয়া তাহাকে এক গর্ভে কৈ-লিয়া দিল। তৎকালে ইস্মায়েলীয় বণিকেরা দৈবঘটনে সে পথ দিয়া মিসর্ দেশে গমন করিতেছিল। তাহ্মতে যূষকের নিতুর ভাতিগণ সুযোগ পাইয়া **গভিহইতে তা-** ' হাকে তুলিয়া লইয়া ঐ বণিক্দের কাছে বিক্রম করিল। পরে বনিকেরা যৃষুককে মি<mark>সর দেশে লই</mark>য়া গিয়া পোটা ফর নামে ফিরৌণের রক্ষক দেনাপতির নিকটে বিক্রয় করিল। ইতোমধ্যে তাহার ভ্রাতৃগণ যুষফের নানাবর্ণ বস্ত্র লইয়া ছাগ রক্তেতে ডুবাইলে পর আপনার পি-তার নিকটে আনিয়া বঞ্নাতে কহিল, এই রক্ত লিপ্ত বস্তু আমরা প্রান্তরে পাইয়াছি, এই তোমার পুত্রের বস্ত্র বটে কি না, তাহা দেখুন। যাক্ব তৎক্ষণাৎ তাহা চিনিয়া -অনুমান পূর্বেক কহিল, কোন হি প্রুক জন্তু আমার প্রিয় • পুত্রকে থাইয়া ফেলিল, তজ্জুনো সে আপন বস্ত্র ছিড়িয়া এমৎ ব্যাকুল চিত্ত হইল, যৈ সে কোন প্রবোধ মানিল ना। ल मर्पेय प्रिमद्रान्ता शहरप्रश्रद्धत् आगीर्वात्म गृष्ठकः কর্তৃক সমস্ত কর্ম সফল হইল। তাহার কর্ত্তা আপনি

ইহা দেখিয়া অনুগুহ করিয়া আপনার সেবাতে নিযুক্ত 'করিল। এবং আপনার বাটীর অধ্যক্ষ করিয়া তাহার হস্তে দকল সমৃত্তি সমর্পণ করিল। অতএব পোটাফর যুষফকে আপন বাটীর ও সকল সমৃত্তির অধাক্ষ করিলে, মূমফের জন্যে তুদ্বধি দে মিলরীয় ব্যক্তির বাটীর প্রতি পরমেশ্বরের অনুগুহ হওয়াতে বাটীর ও ক্লেত্রের ডাবৎ শঙ্কুদের প্রতি তাহার আশার্ফাদ বর্ত্তিল। তদনন্তর তা-হার পুভুর ভার্যা যুষফেতে আদক্ত হইয়া তাহার সঙ্গে কুর্বাবহার করিতে চাহিল। কিন্তু ঘূষফ অশ্বীকার করিয়া কহিল, দেখ এই বাদীতে আমি যাহা করি প্রভূ তাহার किष्ट्टे अनुमन्नान करतन ना, जिनि आमात रस्त मर्ख्य সমর্পন করিয়াছেন, এই বাটীতে আমার তুলা বড় কেছই নাই তুমি তাহার ভার্যা, এই নিমিত্তে কেবল ভোমাব্যতিরেকে আমার প্রতি কিছুই বারণ নাই, অত-এব কিরূপে এতবড় দুষ্টতা করিয়া ঈশ্বরের গোচরে পাপ করিতে পারি? তজ্জনো দে দুষ্টা স্ত্রী পরমেশ্বরকে ভয় না করিয়াও স্ত্রীধর্মের অমান্য করিয়া আপনার কুবাঞ্চা দিক না হওন পুযুক্ত যুষফকে অতিশয় ঘৃণা করিতে, লাগিল, এবং স্বামির নিকটে তাহার মিখ্যাপ-বাদ দিলে, দে বিরক্ত হইয়া তাহাকে কারাগারে বন্ধ করিয়া রাখিল। কিন্তু সেই কারাগারেও যূষফের প্রতি প্রমেশ্বরের দহায়তা ও কৃপা ইওয়াতে, কারাগার রক্ষক ভাহাকে অনুগুহ করিল, এব ১ কারাগারস্থিত তাবৎ বন্দি লোকের তত্ত্বাবধারণের ভার যূমফের হস্তে দিল। অপর মিনরের রাজার পান পাত্র বাহক ও মদক আপনাদের

পুভুর কাছে অপরাধ করিলে, যে কারাগারে যূষক ছিল, প্রভু সেই স্থানে তাহাদিগকে বন্দী করিয়া রাখিল। তা-হাতে সে দুই জন এক রাত্রিতে দুই প্রকার অর্থ বিশি**য়**েঁ দুই ৰপ্প দেখিল। তজ্জনো মনে ২ ব্যাকুল হইয়াও যূষফের নিকটে গিয়া স্বপ্নের তাৎপর্যা জিজ্ঞানা ককিল। তথন দে পানপাত্র বাহককে কহিল, তিন দিনের মধ্যে ফিরৌণ' ভোমার বিচার করিয়া ভোমাকে পূর্ব্বপদে নিযুক্ত করিবে; এব৭ মদককে কহিল, তিন দিনের মধ্যে ফিরৌণ তোমাকে বৃক্ষের উপরে° উদ্ধনে মারিবে। পরে ঘ্রফের কথানু-সারে সেই ৰূপ ঘটিল। অনন্তর দিতীয় বৎসরের শেষে किरतो। ताजा अक श्रक्ष प्रिथिन, म नीन नमीत कृतन দাঁড়াইয়া থাকিলে নদী হইতে ৭টা হৃষ্ট পুষ্ট সুন্দর গরু উচিয়া চরিতে লাগিল। পরে আর ৭ টা কৃশ কুৎনিউ গরু নদী হইতে উচিয়া ঐ সপ্ত ছফ্ট পুষ্ট গর্ককে গ্রাদ করিল। রাজা এক রাত্রিতে এই দুই স্বপ্ন দেথিয়া অনুমান করিতে লাগিল। ইহা কোন ক্লেশ জনক চিহ্নস্ত্ৰ মণ ইইতে পারে। তজ্জনো তাহার মন উদ্বিগ্ন হইলে লোক পাচাইয়। তাবৎ মায়াবিদিগকে ও জ্ঞানিদিগকে ডাকিল। কিন্তু তাহাদের মধ্যে কেহই ফিরৌনের ম্বপ্পের অভিপ্রায় জানাইতে না পারাতে পানপাত্র বাহক ঘূষফকে মারণ করিয়া যে দকল কারানারে ঘটিল তাহা রাজাকে জানাইল। তথন ফিরৌণ যূষফকে আনিতে লোক পাচাইলে, দে উপস্থিত হইয়া রাজাকে স্বপ্নের অভিপ্রায় জানাইয়া কহিল, দেখ অগ্রে ক্রমাপত সপ্তবৎসর মিসর দেশে অতিশয় সুভিক্ষ হইবে, পশ্চাৎ সপ্ত বৎসর অভিশয় দুর্ভিক্ষ হইবে, অভএব এই

কর্মা করুন, যে সপ্ত বৎসর সুভিক্ষ হইবে সেই উত্তম বৎস-রৈর শদ্যাদি দংগুছ করিয়া রক্ষা করুন, এইরূপে ভাবি-দুঁর্ভিক্লের সপ্তবংশীরে ভক্ষাদুবা সঞ্চিত থাকিলে দুর্ভিক্লেতে দেশের লোক নষ্ট হইবে না। তাহাতে ফিরৌণ সম্ভষ্ট হঁইয়া আপন মন্ত্রিদিগকে কহিল, ইহার তুলা পুরুষ ধাহাতে ইশ্বরের দত্ত বৃদ্ধি আছে এমত আর কাহাকে পাইব? তথন ফিরৌণ যূষফকৈ কহিল, ঈশ্বর তোমাকে এই সকল জ্ঞাত করিয়াছেন, অতএব তোমার তুলা বিবে-চক ও জানী আর কে আছে, আমি তোমাকে আপন গৃহের অধ্যক্ষ কর্মে নিযুক্ত করিলাম, আমার দকল লোক তোমার কথার বশীভূত থাকিবে। তথন যূষফ ফিরৌণের নিকট-হুইতে প্রস্থান করিয়া মিসর দেশের সর্বত্র ভুমণ করিল। পরে দেই সুভিক্ষের সপ্ত বৎসর পৃথিবীতে প্রচ্র রূপে শস্য জন্মিল সে সপ্তিবৎসরে মিসর দেশে জাত সকল শস্য সমুদ্রের বাল্কার নায়ে দংগুহ করিয়া প্রতি নগরে দঞ্জ করিয়া রাখিল। এব॰ যূমফের বাক্যানুদারে দুর্ভিক্ষের দপ্ত বৎসর আরম্ভ হইল, তাহাতে অন্য সমস্ত দেশে দুর্ভিক হটল। পরে সমস্ত মিদর দেশে দুর্ভিক ঘটলে, প্রজাবর্ণ ফিরৌণের নিকটে ভক্ষোর জন্যে প্রার্থনা করিল, তাহাতে দকল মিদরীয়দিগকে কহিল, তোমরা যূষফের নিকটে যাও, দে যাহ। কহে তাহাই কর, এবং দেশের তাবৎ স্থানে অতি প্রবল দুভিক্ষ হইলে, ঘূষক . সকল স্থানের গোলা খুলিয়া মিসরীয়দিগকে শস্য বিক্ষ করিতে লাগিল। এবং নানা দেশীয় লোকেরা ফিদর দেশে ঘূষফের নিকটে শদ্য ক্রয় ক্রিতে আইল। অপর

মিদর দেশে শদ্য আছে, এই কথা ত্তনিয়া যাকৃব আপন্ দশ জন পুত্রকে শদ্য ক্র করিতে প্রেরণ করিল। কিন্তু याक्व वृष्ठकंत्र नेट्रावत विनयाभीनत्क ज्ञान्तर्वतं नत्त्र পাঁচাইল না,কেননা নে কহিল,পাছে ইহার কোন বিপদ্ ঘটে। তদনন্তর ব্যক্ত আপনার ভাতৃদিগুকে দেখিয়া চিনিল, কিন্তু তাহাদের কাছে অপরিচিতের ন্যায় ব্যবহার করিয়া নিষ্ঠুর কথাতে সে কহিল, ভোরা চোর, কিন্তু তা-হারা কহিল তাহা নয়, আপনকার এই দাদেরা কৈনান দেশহইতে শদাঁ কিনিতে আদিয়াছে। তাহাতে যুষফ উত্তর করিল, তোদের এঁক জনকে পাচাইয়া আপন ভুাতা বিন্যামীনকে আন, নচেৎ তোমাদিগকে তাহার আগমন পর্যান্ত বন্ধ থাকিতৈ হইবে। পরে তোদের কথা সত্য বটে কি না তাহা পরীক্ষা করিলেই, জানা যাইবে। তদনন্তর যুষফের ভ্রাতৃগণ অতিশয় মনো-দুঃথী হইয়া ও বিবেচনা করিয়া কহিল, যে নিচ্রাচরণ আমরা যুষক্ষের প্রতি করিলাম, তাহার এই প্রতিফল ইশ্বর দিলেন, আরে। পরস্লর কহিল, আমরা আপনার ভাতার বিষয়ে নিশ্চয় অপরাধী আছি, কেননা আমাদের কাছে দে কাক্তি করিলে, আমরা তাহার মনের ব্যাকুলতা দেখিয়াও তাহার কথা তানিলাম না; এই নিমিত্তে আমাদের এই বিপদ্ ঘটিল। তথন রবেণ তাহা-দিগতে কহিল, তোমরা এ যুবার পক্ষে পাপ করিও না, এই কথা আমি কি ভোমাদিগকে কহি নাই, তথাপি তোম-রা তাহা মানিলা না, কিন্তু এখন তাহার রক্তের পরিশোধ লওয়া। বাইতেছে। কিন্তু যুষক যে তাহাদের কথোপ-

ক্থন বুকিল ইহা তাহারা জানিতে পারিল না, কেননা যুষক দিবিধভাষিব্যক্তিদারা তাহাদের সহিত কথা कहिने। शद्र यूषक प्रतित (वनना महिए ना शाहिया ত্রীহার নিকটহইতে স্থানান্তরে গিয়া রোদন করিতে লাঁগিল। কিন্তু, পুনশ্চ আদিয়া তাহাদের সঙ্গে কথো-পকথন করিয়া কহিল, ভোমরা বর্ণ যাও, কিন্তু কেবল मिमिरसान वक इंडेसा शांकिर्दा। शरत पृथक जादारमङ ছালা শদাপুর্ন করিয়া প্রত্যেক জনের ছালায় টাকা ফিরিয়া দিতে গোপনে আজা দিল পিরে তাহার ভ্রাতৃগণ স্বগৃহে উত্তরিয়া যাকৃব্কে সকল বৃত্তান্ত জানা-ইয়া কহিল, আমরা বিনয়ামীনকে মিসরদেশে লইয়া যাইতে প্রতিজ্ঞা করিয়া *আদিয়াছি, অতএব তাহাকে দেখানে যাইতে হইবেক; কেননা বিনয়ামীন যেপৰ্যান্ত মিসরদেশে না যাইবে, সেই পর্য্যন্ত শিমিয়োন তথায় বন্ধ থাকিবে। বৃদ্ধ যাকূব এই কথা শুনিয়া এবং তাহার প্রিয় কনিগ পুলের সহিত পৃথক্ভাব সহিতে অসমর্থ ছইয়। ব্যাকুলচিত্তে কহিল। দেথ, যূষফ নাই ও সিমি-য়োন নাই, আরবার বিনয়ামীনকেও লইয়া যাইতে চাহিতেছ, এই দকলি কেবল আমার বিরুদ্ধে হইতেছে। আমার পুত্র তোমাদের দঙ্গে যাইবে না কেননা তা-হার সহোদরের মরণেতে দে একাকী জীবিত আছে, তোমরা যে পথে যাইতেছ তাহাতে যদি ইহার কোন আপদ্ ঘটে, তবে শোকেতে দে এই পাকাচুলে আমাকে পরলোকে পাচাইবা। অপর দেশে অতিশয় দুর্ভিক্ষ থা-কিলৈ পাছে তাহার পরিবার নকলের অনাহারে মরণ

হ্র, এই জন্যে থাক্র অবশেষে বিনয়ামীনকে মিনুরদেশে পাচাইতে স্বীকার করিল। মিদরদেশে উত্তরিয়া তাহার যুষকের দাক্ষাতে দাঁড়াইল। যুষক তাহার ভাতৃবর্গকে" দেথিয়া জিজ্ঞাসা করিল, তোমাদের বুদ্ধ পিতা ভাল আছেন, সে কি অদ্যাপি জীবিত আছে? তাহারা কহিল আমাদের পিতা অদ্যাপি জীবিত থাকিয়া ভাল আছে। তথন যূষক আপন নহোদর বিনয়ামানকে দেখিয়া কহিল, হে বৎস ঈশ্বর তোমাকে অনুগুছ করুন; এবং তাহাদের ভেৰজনের সময়ে বিনয়ামীনকে অনা ২ ভাতা অপেক্ষা পাঁচপ্তন অধিক আহার দিতে আজ্ঞা করিল, শেনা সে মনস্থ করিল, তাহারা আমার নানাবর্ণের বস্ত্র দেথিয়া আমাকে যেরূপে ইর্যা করিল, দেইরূপ বিনয়ামীনের পাঁচগুণ অধিক আহার দেখিয়া তাহা-কেও দেষ করে কি না, তাহা এখন দেখা ঘাইবে। পর দিবদে যৃষফের ভ্রাতৃগণ শদ্য লইয়া স্বদেশে যাত্রা করিল। কিন্তু যূষকের আজ্ঞানুসারে বিনয়ামীনের ছা লাতে তাহার রৌপ্য পানপাত্র রাথা গিয়াছিল। অন-ন্তর তাহারা বিশুর দূরে না যাইতেই যূষকের গৃহাধ্যক তাহাদের পশ্চাৎ দৌড়িয়া গিয়া তাহাদিগকে ধরিয়া রুহিল। তোমরা আমার প্রভুর রৌপ্য পানপাত কি জন্যে চুরি করিয়াছ? ইহা কহিয়া অন্বেষণ করিতে ২ দেই পানপাত বিনয়ামীনের ছালাতে পাইল। পরে দেই পানপাত প্রাপ্ত হওয়াতে, তাহারা ঘূষফের নিকটে ফিরিয়া গিয়া তাহার অণ্রে দণ্ডবৎ হইয়া কহিল। আমরা প্রভুর নিকটে কি উত্তর দিব, ও কি কথা কছিব,

ও কিরপে বা আপনাদিগকে নির্দোষ করিব ? ঈশ্বর তোমার দাসদের পুষ্টতা প্রকাশ করিরাছেন, দেখ আমরা, ও 'য়াহার কাছে ৰূপার বাটী পাওয়া গিয়াছে দেএই সক-রে প্রভুর দান হইলাম। বিনয়ামীনের প্রতি তাহাদের কেমন বেহ তাহা বিলক্ষণরূপে জানিবার নিমিত্তে যূষফ কহিল, এমন কর্ম আমাহইতে না হউক, যাহার কাছে বাটী পাওয়া গিয়াছে সে আমার দাস হইবে, কিন্তু তোমরা কুশলে পিতার নিকটে যাও। পরে যিহুদা নিকটে আদিয়া সুশ্লাব্য প্রিয় প্রস্তাব দারা ভাবজনক উচ্চা-রণে যুষফকে দকল বৃত্তান্ত জানাইয়া কহিল। দেখ যদি আমাদের পিতার অতি প্রিয় কনিষ্ঠ পুত্র বিনয়ামীন পাওয়া না যায়, তবে শোকেতে পাকাচুলে আমাদের সে পিত। প্রলোকে গমন করিবে। অতএব নিবেদন করি এই যুবার পরিবর্ত্তে প্রভুর নিকটে আমি দাস হইয়া থাকি, কিন্তু এই যুবাকে ভ্রাতাদের সহিত বিদায় করুন। বোধ হয় এমত আশ্চর্যা দৃঢ় ভ্রাতৃপ্রেম জগতে কথনও পাওয়া হায় নাই। পারে যুষফ আর ধৈর্যাবলম্বন করিতে না পারিয়া আপন ভ্রাতাদের গোচরে আগু বৃত্তান্ত প্রচার-পুর্ত্তক ক্লিষ্টবাক্যেতে কহিল, ভোমরা যাহাকে মিলর-দেশগামিদের কাছে বিক্রয় করিয়াছিলা, তোমাদের দেই ভ্রাতা আমি। কিন্তু এখন আপনাদের প্রতি বিরক্ত হইও না, কেননা প্রাণ রক্ষার্থে ঈশ্বর অনুগ্রহ ক্রিয়া তোমাদের •অণ্রে আমাকে পাচাইয়াছেন, পরে যুষফ আপন ভুজা বিনয়ামীনের গলা ধরিয়া রোদন করিল, এবং অন্য ভাতাদিগকেও চুম্বন করিল, তথন তাহার

ত্রীভূগণ তাহার দঙ্গে আলাপ করিতে লাগিল। তথান **যুষফ আপন ভ্রাত্রণকে শকট ও বহুমূল্য উপটোকন্শ** দিয়া মিসরদেশে তাহার পিতা ইদ্যায়েলকে দপরিবারে আনিছে প্রেরণ করিল, কিন্তু সেই সাধুব্যক্তি পরমেশ্রের মৰোর্থ না জানিয়া এবং তাহার আশীকাদি না পাইয়া এম ভারিকর্ম করিতে প্রবৃত্ত হঁইল না। অত-· এব দে পরমেশবের উদ্দেশে বলিক্লান উৎসর্গ করিলে, পরমেশ্বর কহিলেন, মিসরদেশে যাতা করিতে কোন সন্দেহ নাই, কেননা সে স্থানে তোমার বংশ অতিশয় বৃদ্ধি পাইবে। আর উপযুক্ত সময় হইছেন, সেই বংশ নির্দিষ্ট কৈনানদেশ অধিকার করিবে, যাকৃব এই কথাতে সম্ভট হইয়া আপন প্রিয়পুত্রকে দেখিতে যাতা করিল। মূষক পথি মধ্যে আপন পিতার দর্শন পাইয়া তাহার গলা ধরিয়া রোদন করিল, অপার ফি-রৌণ রাজার নিকটে লইয়া গেলে, রাজাজ্ঞানুসারে রাজসভাহইতে কিঞ্ছিদ্রে যে গোদনদেশ ছিল, তাহা-তে দে দপরিবারে বদতি করিয়া মেষ্ট্রীলকের কর্ম করিতে লাগিলে সেই স্থানে মিদরীয় দেবপুজকহইতে পৃথক হইয়া তাহারা আনন্দে কালযাপন করিতে লাগিল। তদনন্তর ইদ্যায়েল তাহার প্রিয়পুত্র যূষফের শহিত ১৭ বংসর বাস করিয়া পাড়িত হইল, তাহার মৃত্যুকাল সন্নিকট হইলে, সে আপন পুত্ৰকে ডাকিয়া পরমেশ্বর যে তাহার বংশকে কৈনান দেশ দিতে স্বীকার করিয়াছেন, তাহা জানাইয়া বলিল, আমার মৃতদেহ नहेश आमात পिতृপুद्धव অবাহম ও ইन्ছাকের নিকটে

কবর দেও। তৎপরে তাহার পুত্রগণকে ডাকিয়া আশী-র্ঘাদ করিল; কিন্তু শ্বিনুদাকে ডাকিয়া বিশেষৰূপে আশা-' বিলে করিয়া কহিল। তোমার বংশহইতে পুভুর অভি-ষিক্ত ষাহাতে জগতের লোক দকল দাভ্না পাইবে, এমত এক ব্যক্তি উৎপন্ন হইবে। আরো কহিল,হে যিহুদা 'তোমার, ভাুত্নন তোমাকে প্রশৎদা করিবে, যদবধি শীলোর অর্থাৎ শাস্ত্রনাকারির আগমন না হয় তাবৎ যিহুদাহইতে রাজদণ্ড ও তাহার বংশহইতে বিচারা-ধাক্ষতা যাইবে না, এবং তাহার নিকটে লোকের আগমন হইকে অপর সাকৃব, ইফুয়িম ও মনাদী নামক যূমফের দুই পুত্রকে আপন পোবাপুত্র করিয়া, উত্তমরূপে আশীর্কাদ করিয়া কহিল, তোমরা পরাক্রমশালী বং-শের বীজপুরুষ হইলে, তোমাদের বংশ কৈনান দেশে স্বং অংশ ভোগ করিবে। এইক্লপে যাকূব আপন পুত্রগণকে আশীর্কাদ করিয়া প্রাণত্যাগ করিল। এবৎ তাহার মরণাত্তে তাহার পূর্বোক্ত বাক্যানুসারে কৈনান দেশে তাহার কবর হইল। তদনন্তর যূষফ আপন পি-তার অন্তোকিকিয়া সমাপন করিয়া মিলরদেশে ফিরিয়া গেল। এব° সেথানে বহুকাল পর্যন্ত উচিত্রপে কাল বাপন করিয়া প্রাণত্যাগ করিল। এই ৭ মরণকালে তা-হার ভাত্রণণকে আপন নিকট ডাকিয়া কহিল, এই স্থানহইতে কৈনান দেশে যাওন সময়ে তোমরা আমার श्रम् नहस्र गाइवा।

যীর্ত্ত পুরের পুরের ১৬৩৬ বৎসর।.

म्या ।

आयृत्वत वृक्तात । चीत्र शुक्तित ज्ञास शृत्यं ১৫৫० तथमुहु।

তৎকালে আরাব দেশে উষ নামক এক স্থানে আঘূব নামে দরল ও অকুটিল ও ঈশ্বর ভয়কারী ও কুক্রিয়া ত্যাগী এক জন ছিল। তাহার সাত পুত্র ও তিন কন্যা জন্মিল, ও আহার অনেক ২ পণ্ডপাল ছিল। ঐ আঘূর 🐃পনার পরিবারদিগকে ঈশ্বরের প্রতি ভক্তি ও সুআচরণ •ও পরস্পর প্রেম করণার্থে সুশিক্ষা দিত। কিন্তু শয়্তান ঈশ্বরের প্রতি যে আয়ূবের ভক্তি জাহা নষ্ট করণার্থে দর্মশক্তিমান্ পরমেশ্বরের নিকটে গিয়া এই প্রার্থনা করিল। আয়ূবের ধন সম্পৃত্তি সকল হরণ করিতে আজ্ঞ। করুন, তাহাতে আয়ূব দুর্ন্ত হইলে হচাৎ পরমেশ্বরের নিদ্দা করিবে, ইহা আপনি জানিকেন। কিন্তু ষদাদের দৃঢ় ভক্তি ও দর্লতা জানিয়া এবং যে জন ঈশ্বরেতে অনুগত হয়, তাহার প্রতি শয়তানের ঈর্য্যা অনুচিত, ও নিরর্থক, তাহাই প্রকাশ করনপূর্বকে শয়তা-নের গর্ক্ত থর্কে করিবার নিমিত্তে তাহাকে তাহার ইচ্ছানু-সারে অুনুমুতি দিলেন। শয়তান এই আজ্ঞা পাইয়া আয়ূবকে বহুক্লেশ দিতে লাগিল, তজ্জন্যে অনুচরেরা পুনঃপুনঃ নানা স্থানহইতে আয়ূবের দুর্ঘটনার বিষয়ে সন্থাদ দিয়া কহিল। শত্রুগণ আবিয়া তোমার ধন সম্লুত্তি দকল হরণ করিয়াছে, 😮 তোমাব পঞ্পাল দকল বজাঘাতে নইট হইয়াছে, ও তোমার দাসদাসী সকল মরিয়া গিয়াছে, এব ে যে গৃহেতে তোমার পুত্র কন্যারণ

একজ হইয়া ভোজন করিত, দে গৃহের পতনে তাহারাও ৰকল নউ-হইয়াছে। তথন আয়ুব উচিয়া বস্ত্র ছিঁড়িয়া ও মন্ত্রপূর্বক ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া কহিল, আমি মাতার গ্রহিইতে উলঙ্গ আদিয়াছি, ও উলঙ্গ মৃত্তিকাতে মিশ্রিত হইব ; পরমেশ্বর দিয়াছেন, এবং পর্মেশ্বর লইয়াছেন, পর্মেশ্বরের নাম ধন্য হউক। এই সকলেতেও আয়ুব পাপ করিল না, এবং ঈখরের প্রতি দোষার্পণ করিল না। অতএব শুয়তান মান্ত্র করিল, যে আপদে আয়ূবের ধৈর্য্য নষ্ট হইবে ; কিন্তু তাহা না হইক্লে, দে আপদের দারাতাহার দৃঢ়ভক্তি ঈশবের প্রতি আরে। প্রকাশিত হইল। পরে দে হিৎদুক পাপাত্মা ইছাতে নিরস্ত না হইয়া আয়ূবের শরীরে যন্ত্রণা দিতে পুরমেশরের নিকটে অনুমতি প্রার্থনা করিল। শয়তান অৰুমতি পাইয়া আয়ূবের আপাদমস্তক পর্যান্ত মহাজালা-কারি বিস্ফোটক জন্মাইল। এইরপ দুরবস্থাতে আয়ূব ধৈর্য্যাবলম্বন করিয়া ও গোময়ের উপর বদিয়া রহিল, এবং তাহার ক্রাভর্মনা করিতে ২ সে সহিষ্ণুতা করিয়া কহিল। আমরা ঈখরের হস্তহইতে কি ক্কলি মসল গুহণ করিব, কিছু অমঙ্গল গুহণ করিব না, কিছু এুই দকল পরীক্ষাও যন্ত্রণার মধ্যে আয়ুবের ভক্তি ও ধৈর্যা আরো বৃদ্ধি পাইল। পরে আয়ূবের তিন জন বন্ধু সাম্বনা করিতে ভাহার নিকটে আইল, কিন্তু তাহার দুর্দশা দেখিয়া চিন্তা করিতে লাগিল, এই ব্যক্তি কাল্পনিক হইয়া গোপনে কোন কুকর্ম করিয়া থাকিবে, তজ্জন্য তাহার এই ক্লেশ জিখিল ৷ আয়ূব এই সকল কথা ওনিয়া অতিশয় মনোদুংথী

रहेन, किन्तु आंशनांव महन्छा ও मर्नाठवन विवक्तन **क्र**भ जानिया मूःश मातरत मधे इहेलि ७, वाबेल्स्ड वनिर्लं লাগিল। দেখ ঈশ্বর যাহাকে অনুযোগ করেন দেই জন धना, এবং মানুষের আযু অতি অল্প ও মৃত্যুর পরে দে সজীব হইয়াপুনরুখান করিবে; আযূব এই সকল সুখজ-নক উপদেশ জানিয়া তাহার অতিশয় ক্লেশ সহ্য করিতে দক্ষম ছিল। তাহার পর আয়ূব কহিল, কবরেতে দুইট গণক্লেশ' দেয় না, ও আন্তেরা বিশাম পায় ও বন্দিগণ নিরাপদে থাকে, ও উপদুবির রব আর খনে না, এবং মহৎ কি কুদু সকলেই দেখানে থাকে, ও দাস প্রভূ হইতে মুক্ত থাকে। আরো কহিল,আমার মুক্তিদাতা অম্র হন, এব শেষ দিনৈ পৃথিবীতে দাঁড়াইবেন, ইহা আমি জানি, যদ্যপি আমার চর্ম গেলে আমার মাঃ দ কর পায়, তথাচ আমি শরীর বিশিষ্ট হইয়া ঈশ্বকে দর্শন করিব। কিন্তু তাহার বন্ধুগণ তাহার বিখাস ও পুণ্য নির্থক করিতে চাহিলে, আয়্ব আপনার নির্দোষতা প্রকাশ করণার্থে পরমেখরের নিকটে প্রার্থনা করিয়া কহিল, যে গত মালে ঈশ্বর আমাকে রক্ষা করিতেন, তৎকালে আমার যে২ রূপ অবস্থা ছিল, তাহা যদ্ধি এথন ঘটিত! তথন তাঁহার প্রদীপদারা আমার মন্ত্রক দীপ্তি-মান্ছিল। এব° তাঁহার আলোকদারা অন্ধকারের পথ· দিয়া গমন করিতাম, তৎকালে আমি উত্তম অবস্থাতে ছিলাম, ঈশবের অনুগুছ আমার বাদ ছানে অবস্থিতি করিত, এবং সর্বশক্তিমান আমার নিকটে 🗫লেন, ও আমার , সন্তানগণ আমার চত্তদিগৈ ছিল। ও কর্ণ

আমার কথা খনিয়া আশীর্কাদ করিত, ও চকুঃ আমার পুতি দৃষ্টি করিয়া প্রশৎসা করিত,কারণ আমি চীৎকার-কারী দীনহীন ও পিতৃহীন ও উপকার হীনদিগকে উদ্ধার করিতাম; তাহাতে মুমূর্র আশীর্বাদ আমাতে ঘটিও, আমি বিধ্বাকে মনের আনন্দ্রনক গান করাইতাম, আমি ধর্ম পরিধান করিতাম, ও তাহা আমার বস্ত্র স্বৰূপ ছিল, এবং না । করণ আমার রাজ বস্ত্র ও উষ্ণীয় স্বৰূপ ছিল, আমি অন্ধদের চক্ষুঃ ও গ্রন্ধদের চরণস্বরূপ ওঁ দরিদু-গণের পিতাস্বরূপ ছিলাম,এব° যাহার বিলার নাজানিতাম তাহার অনুসন্ধান করিতাম,এবং দুষ্টদের কদের দন্ত ভগ্ন করিয়া কদের দন্তের মধাহইতে হাত বস্তু দকল উদ্ধার করিতাম। আমি আপনার চক্কুর দহিত নিয়ম করিয়াছি, অতএব যুবতীর প্রতি কামভাবে দৃষ্টি কেন করিব? পাপি লোকেয় কি বিনাশ হইবে না, ও দুষ্কুত লোকদের কি ভয়া-नक भाछि इरेदि ना, ও তিনি कि आप्रांत गठि प्रत्थन ना? ও আমার পাদ বিক্ষেপ গণনা করেন না? আমি যুদি লয়-টতাচরণ করিয়া থাকি, ও আমার চরণ মিথ্যা ক্রনামী হইয়া থাকে, আমি যদি বিপথে চলিয়া থাকি, ও আমার অন্তঃকরণ যদি আপন চকুর অভিলাষ পূর্ণ করিয়া থাকে, -ও আমার হস্তে যদি কোন কলঙ্ক লাগিয়া থাকে, তবে আমি বুনিলে, অন্যে ভোগ করুক, ও আমাহইতে যাহা উৎপন্ত্র, তাহা বিনষ্ট হউক। এব॰ আমার মন যদি কর্মনো পর্ক্তাতে আদক্ত 'হইয়া থাকে, ও প্রতিবাদির , দারের শনিকটে যদি 'আমি লুকাইয়া থাকি, তবে আমার ন্ত্রী অন্যের জন্যে হাঁতা পেষণ করুক, ওঃঅন্য লোক

তাহাকে ভোগ করুক। কেননা এ অতি বড় অপরাধ ও বিচারকর্তাদের কাছে দণ্ডনীয় দোষ। আমার দাস কি मानी आमान कंतिरल, आपि यमि जोशामद विठात করিতে তাচ্চলা করিয়া খাকি, তবে ঈশ্বর উচিলে আমি কি করিব ? এবং তিনি তত্ত্ব করিলে কি উত্তর দিব ? যিনি গর্ভের মধ্যে আক্লার সৃষ্টি করিয়াছেন, তিনিই কি তাহা-(मंत्र मृधि करतन नाइ ? उ वंक इयत कि आमािमिशितक গর্ভে সৃষ্টি করেন নাই? আমি যদি দরিদুদের প্রার্থিত বস্তুর বাধক ইইয়া থাকি, 🛡 বিধবাদের মনোবাঞ্চা সিকি না করিয়া থাকি, ও আমার থাদ্য যদি একা থাইয়া থাকি, এবং পিতৃহীন লোক যদি তাহার কিছু খাইতে না পাইয়া থাঁকে, বরঞ দে বাল্য কালাবধি পিতার নিকটের ন্যায় আমার নিকটে প্রতিপালিত হইত, এবং আমি মাতৃগন্তহিইতে ভূমিও হওনাবধি বিধবাদিগকে প্রতিপালন করিয়াছি। আমি যদি বস্ত্রাভাবে কাহাকে মরিতে দেখিয়া থাকি,ওদীনহীনকে উলঙ্গ দেখিলে তাহার किंदिम यि आमार्कि आमीर्खाम ना कविया थारक, ও আমার মেষের লোমেতে উত্তি না হইয়া থাকে, এবং বিচার স্থানে আপন পরাক্রম জানিয়া যদি 🗯 ভৃহীনের বিপরীতে হাত তুলিয়া থাকি; তবে আমার স্কন্ধের অস্থি ভগ্রউক, ও স্করের সন্ধিহইতে হস্ত এসিয়া পড়ক তাহা হইলে আমার প্রতি ঈশ্বরের শান্তি অতি ভূঁয়ানক হইত, তাঁহার শাসন আমি সহা করিতে পারিতাম না। আমি ফদি স্বর্ণে প্রত্যাশী করিয়া থাকি, ও তুমি আমার, আত্রাই এমত কথা বদি সুবর্ণকে বলিয়া থাকি, এবং

আমার অভিশয় সমুদ্ ও বহুসমূদি হইয়াছে, ও আমি यमि मिव मिवीं शृका कितिया थाकि; उत्व ध विठातकाती কর্তৃক আমার দণ্ডনীয় অপরাধ হইত, এবং দ্যোপরিস্থ ইশ্বরকে অস্বীকার করিতাম। আমি শতুর বিপদেঁ কি সম্ভট হইয়া খাকি? ও তাহার দুর্ঘটনাতে আনন্দিত হইয়া থাকি বরঞ্ভাহার প্রাণকে 🦏প দিতে ইচ্ছা করিয়া আপন মুখকে পাপ করিতে দিলাম না, কিন্তু विष्मिशि लोक यन शिथ मधी ना थाक, शिकष्मत জন্যে আমি আপন দা মুক্ত রাথিতাম, আমার ভূমি যদি আমার প্রতিকুলে চাৎকার করে ও তাঁহার দামন্ত যদি ক্রন্দন করে, ও আমি যদি বিনা বেতনে তাহার কল ভোগ করিয়া থাকি, কিম্বা তাহার চাঁদকারির প্রাণ হরণ করিয়া থাকি; তবে আমার গোমের স্থানে কণ্টক ও যবের স্থানে বিষর্ক উৎপন্ন হউক। আয়ুবের প্রসঙ্গ সমস্তি।

পরে য়িলহুনামে এক জন যুবা পুরুষ দেই স্থানে তাহাদের প্রশ্ন শুনিয়া শিষ্টতা ও গান্তার্যা পুরুক তাহাদের মধ্যে বসিল, এবং অন্য বিরোধকারিদিগকে বিনা করেনে আয়ুবকে অপরাধি করিতে দেখিয়া তাহাদিগকে অনুযোগ করিল, এবং আয়ুবকে আপনার মিখ্যা দোষ মোচনার্থে ইশ্বরের ন্যায়তা, ও দ্যার প্রতি দোষারোপ করিয়াছিল, এই জন্যে সে তাহাকে তিরস্কার করিল। ইতি মধ্যে পরমেশ্বর আপনি এক স্থ্রিয়াই ইতে শ্বীয় অচিন্তনীয় প্রতাপ ও মহিমা ও পরিত্রতা প্রকাশ করিয়া আয়ুবকে অহ্বার করিতে

নিষেধ করিলেন, তাহাতে আযূব আপনার পাপ দকল श्रीकात कतिया शतरमधातत निकार अधम अ नमुमीन হইয়া আপনাকে মহা অপরাধী জ্ঞান করিল। তদনন্তর পরমেশ্বর আয়ূবকে নির্দোষী করিয়া এঁব ে বন্ধুদিগের মিথ্যাপবাদের দণ্ড করিয়া আয়ূবকে অজ্ঞা দিলেন, এথন তোমার বন্ধুদিণের অপরাধ মার্জ্জনা করণার্থে বলি উৎ-দর্গ কর। আমূবকে দুঃথ দিবার জন্যে পরমেখির শয়তা-নকে যে সকল অনুমতি দিয়াছিলেন, সেই সকল অনুম্ৰি অনুসারে আর্থার নিষেধ করিলেন, এব আয়ূবকে পূর্ব্ধ অপেক্ষা দুইগুণ সম্ভূম ও ধনসম্পত্তি ইত্যাদি দিলেন। পরে আয়ুবের দাত পুত্র তিন কনা৷ পুনরায় জন্মিলে, পর-মেখর তাহার জীবনের শেষ ভাগকে পূর্ব্তাপেক্ষা অধিক আশীর্কাদ করিলেন, আয়ূব তাহার পর ১৪০ বংদর পর্যন্ত বাঁচিয়া পৌত্র ও প্রপৌত্র চারি পুরুষ পর্যান্ত দে-থিয়া অতিশয় বৃদ্ধাবস্থাতে সাম্বনাযুক্ত হইয়া পরলোকে গমন করিল :

একাদশ।

ি মিসরদেশে মূসার বিরুণ।

নুষকের মৃত্যুর ষাইট বৎসর পরে মিসুয়ির রাজ্যে সকন বিষয়ে নুতন রাজনিয়ম স্থাপন হইল। সুষকের উল্লম, অধি-কার ফল ও যাশ অজ্ঞাত এমত এক জন রাজা কিরৌনের রাজসিশংহাসন প্রাপ্ত হইয়া ইসুয়েল লোককে রক্ষানা করিয়া ভাহাদিগকে নিগুহ পুষ্ঠক নইট করিতে চৈটা

করিল। ইস্থায়েল লোকদের বংশবৃদ্ধি ও বিক্রমের উন্নতি দৈথিয়া, রাজা ঈর্ষ্যা ভাবে তাহাদের প্রতি কুব্যবহার করত, তাহাদের উপরে গুরুতর ভার স্থাপন করিয়া, ভাহাদের নবকুমার জন্মিনামাত্রে সংহার করিতে আজ্ঞা করিল। তৎকালে লেবীবংশে মূসা জন্মিল; ও তাহার মাতা দে বালককে এক পেটরার মধ্যে রাথিয়া নাল नमीत ज़ोर्नं इनवरान (फलिया मिल। किश्विष्काल পरि हेम्तर होता कि রৌণ রাজার কুমারী সেস্থানে আসিয়া ঐ পেটরা থূলিয়া সেই সুন্দর বালককে দেখা পাইল। এবং দেই বালক রোদন করিলে, রাজকুমারী দ্যান্বিতা হইয়া তাহাকে রক্ষা করিতে মনস্ত করিল, তজ্জন্যে বাল-কের নিজ মাতাকে ডাকিয়া কহিল, তুমি ঐ বালককে লইয়া দুগ্ধ পান করাও, দে আমার পোদ্য পুত্র হইবে। ৪০ বৎসর পর্যান্ত মূদা ফ্লিরৌন রাজার দৌহিত্ররূপে প্রতিপালিত হইয়া, ও মিদুীয়দের নীতি শাস্ত্র বিদ্যাদি শিক্ষা করিয়া কার্য্যেতে ও বাক্যেতে অতি নিপুণ হইল। এক দিনে এক জন মিসূীয় মূসার ভ্রাতৃগণের মধ্যে একজন ইব্রাকে প্রহার করিতেছে, ইহা দেখিয়া, সে অতি ক্রোপ়ে ভাহাকে আঘাত করিল, ভাহাতে মিদ্রীয় প্রাণ ত্যার করি-ল। পরে ফিরৌণ এই বিষয় জ্ঞাত হইয়া মূসাকে ধরিয়া সংহার করিতে অতিশয় চেষ্টা করিল। তজ্জন্যে মূসা মিদী-য়ন দেশে পলায়ন করিল। সৈ দেশের যাজকের কনী। সিপ্পোরাকৈ বিবাহ করিল। এব॰ মেষপালকের কর্মে-, তেনিযুক্ত হইয়া সন্তোস রূপে সেথানে ৪০ বৎসর প্রয়ন্ত त्रहिलं। घोष श्रीरक्टेत जत्मत शृत्व ১৫৩১ त्रकत्। .

গীপ্ত খ্রীষ্টের জন্মের পুর্ব্বে ১৪৯১ বৎসর।

অনন্তর মূসা এক দিনে হোরেব ও সীনয়ের অরণ্যেতে পশুপাল চরাইতে গিয়াছিল, এব ্ সেথানে অতি প্রছ-লিত কোপ দেখিজন, সেই কোপের মধ্ছইতে দৈববাণী নিৰ্গত ইইয়া তাহাকে জানাইল, আমি মিদরে শ্বিত আপন লোকদের অত্যন্ত ক্লেশ দেখিলাম, ও তাহাদের রোদন গুনিলাম, অতএব আমার লোককে মিদুীয়দের দাসত্ত্তীতে রুশলে মুক্ত করিতে ও এক উত্তম অঙ্গীকৃত দেশে লইয়া যাইতে তোমাকে নিযুক্ত করিলাম। মূদা-শিষ্ট হট্য়া আপনার অক্ষমতা ও দুর্ফলিতা স্বীকার পূর্কাক, এই গুরুতার কর্মোর ভার লইতে সাহস করিতে পারিল না, কিন্তু পরমেশ্বর তাহাকে আজ্ঞা.করিলে, সে যেথাের নিকটে বিদায় লইয়া মিদর দেশে ফিরিয়া ণোল। তৎপরে তাহার সহোদর ভাই হারোণকে সঞ্জে লইয়া ফিরৌণ রাজার নিকটে উপস্থিত হইয়া কহিল; वेश्वरत्त উদেশে विन उँ०मर्श कतिवात जता हेमु। एउन বংশকে অর্ণ্যের মধ্যে, যাইতে আক্তা করুন। ফিরৌণ অহস্কারপূর্বেক তাহাদের কথা না শুনিয়া ঈশবেরে প্রতি নিকা করিয়া ইদ্যায়েল বংশকে আরো দৃঢ়রূপে দুঃশ দিতে লাগিল। তথন প্রমেশ্বর কহিলেন, যেন তাঁবৎ জাতীয় লোকের মধ্যে আমার মহিমা প্রকাশ পায়, তজ্জনো অহস্কারী ও দেবপুরীক মিদ্রীয় লোককে প্রহার করণ পূর্ব্বক, আমি নিজ লোক ই দ্বায়েলকে তাহাদের হস্তহাতে উদ্ধার করিব, এবং অব্যাহম ও ইস্হশক ও

যাক্বের প্রতি আমার যে প্রতিক্রা তদনুসারে নিজলোক अनु । রেলকে কৈনান দেশে আনিব। ফিরৌণ রাজার মন 'সরল হইলে, যেন সে ইসায়েল বংশকে ছাড়িয়া দেয় তজ্জন্যে পরমেশ্বর তাহারও মিদুীয়দের প্রতি নান। প্রকার মহামারী প্রেরণ করিলেন। ভাহাতে নীল নদীর 'জল রক্ত হ'ইল, এবং ভেক ও উকুন ও মাঁচী সেই দেশ আচ্ছন কঁরিল। মনুষ্য এবং পশু রোগেতে ও ক্ষত যুক্ত ক্ষোটকের ছালাতে ব্যাকুল হইল। আর ক্ষেত্রেতে প্রাণী ও শস্যাদি যাহা ২ ছিল; তাহ দিলাবৃটি ও বজুাঘাত ও উল্ফাপাত দারা বিনষ্ট হইল। আর শিলা-বৃষ্টিতে অবশিষ্ট যে দকল বৃক্ষ, তাহার পতা অদংখ্য পঙ্গপাল আসিয়া থাইয়া ফেলিল। এবং তিন দিন পর্য্যন্ত অতিশয় ঘোরতর অন্ধকারেতে সমস্ত্রনেশ আর্ত হইল। এই সকল দুর্ঘটনা হইলেও, ফিরৌন রাজার কটিন মন ঈশ্বরের বশীভূত হইল ন!। ভজ্জন্যে প্রমেশ্বর ফিরৌন ও তাহার প্রজার উপরে এতাদৃশ ভয়ন্ধর ও মহামারী প্রেরণ করিতে মনস্ত করিলেন, থে তাহারা ভয় 'পাইয়া ইসায়েল বংশকে ছাড়িয়া দিবে। পরে ইদায়েল বংশের প্রত্যেক পরিবার এক 🕻 নির্দোষ মেস শাবক বলিদান করিতে আদেশ পাইল। এবং প্রম-শ্বর' কহিলেন, সাবধান পূর্বেক তাহার কোন অস্থিনা ভাঙ্গিয়া দ্বারের চৌকাচে রক্তৈর ছিটা দেও। এবং ঐ মেষশাবকের মাৎস তিক্তশাকের সহিত ভোজন করিও তাহার পর ক্রন্ত পর্য্যটকের ন্যায় কটিবদ্ধ করিয়া এবং পাদুকা পরিধান ও যতি গুহুণ পূর্বক প্রাতঃকাল পর্যাত্র

আপন গৃহমধ্যে থাক। কেননা পর্মেশ্বর কছিলেন, অদা রাত্রিতে মিদর দেশের মধ্য দিয়া যাইয়া, মিদর দেশের মনুষ্য ও প্রাথাদির তাবৎ প্রথমজাত সন্তানকে। প্রহার করিব, এব° মিসুীয় তাবৎ দেবের দণ্ড করিব; আমি প্রমেশ্র। অতএব তোমর। ্যেয়ু গৃহে থাক দেই ২ গৃহে ঐ রক্তের চিহ্ন রাথিলে, ৰে সময়ে আমি মিদর দেশের দণ্ড করিব তৎকালে দেই রক্ত দেখিয়া ভোমাদিনকে ত্যান করিয়া ঘাইব, এবপ দেই দণ্ড তোমা-দিগকে নষ্ট করিতে তোমাদের প্রতি ঘটিবে না। অনন্তর প্রমেশ্বর অর্দ্রাত্রি সময়ে সিৎহাসনস্থিত কিরৌণের প্রথমসাত মন্তান অবধি ও কারাগারস্থিত লোকদের পুথমজাত নত্তান পর্যান্ত মিদর দেশস্থিত তাবৎ প্রথম-জাত সন্তানকে ও পত্তদের প্রথমজাত শাবকলগুল বিন্টু করিলেন। তাহাতে ফিরৌণ রাত্তিতে, উচিল, এবং তাহার দাসগণ ও মিদুীয় লোকেরা মিদবেকে মহারোদন করিল, কেননা যে গৃহে এক জন মরে নাই, এমত গৃহই ছিল না। তথান অতিশীয় ভয়রার দূর্ফ টনাতে ফিরৌণ রাজার অন্তঃকরণ নির্মূল হ্টলে, ডিমি রাত্রিকালে মূদাকে ও হারোনকে ডাকিয়া কত্রিলনঃ ভোমরা ইসুায়েলকে সঙ্গে লইরা উচিরা ভোমাবের ইচ্ছানুসারে গমন কর। এবং ইসুায়েল বংশ সাহাতে। শীঘু দেশহইতে যায় মিশুীয়েরা এমত উদ্যোগ করিল. কেননা তাহারা কহিল আমরাও সকলে মৃত্তকর । এই হেতুক স্বৰ্ও রৌপা ও অভরণাদি দিয়া ইসুংয়েল বংশকে স্বরায় বিদায় করিল। পরদিবস প্রত্যুমে মূস:

युष्ठरकत अभि मह्म नहेश। य श्रान्ठरतत प्रधानिश। रैकनान <দশে যাইবার পথ ছিল, সেই প্রান্তরে ভ্রা ও বালক •ছাড়া ইন্যুয়েল বংশের ৪০০০০ লোক লইয়া গেল। মিলরদেশে অব্রাহমের প্রথমবার গমনের পর ৪৩০ বৎসর, ও লে দেশে যাকুবের সপরিবারে বসতি করণ নময়ের ২১৬ বিৎমর পরে, ঐ সকল পূর্বের্যক্ত ঘটনা ঘটিয়াছিল। ফিরৌণ রাজা, মূদা এব॰ ইদ্যায়েল বৎ শকে मिथान याहेल नियाছिल वर्षे, किन्न स्वाकृशियुक्त নহে। ইহাতে সে তাহাদিনের প্রত্যাগমন সময়ের অবিলম্বেই ক্রোধ পূর্ম্বক তাহাদিগকে আক্রমণ করিবার নিমিত্তে পশ্চাদরমনের মনস্থ করিল। একারণ সে ৬০০ রথ ও প্রস্তুত বহুসংখ্যক দৈন্যসামন্ত সঙ্গে লইয়া দুফু দাগরের তীর পর্যান্ত তাহাদের পশ্চাৎ ধারমান হইল। সে সময়ে ইদ্যায়েল্ বংশ ঐ সমুদের তারে পীছহীরোৎ নামক স্থানের নিকটে শিবির স্থাপন করি-তেছিল, কিন্তু তাহার সমাগমে ঐ দুর্দশাগ্রন্ত ইসায়েল বংশীয় লোক নিতান্ত ভাত হইল, কেননা দেই দুরাত্মা রাজা তাহাদিগকে পশ্চান্ডাগ দিয়া আক্রমণ করিতে উপক্রম ক্রাতে, এবং সমুথে সমুদু এবং উভয় পার্শে পর্মত থাকাতে তাহার৷ শঙ্কাপ্রযুক্ত এক কালেই নিরাশ হইল। ইহাতে তাহাদের হিতার্থে কিঞ্ছিকাল পূর্বে পরমেশ্বর যে২ আশ্চর্য্য কার্য্য করিয়াছিলেন, এবং মিসরদৈশহুইতে প্রত্যাণমন কালাবধি কি আশ্চর্যারপে দর্মেক্তিমানু পরমেশ্লর তাহাদিগকে দিবদে মেঘন্তম্ভ 'রাতিতে অগ্রিপ্তমারা রক্ষাকরিয়াছিলেন, তাহা তাহারা

মকলেই বিমৃত হইয়। গেল। তৎপরে তাহার। মূসাকে ষেষ্টন করিয়া তিরস্কার পূর্ব্বেক কহিতে লাগিল। মিসরে• কি কবর ছিল না? তমিমিত্ত কি আমাদিগকে প্রান্তরে ' মারিতে আনিলা? সেই বিপদের কালে মূদার দৃঢ়ভক্তি পরমেশবের প্রতি প্রকাশ পাইল, তাহাদিনের এইরূপ তিরস্কারে মূসা অন্তঃকরণে কিছুমাত্র ক্ষোভ না করিয়া সরলতা ও নমুতা এবং সুবুদ্ধি পূর্বক তাহাদিগকে এই বিষয়ে উত্তর দিলেন, ও.পরমেশ্বর নিজ বাত্বল-দার। তাহাদিলকে রক্ষা করিবেুন, ইহা মূস। নিশ্চয় জানিয়ন ফিরৌন ও তাহার সৈনী সমূহকে দেথিয়াও নিভায়ে ইসায়েল বংশকে কহিলেন, ভোমরা স্থির হইয়া। আমার আজানুসারে কর্ম কর, মিসর দেশীয় লোকের সহিত তোমাদের যুদ্ধ করণের আবশ্যকতা নাই, কেবল স্থির হইয়া তাহাদের সর্ফাশ দেখিতে আরো প্লাইবা। আর কহিল, তোমরা ভয় করিও না স্থির হও। পরমেশ্বর অদ্য তোমাদিগকে কি প্রকারে উন্ধার করেন তাহা দেথ। তোমরা অদ্য উপস্থিত মিদরীয়দিগকে দেখিতেছ বটে; কিন্তু আর কথন দেখিবা না। পরমেশ্বর তোমাদের নিমিত্তে যুদ্ধ করিবেন, তোমরা দ্বির হইয়া থাক। অপুর পর-মেশ্বর মূদাকে কহিলেন, ইদ্যায়েল বংশকে অগ্নুদর হইতে কহ। এবং তুমি আপন যফি লইয়া আপন হস্ত সমৃ-দুের উপরে বিস্তার করিয়া•তাহ। দুই ভাগ কর, তাহাতে हेमुाराल व॰॰ण ममूपुत मधा पिरा छन्न जृतिरा ठलिया যাইবে। এব॰ দেখ আমি মিসরীয়দের অন্তঃকরণ কচিন করিলে, তাহারা তাহাদের পশ্চাৎ২ যাইবে, তাহাতে '

আমি ফিরৌণের ও তাহার সকল সৈন্যের রথের ও
•অস্থারুচ্গণের দ্বারা সন্তুম প্রাপ্ত হইলে পর, আমিই স্থে
পরমেশ্বর ইহা মিনরীয় লোকেরা জ্ঞাত হইবে।

তथन हेनु। एक व॰ भारत रेमना (तु भारतकाति स्थादत দৃত তাহাদের পশ্চাৎ২ আইল, ও মেঘন্ত ভাহাদের · সম্থহইতে যাইয়া তাহাদের পশ্চাৎ দাঁড়াইল**১** সে মেঘ-ষ্টম্বার লোকদের ওইসুায়েল বংশের উভয় শিবি-রের মধ্যে থাকিল। তাহাতে দে তাহাদের প্রতি মেঘ ও অন্ধকার স্বরূপ হইল। কিন্তু রাত্রিতে ইদ্লায়েল বৎশকে আলোক করিল, এই নিমিত্তে সমস্ত রাত্রিতে এক দল অন্য দলের উপরে আসিতে পারিল না। পরে মূদা সমুদ্রের উপরে আপন হস্ত বিস্তার করিলে, পরমেশ্ব সেই তাবৎ রাত্রি পুবল পুর্মীয় বায়ু বহাইয়া সমুদুকে ফিরাইলেন, ও সমৃদুকে শুস্ক করিলেন ভাঁহাতে জল দুই ভাগ হইল। ইহাতে ইসুায়েল বংশ শৃষ্ক পথ দিয়া সমূদুের মধ্যে গেল। এবং তাহাদদর দক্ষিণে ও বামে জল প্রাচীরস্কুরপ হইল। পরে মিসরীয়েরা অর্থাৎ ফিরৌণের তাবৎ অশ্ব ওর্থ এবৎ অশ্বার্ত সকলে ধারমান হইয়া তাহাদের পশ্চাৎ২ সমৃদু মধ্যে প্রবেশ করিল। আর রাত্রির শেষ প্রহরে পরমেশ্বর অথি ও মেঘস্কয়ের মধ্য দিয়া মিদরীয়দের দৈন্য অবলো-কন পূর্ব্বেক তাহাদিগকে ব্যাকুল করিলেন। এব ৫ তাহা-দের রথের চাকা খুলিলে, তাহারা অতি কটেে রথ চালা-ইল। <mark>তাহাতে মিদরীয় লেংকের। কহিল, আইন</mark> আমর। ইসায়েল বংশহইজে পলায়ন করি, কেননা পর্মেশ্ব মিসরীয়দের প্রতিকূলে তাহাদের পক্ষে যুদ্ধ করিতেছেন।

পরে পরমেশ্বর মূদাকে ক**হিলেন** তুমি **দ**মুদ্রের **উপরে**় আপন হস্ত বিস্থার কর, তাহাতে মিদরীয় ও তাহাদের त्राथत ও অशासक्राहर उँभारत श्रूनक्रीत कल आमिरत। তথন মূদা সমুদুের উপরে আপন হস্ত বিস্তার করিলে, প্রাতংকাল হইবামাত সমুদু পূর্বেৎ সমান হইতে লাগিল; তাহাতে মিসরীয়েরা তাহার সম্থহইতে পলা-য়ন করিল। তথাপি পরমেশ্বর তাহাদিগকে সমুদের মধ্যে নিঃক্ষেপ করিলেন। ফলতঃ জল পরাবৃত্ত হইলে তাহাদের রথ°ও অখারচ্দিগকে আচ্ছাদন করিল। তাহাতে ফিরৌণের যে সকল সৈন্য তাহাদের পশ্চাৎ সমূদুে প্রবিষ্ট হইয়াছিল, তাহাদের মধ্যে একজনও অবশিষ্ট থাকিল না৷ কিন্তু ইস্যায়েল বংশ সমুদ্রের মধ্য-বর্ত্তি শুদ্ধ পথদিয়া গেল, এবং জল তাহাদের বামে ও দক্ষিণে প্রাচীয় স্বরূপ হইল। এই রূপে সেই দিনৈ পর-মেশ্বর মিসরীয়দের হস্তহইতে ইসুায়েল ব৺শকে রক্ষা করিলের। ও ইসায়েল বংশ মিসঁরীয় লোকদিগকে সমু-দুর তীরে মৃত্দেখিল। পরমেশ্বর মিদরীয়দের মধ্যে যে আশ্র্য্য পরাক্রম প্রকাশ করিয়াছিলেন, তাহা ইনাুুুুরেল ব॰ শ দেখিল। তাছাতে লোকেরা পরমেশ্বরের প্রতি ভয় করিয়া তাঁহাতে ও তাঁহার দাস মূসাতে বিশ্বাস করিল।

वामना।

মূদা ও ই ায়েল ব ংশের প্রান্তরৈ গমনের বৃত্তান্ত। পরে মূদা ও ইদুায়েল ব ংশ পর্মেখরের উদ্দেশে

এই গীত গান করিয়া কহিল। আমি পরমেশ্বরের উদ্দেশে গান করি, তিনি আপন মহিমা পুকাশ করিলেন। এবৎ অশ্ব ও অশ্বাক্তগণকে সমুদুে নিকেপ করিলেন। পরমে-খুর আমার বল ও গানস্ত্রপ হইয়া আমার পবিত্রতা হইলেন; তিনি আমার ঈখর, অতএব আমি তাঁহার পুশংসা করিব, এবং তিনি আমার পৈতৃক ঈশ্বর, এই জন্যে তাঁহার গুণানুবাদ করিব। যিহোবাঃ নামে যে প্রমেশ্বর তিনিই যুদ্ধকর্তা, তিনি ফিরৌণের রথ ও সৈন্যগণকে সমুদুে নিক্ষেপ করিলেন;ভাহাতে তাহার মনোনীত সেমাপতিগণ সুফসাগরে মগ্রইল, ও গভীর জল তাহাদিগকে আচ্ছাদন করিলে, তাহারা প্রান্তরের ন্যায় তলাইয়া গেল; হে পরমেশ্বর তোমার দক্ষিণ হস্ত বলদার। গৌরবাবিত হ্ইল। হে প্রমেশ্র তোমার দক্ষিণইস্ত শত্রগণকে চূর্ণ করিল, তুমি আপনার বিপরীত গামি লোকদিগকে আপন উত্তম মহিমাতে নষ্ট করিলা, তোমার প্রেরিত ক্রোধ তাহাদিগকে নাড়ার নমুয় ভক্ষণ করিল, এব< তোমার কোধের নিখাস দারা জল রাশী-কৃত হট্ল, ও দ্যোত দেতুর ন্যায় দঙায়মান হইল, ও সমূদুের মধ্যে গভীর জল কচিন হইল, তাহাতে শতুগণ কহিল, আমরা বেগে গিয়া তাহাদিগকে ধরিব, এবং লুচিত वसुं ভाগ করিয়া লইলে তাহাদায়া আমাদের অভিলাস পূর্ণ হইবে, ও থাড়্গ নিষ্কোষ করিলে, আমাদের হস্ত তাহাদিগকে বিনষ্ট করিবে'। কিন্তু তুমি আপন নিশ্বাসদার। , হস্কার করিলে, তাহারা সমুদু জলে আচ্ছন হউল, ও গভার জলেতে দীদীর ন্যায় তলাইয়া গেল। হে পরমেশ্বর

দেবগণের মধ্যে তোমার তুলা কে আছে? এব ওামার সমান পবিত্রতাতে আদরণীয় ও ভয়ানকত্ব প্রযুক্ত স্তবনীয় ও আশ্চর্যা ক্রিয়াকারী কে আছে? তুমি আপন দক্ষিণ হস্ত বিস্তার করিলে, পৃথিবী শতুগণকে গ্রাদ করিল। তুমি দয়াতে আপন লোকদিগকে মুক্ত করিয়া গমন করাই-তেছ, এব আপন পরাক্রমেতে তাহাদিগকে তোমার পবিত্র নিবাদে লইয়া যাইতেছ, ইহা শুনিয়া অন্য লো-কেরা ভীত হইবে, ও পিলেফ্টীয় লোকেরা উদ্বিয়তাতে মগ্র হইবে, যারৎ লোকেরা পার না হয়, তাবৎ ভয় ও আশঙ্কা তাহাদিগকে আক্রমণ করিবে। হে পরমেশ্বর তোমার জীত লোকেরা যাবৎ পার না হয়, তাবৎ তোমার বাহুবলঘারা তাহারা প্রয়েরের ন্যায় স্থির হুইয়া থাকিবে, হে পরশ্বের তুমি আপন নিবাসার্থে যে স্থান নির্মাণ করিলা, ও তোমার হস্ত যে পবিত স্থান স্থাপন করিল, তাহার মধ্যে অর্থাৎ আপন অপিকারের পর্ত্তে তাহাদিগকে প্রবেশ করাইয়া বাদ করাইবা। পর্মেশ্বর সর্ব্যাল রাজত্ব করিবেন। তৎপরে ইস্যায়েল বংশ প্লান্তর দিয়া দানয় পর্ত্ততে গমন করিতে লাগিল। পরে তাহার। মারানামক একস্থানে উপস্থিত হইয়া তিক্তা প্রযুক্ত মারার কল পান করিতে পারিল না। অতএব লোকেরা মুদার বিরুদ্ধে বচদা করিয়া কহিল, আমরা কি পান করিব? তাহাতে দে পরমেশরের উদেশে প্রার্থনা করিলে, পর-মেশ্ব ভাহাকে এক প্রকার কাষ্ঠ দেখাইলেন, তাহা লইয়া. মুসা জলে নিক্ষেপ করিলে, জল মিউ হইল। অপর লোকেরা এলীমহুইতে যাতা করিয়া এলীম ও

দীনয় এই উভয়ের মধ্যবন্ত্রী দীন নামক প্রান্তরে উপস্থিত [•]হইল। তথন তাহার থাদা দুব্যের অভাব হওয়াতে, এব॰ অন্য থাদ্য সামগ্রী পাইবার উপায় না থাকাতে, তাহারা মূদা ও হারোণের দহিত বচদা করিয়া কহিল। আমরা যথন মাংকের হাঁড়ির নিকটে বদিয়। তৃপ্তি পর্যান্ত অন 'ভোজন করিতাম, হায় ২ তথন যদি আমরা মিদর দেশে: **পরমেশরের হন্তে মরিতাম। তোমরা কুধালারা তাব**ু মণ্ডলীকে মারিতে আমাদিগকে প্রান্তরে বাহির করিয়া আনিলা। পরে পরমেশ্বর মূদাকে কহিলেন, আমি ইদ্যা-য়েল বৎশের বচসা শুনিলাম। তুমি তাহাদিগকে কহ, তো-মরা সায়ৎকালে মাৎস ভোজন করিবা, ও প্রাতঃকালে থাদ্য দুব্যে জৃপ্ত হইবা। তাহাতে আমি যে তোমাদের প্রভূ পরমেশ্র তাহা জাত হইবা। পরে সন্ধাকালে ভা-টুই পক্লিগৰ উপস্থিত হইয়া শিবির স্থান ব্যাপিল. এব ৭ প্রাতঃকালে দৈনাস্থলের ,চতুর্দিকে নীহার পড়িল। পরে পতিত নীহার উর্দ্ধিত হইলে, প্রান্তরের উপরে ভূমিতে কুদু অথচ গোল নীহারের ন্যায় কুদু দুবা পড়িয়ার-হিল। তাহাতে মূদা কহিল, পরমেশ্ব তোমাদিগকে এই দুব্য ভোজন করিতে দিলেন, এখন ভোমরা প্রভ্যেক জন প্রতিদিনের আপন্থ ভোজনানুসারে তাহা দণ্গুহ কর্ কিন্তু ষষ্ঠদিবদে তাহার দিওণ রং∿গুহ কর, কেননা **সপ্তমদিবস পরমেশ্বরের পবিজ বিশ্রামবার, সে দিব**সে তোমরা কিছুই সংগ্রহ করিতে পারিব: ন। এবং ইসু-(य़ल रुप अहे थाएतात नाम मान त्रांथिल। एक मानः ধনাকোক্তি ও গুকুবর্ণ, তাঁহার, রদ মধুমিশ্রিত পিষ্টকের

ন্যায় ছিল। এব॰ ইসুায়েল ব॰ শ চল্লিশ বৎসর পর্যান্ত অর্থাৎ কৈনান দেশের দীমাতে উপস্থিত হওন পর্যান্ত, সেই মানা ভোজন করিল। অপর ইস্যায়েল বংশের তাবৎ মণ্ডলী দীন প্রান্তরহইতে যাত্রা করিয়া রিফীদীমে গিয়া শিবির স্থাপন করিল, কিন্তু সেই স্থানে লোকদের পানার্থে জলাভাব ছিল, অতএব লোকেরা জলাভাবে ভৃষ্ণার্ত হইয়া, বচদা করিয়া মূদাকে কহিল, তুমি আমাণ দিগকে এবং আমাদের সন্তানগণকে ও পশুগণকে পিপা-সালারা মারিতে মিসরদেশহইতে কেন আনিলা? তা-হাতে মূদা কহিল, তোমরা আমার সহিত কেন বচদা কর্ কেন বা পরমেশ্বের পরীক্ষা লও? এবৎ মূদা পরমে-শ্রের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল, আমি এই লোক-দের নিমিত্তে কি করিব, তাহারা আমাকে প্রায়-মারিতে উলতে হইতেছে? তথন পরমেশ্বর মূদাকে কহিলেন, তুমি হটি হস্তে লইয়া ও লোকদের অগ্রে২ যাইয়া হোরের পর্য়তম্ব শৈলে আঘাত করিও, তাহাতে দে শৈল হইতে লোকদের পানার্থে জল নির্গত হইবে। তথন মূসা ইসায়েল বএশের প্রাচীনদের দৃষ্টিতে সেই রূপ করিল। 'এবং সেই স্থানে ইসায়েল বংশের বিবাদ প্রযুক্ত এবং পরমেশ্বর আমাদের মধ্যে আছেন কি না, ইহা কহিয়া পরমেশ্বরের পরীক্ষা লওন প্রযুক্ত, দেই স্থানের নাম মূসা মিরীবা অর্থাৎ বিবাদ রাথিল। ঐ সময়ে অমালেকীয় লোক রিফিদীমে আসিয়া ইন্টায়েল বংশের সহিত যুদ্ধ করিলে, মূসা যিছোশ্যকে কহিল, তুমি আমাদের , মধ্যহইতে মনোনীত মনুবা লইয়া অমালেকীয় লোক-

দের দহিত যুদ্ধ করিতে যাও, আমি কলা আপন হস্তে ঈশ্বরের হাটি লইয়া পর্বতের শিথরে দাঁড়াইব। তথন যিহোশূয়, মূসার আজানুসারে অমালেকীয় লোকদৈর সহিত যুদ্ধ করিলে, মূসা ও হারোণ, হুর পর্বতের শৃঙ্গো-পরি আরোহণু করিল। কিন্তু যে ২ সময়ে মূসা আপন হস্তু জ করে, দেই ২ সময়ে ই সায়েল ব ৭ শজ্যা হয়। অপর মূদার হস্ত ভারী হইলে, তাহারা এক পাথর আনিয়া তাহার নীচে রাখিল, তথন মূসা তাহার উপরে বসিল্ তাহাতে দূর্য্য অন্ত হওন পর্যান্ত তাহার হম্ব স্থির থাকিল। অতএব যিহোশ্য় অমালেক ও তাহার লোক-দিগকে পরাস্ত করিল। আগামি লোককে এই আশ্চর্যা ক্রিয়া জানাইবার জন্যে এই দকল ঘটনা লিখিত হই-য়াছে, কেননা ইহাতে তাহার। বিশেষরূপে জানিবে, যে ইদ্যায়েল বংশের রক্ষাকর্ত্তা স্বয়ৎ পরমেশ্বর; ও অমা-লেক রাজা তাহাদিগকে বিনাপরাধে আক্রমণ করিলে, দেও তাহার রাজ্যতাসি লোক সকল যাবৎ ^{*}নিঃশেষে বিনষ্ট না হইল, তাবৎ পরমেশবের ক্রোধ তাহাদের প্রতি শান্ত হয় নাই।

অনন্তর ঈশর মৃশার প্রতি ও আপন লোক ইদায়েল'
বংশের প্রতি এই ২ কর্ম করিয়াছেন, এবং মিদর দেশহইতে ইদায়েল বংশকে বাহির করিয়া আনিয়াছেন,
এই দকল কথা শুনিয়া মৃদার শুশুর মিদীয়নের যাজক
বিজ্বো, মৃদা কর্তৃক আপন গৃহে প্রেরিত তাহার ভার্যা
দিপোরাকে ও তাহার দুই পুত্রকে দঙ্গে লইল। এই
দুই 'পুত্রের একের নাম গোর্শাম, অর্থাৎ এই স্থানে

বিদেশী, কেননা তাহার পিতা কহিল, আমি এই দেশে বিদেশী হইলাম। এব° অন্যের নাম ইলীয়েষর অর্থাৎ ° ঈশ্বর আমার উপকারী, কেননা দে কহিল, আমার পিতার ঈশ্বর আমার উপকারী হইয়া ফিরৌনের এড়গহইতে আমাকে উদ্ধার করিলেন ৷ পরে মূদার খণ্ডর যিখুে৷ মূদার এই দুই পুত্র ও ভার্যাকে.দঙ্গে লইয়া প্রান্তরে অর্থাঞ ঈশ্বরের পর্ব্রতে যে স্থানে শিবির স্থাপন করিয়াছিল, দেই স্থানে মূদার নিকটে আইল, এবং মূদাকে কহিল, আমি তোমার খন্তর শিথ্রো, ও তোমার ভার্যা ও তাহার দহিত তোমার দুই পুত্র আমরা তোমার নিকটে আইলাম। তথন মূদা আপন খন্তরের দহিত দাক্ষাৎ করিতে বাহিরে গিয়া তাহাকে পুণাম ও চুম্বন করিল, এব পরম্পর মঙ্গল জিজাদা করিলে পর, তাহার। তাষ্তে প্রেশ করিল। পরে পরমেশ্বর ইস্নায়েল বংশের জন্যৈ ফিরৌণের প্রতি ও মিদ্যাদের প্রতি কিং করিয়াছেন, এবং পথে তাহা-দের প্রতি কিং ক্লেশ ঘটিয়াছে, ও পরমেশ্বর কি প্রকারে তাহাদিগকে উদ্ধার করিয়াছেন, এই দকল কথা মূদা আ-পন শ্বরুরকে জ্ঞাত করিল। ভাহাতে পরমেশ্বর উহাদের মঙ্গল করিয়াছেন, তাহা খনিয়া যিথো এই সকলের নিমিত্তে অতি আহ্লাদিত হইল। এবং দে কহিল যে প্রমেশ্র মিদ্বীদের ও ফিরৌণের হস্তহইতে তোমাদিগকে উদ্ধার করিয়াছেন, এবং মিদ্রাদের হস্তহইতে লোকদিগকে উন্ধার করিয়াছেন, তিনি ধনী। এব পরমেশ্বর সকল দেবতাহইতে মহান ইহা এথন আমি জ্ঞাত হইলাম,, কেননা ভাছারা যে বিষয়ে গর্ম করিল, সে বিষয়ে তিনি

তাছাদের উপরে জয়ী হইলেন। পরে যিখ্রে পরমেখরের উम्मिट्न होत्र उ रेनरवमा कविन, वव शहरान उ ইসায়েল বংশের প্রাচীন লোকেরা আসিয়া পরমেশ্বরের সমুথে মূসার শশুরের সহিত ভোজন করিল। পর দিনে मृंगा लाकलत विठात कति जु विगल, लाकता श्राजः-কালাবধি সন্ধাকাল পর্যান্ত তাহার সম্থে দাঁড়াইল। পরে লোকদের বিষয়ে যাহা২ করিল মূদার শুশুর তাহা দেখিয়া কছিল, তুমি লোকদের দহিত কেমন ব্যবহার করিতেছ, তুমি একাকী কেন বৈদ ও দকল লোক প্রাতঃকালাবধি সন্ধ্যাকাল পর্যান্ত তোমার নিকটে কেন দাঁড়ায়? ভাহাতে মূদা আপন খখরকে কহিল, লোকেরা ঈশ্বরের বিচার জিজ্ঞাদা করিতে আমার কাছে আইদে; ও তাহাদের কোন বিবাদ হইলে আমার কাছে আইদে, তাহাতে বাদির ও প্রতিবাদির বিষয়ে আমি বিচার করি, এবং ঈশ্বরের বিধি ওব্যবস্থা নকল তাহা-দিগকে জ্ঞাত করি। পরে মূসার খন্তর কহিল, তুমি যাহা কর দে ভাল নয়। তুমি ও তোমার দঙ্গিলোকের। উভয়ই ক্লীণ হইবা, কেননা একার্য্য ভোমার ক্লমতা হইতেও গুরুতর, তুমি একাকী ইহা করিতে পার না অতএব আমার কথায় মনোযোগ কর, আমি তোমাকে পরামর্শ দি, তাহাতে ঈশ্বর তোমার দহায় হইবেন, আর ইশ্বরের সমূথে তুমি লোকদের পক্ষ হইয়া তাহাদের কথা ঈশ্বয়ের কাছে জানীও। এবণ তুমি তাহাদিগকে विधि ও वावस्रोत উপদেশ দেও, ও তাহাদের গন্তনা পথ ও কর্ত্তব্য কর্ম দেখাও।তদ্ভিন্ন তুমি সকলের মধ্য হইতে

কর্মক্রম মনুষ্যদিগকে অর্থাৎ ইশ্বরের প্রতি ভয়কারি ও সভ্যবাদি ও লোভঘ্ণাকারি লোকদিগকে মনোনীত ভ করিয়া লও, এবং তাহাদের উপরে সহসূপতি ও শত-পতি ও পঞ্চাশৎপতি ও দশপতি করিয়া নিযুক্ত কর। এবং তাঁহারা সর্ফ্রালে, লোকদের বিচার করিবে, কিন্তু কোন মহাবিচার হইলে, তোমার নিকটে আনিবে, ও ক্লুদু বিচার সকল তাহারা করিবে; তাহাতে তাহারা ভোমার সহিত ভার বহিলে, তোমার কর্ম লঘু হইবে। তুমি এমত করু, এবং ইশ্বর ভোমাকে এমত করিতে আজ্ঞা দেন, তবে তুমি সহিতে পারিবা, এবং এই সকল লোকেরা ও কুশলে আপনাদের স্থানে গমন করিবে। তাহাতে মুলা শন্তরের বাক্যে মনোযোগ করিয়া তাহার বাক্যানুসারে সকল কর্ম করিল।

ইসুায়েল্ বংশ মিসরদেশহইতে যে দিনে যাত্রা করিল, তিন মাসের পর সেই দিনে দীনয় প্রান্তরে উপস্থিত হইল। ইসুায়েল বংশ সেই পর্বতের সমুথে শিবির স্থাপন করিল। পরে মূসা ঈশ্বরের নিকটে আব্রোহণ করিলে, পরমেশ্বর পর্বত হইতে তাহাকে ডাকিয়া কহিলেন, তুমি যাক্বের সন্তানগণকে এই কথা কহ, ও ইসুায়েল বংশকে ইহা জ্ঞাত কর। আমি মিসুয়ি-দের প্রতি যাহা করিলাম, এবং যেমন উৎকোশ পক্ষা পক্ষারা শাবকগণকে বহন করে, তেমনি তোমাদিগকে বহিয়া আপনার নিকটে আনিলাম তাহা তোমরা দেখিলা। এখন যদি তোমারা আমার কথা খন ও আমার ব্যবস্থা পালন কর, তবে তাবং পথিবা আমার হইলেও ভাষাতে

ভোমারা দকল লোক অপেক্ষা বিশেষ অধিকারী হইবা, এবং আমার নিমিত্তে যাজকদের এক বংশ ও পবিত্র জাতি হইবা, তথন মূদা আদিয়া তাছাদের প্রাচীনগণকে ডাকাইয়া পরমেশরের আজানুদারে এই দকল কথা ভাহাদের সমুথে প্রস্তীব করিল, তাহাতে তাবঁৎ লোক এক সঙ্গে সকলেই স্বীকার করিয়া কছিল, পরমেশ্বর যে সকল কথা কহিলেন তাহা আমরা করিব। তথন মূসা পরমেশবের কাছে তাহাদের কথা নিবেদন করিলে, পরমেশ্বর মূলাকে কহিলেন, আমি নিবিত্ব মেঘে তোমার নিকটে আসিয়া তোমার সহিত কথা কহিব, তাহা লোকেরা শুনিতে পাইয়া সর্ম্বদা-তোমাতে প্রভার করিবে; তথান পরমেশ্বর মূলাকে কহিলেন, তুমি লোকদের নিকটে, যাইয়া অদ্য ও পর দিনে বন্তু ধৌত করাইয়া ভাহাদিগকে অগ্রে পবিত্র কর, পরে তৃতীয় দিনের জন্যে তোমরা দকলে প্রস্তুত হও, কেননা ভৃতীয় দিনে পরমেশ্বর সকল লোকের দাক্ষাতে দীনয় পর্বতের উপরে নামিবেন। পরে মূদা পর্বত হইতে নামিয়া লোকদের নিকটে আদিয়া ভাহাদিগকে পবিত্র করিল; এবণ ভাহারা আপনাদের বস্ত্র ধৌত করিল। পরে তৃতীয় দিনে প্রাতঃ-কাল হইলে, মেঘগর্জন ও বিদ্যুৎ ও পর্য়তের উপরে নিবিড় মেঘ ও অতিশয় উচ্চৈঃয়ারে ত্রীধানি হইতে লাগিল, তাহাতে শিবিরের তাবৎ লোক ক্য়ান্বিত হইল, পরে মূসাব্দেরর সহিত দাক্ষাৎ করাইতে লোকদিগকে শিবির হইতে বাহির করিলে, তাহারা পর্ততের তলে দাঁড়াইল, তথন দীনয় পর্তত ধূমময় হইল, কেননা

পরমেশর তাহার উপরে অগ্নিতে নামিলেন, এবং চুলার ধূমের ন্যায় তাহা হইতে ধূম উচিল, তাহাতে দকল পর্বতে অতিশয় কাঁপিতে লাগিল। পরে ইম্বর এই দকল কথা কহিলেন।

- ১। আমার লাক্ষেতে জোমার আর কোন দেবতা না থাকুক।
- ২। এবং তুমি আপনার নিমিত্তে কোন থোদিত প্রতিমার অর্থাৎ উপরিস্থ স্বর্গে কিয়া নাচস্থ পৃথিবাতে কিয়া পৃথিবার, নাচস্থ জলেতে স্থিত কোন বস্তুর মূর্ত্তি নির্মাণ করিওনা, এবং তাহাদিনকে প্রণাম করিও না, ও তাহাদের দেবাও করিওনা; কেননা আমি তোনার প্রভু পরমেশ্বর জাজলামান ঈশ্বর, এবং যে পিতৃ লোকেরা আমাকে ঘৃণা করে, তৃতীয় চত্তর্পপুরুষ পর্যন্ত তাহাদের দন্তানদের উপরে অধর্মের প্রতিফল দাতা; কিন্তু যাহারা আমাতে প্রেম করে, ও আমার আজ্ঞা পালন করে, তাহাদের সহ্লদের মহ্লু পুরুষ্ক পর্যন্ত দ্যাকারী।
- ৩। তুমি আপন প্রভু পরহমশ্বরের নাম নিরর্থক লইও না, কেননা যেকেহ তাঁহার নাম নিরর্থক লয় পর-মেশ্বরর তাহাকে নিরপরাধী করিয়া গণনা করেন না।
- ৪। এবং বিশাম দিনকে সারণ করিয়া পবিত্র কর। ছয় দিন শ্রম করিয়া ব্যবদায়াদি দমস্ত কর্ম কর। কিন্তু দপ্তম দিনে আর্থাৎ তোমার পুত্র কিন্যা, কি দাদ কি দাদী, কিং পশু কি দারবর্তি বিদেশী, কেহ কোন কার্য্য করিও না। কেননা প্রমেশ্বর আকাশ ও পৃথিরীর ও

দমুদু ও তন্মধ্যস্থ তাবৎ ব্স্তুকে ছয় দিনে নির্মাণ করিয়া

• সপ্তম দিনে বিশ্রাম করিলেন,এই নিমিত্তে পরমেশ্বর বিশ্রাম

দিনকে বর দিয়া পবিত্র করিলেন।

৫। আর তুমি আপন পিতা মাতাকে मয়ৣম কর,
 তাহাতে তোমার পুভু প্রারমেশ্বর তোমাকে যে দেশ
 দেন, সেই দেশে তোমার দীর্ঘকাল আয়ু হইবে।

৬। নরহত্যা করিওনা।

१। পরদার করিও না।

৮। চুরি করিও না।

১। আপন প্রতিবাসির বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না।

১০। আপন প্রতিবাসির গৃহে লোভ করিও না; এবং আপন প্রতিবাসির ভার্য্যাতে, কি দাদেতে, কি দাসীতে, কি গোরুতে, কি গাধাতে, কি ভোমার প্রতিবাসি লোকের কোন বস্তুতে, লোভ করিও না।

তথন দকল লোক মেঘ গর্জন ও বিদ্যুৎ ও তুরীর শব্দ ও ধ্মযুক্ত পর্বত দেখিল, এবং দেখিলে পর পৃথক হইয়া দুরে দাঁড়াইল; এবং মূসাকে কহিল, তুমি আমাদের সহিত কথা কহ, তাহা আমরা শুনিব; কিন্তু ইশ্বর আমাদের সহিত কথা না কহন, নতুবা আমরা মরিব। ভাহাতে মূসা লোকদিগকে কহিল ভয় করিও না; ভোমাদের সমুখে যেন ইশ্বরের প্রতি ভয় থাকে, ও পাপ যেন না কর, এই জন্যে ইশ্বর ভোমাদের পরীক্ষা লইতে আইলেন। তথন জোকেরা দুরে দাঁড়াইয়া রহিল; কিন্তু যে স্থানে ইশ্বর ছিলেন, মূসা দেই খোর ক্ষেক্ গ্রের নিকটে গমন করিল।

ত্রয়োদশ।

ব্যবস্থার বিষয়।

অপর পরমেশ্বর মূদাকে কহিলেন, তুমি ইদ্যায়েল व°भाक खामात वह मकल वावस्रा (म.ए.) (इ हेमुारायन ব॰শ তান, আমাদের প্রভূপরমেশ্বর একই পরমেশ্বর। ভোমর। আপন সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণ ও সমস্ত শক্তিদারা আপন প্রভু পরমেশ্বরেতে প্রেম কর। এই দিনে আমি তোমাদিগকে যে সকল আজা করি, সে দকলি তোমাদের মনে থাকুক। তোমরা আপন ২ সন্তান-গণকে যতু পূর্বক তাহা শিক্ষা দেও, এবং যে সময়ে তোমরা আপন গৃহে বসিয়া থাক, কিয়া পথে গমন কর, কিয়া শয়ন কর, কিয়া গাত্রোত্থান কর, তৎকালে ঐ সমস্তের কথোপকথন কর। তৎকালে সাবধান হইয়া মিসরদেশ। হইতে অর্থাৎ দাসত্বাগার হইতে তোমাদিগকে বাহির করিয়। আনয়ন কারী যে প্রমেশ্বর ভাঁহাকে বিশৃত হইও না। তোমরা আপন প্রভূপরক্ষেরকে ভয় কর, এব৭ তাঁহার দেবাও কর ও তাঁহার নাম লইয়া দিবা কর। তোমাদের প্রভু পরমেশ্বরের ক্রোধ যেন তোমাদের প্রতিকূলে প্রজলিত না হয়, ও দেশ হইতে ভোমাদিগকে বিনষ্ট • না করে, এই জন্যে ভোমরা অন্য দেবগণের অর্থাৎ চতুর্দ্ধিক্স্থিত লোকদের দেবতা-দের পশ্চাদলামী হইও না। মূলাতে যেমন[°]আপন প্রভূ পরফেশ্বরের পরীক্ষা লইও না। তোমাদের প্রভূ পরমেশবের যে ২ আজ্ঞা দারা যে ২ প্রমাণ বাক্য গু বিধি

আছে তাহা তোমরা যতু পূর্ব্বক পালন কর। এবএ 'পরমেশ্বরের দৃষ্টিতে ন্যায় ও সৎআচরণ কর, তাহাতে তোমাদের মঙ্গল হইবে। অতএব তোমরা আমার শাক্ষাতে ৰূপ্যময়ী প্রতিমা করিও না, এবং আপনাদের নিমিত্তে স্বর্ণময়ী প্রতিমাও করিও না। বেজন কেবল 'পরমেশ্বর বিনা কোন দেবতার কাছে বলিদান করে লে ঘোরতর দণ্ড পাইবে। ও পরমেশ্বরের নামের নিন্দাকারী অবশা হত হইবে, সমস্ত মণ্ডলী তাহাকে প্রস্তরাঘাতে বধ করিবে, তাহাতে পরমেখরের নামের নিন্দাকারী বিদেশীয় যেমন, দেশীয় লোকেরাও তদ্ধপ হত হইবে। তোমরা আপনাদের জন্যে কোন দেবতা কিয়া খোদিত প্রতিমা নির্মাণ করিও না, ও কোন দ্রায়মান বিগুছ করিও না, ও তাহার সম্থে দণ্ডবৎ হইতে 'ভোমাদের দেশে কোন থোদিত প্রস্তরের পূতিমা স্থাপন করিও না, কেননা আমিই তোমাদের প্রভূ পরমে-খ্র। তোমরা আপন প্রভু পরমেশ্রকে ভয় কর, ও তাঁ-হার দেবা কর*ও তাঁহাতে আদক্ত হও, ও তাঁহার নামে দিব্য কর। কেননা তোমাদের প্রভূ পরমেশ্বর ঈশ্বরদের ঈশ্বর ও প্রভুদের প্রভু, ও মহান্ ও সর্বাক্তিমান্ ও ভয়ন্ধর ঈশ্বর, এব ৭ মনুষ্যের মুখাপেকা করেন না, ও উৎকোচ গ্রহণ করেন না। কেহ আপন পিতাকে কি মাতাকে শাপদিলে দে বধ্য হইবে। তোমরা পক্ব কেশ প্রাচীনদের সমূথে উটিয়া দাঁড়াইবা, ও বৃদ্ধ লোক-দিগকে সমাদর করিবা, ও আপন ঈশ্বরের প্রতি ভয় রাথিবা, আমিই পরমেশ্র। আর কেহ যদি প্রহার

করিতে ২ কোন মনুষ্যকে বধ করে, ভবে দে বধ্য হইবে। ও অজ্ঞাতে বধকারী যে ২ নগরে পলাইয়া রক্ষা পাইতে পারে, এমত-আশ্রয় নগরে নিরূপণ করিবা। তাহাতে বধকারী বিচারার্থে মগুলীর সমুথে উপস্থিত ছওনের পূর্বে যেন না মরে, এই জন্যে প্রতিহ্নার হন্তহইতে তোমাদের দেই আশ্রয়নগর হইবে। এবং তোমরা যে ২ নগর দিবা তাহার মধ্যে তোমাদের আশ্রয়ের নিমিত্তে ছয় নগর হইবে। এবৎ যে কেই আপন প্রতি-বাসির গাত্রে ঋতের চিহ্ন করে,ভাহার কৃত কর্মের ন্যায় তাহার প্রতি করা যাইবে। এবৎ যদি কোন আপত্তি ঘটে,তবে তাহার প্রাণের পরিশোধে প্রাণ, ও চক্ষুর পরি-শোধে চক্ষু, ও দন্তের পরিশোধে দন্ত, ও হস্তের পরিশোধে হস্ত, ও চরণের পরিশোধে চরণ,ও দাহনের পরিশোধে দাহন,ও ক্ষতের পরিশোধে ক্ষত, ও প্রহারের পরিশোধে প্রহার দণ্ড হইবে। আর কেহ আপন দাস কিয়া দাসীর চক্ষুতে আঘাত করিলে যদি তাহা নম্ট হয়, তবেঁ তাহার চক্ষু নাশের জন্যে তাহাকে মৃক্তি দিতে হইবে। আর গরু কোন পুরুষ কিয়া দ্রীকে শৃঙ্গাঘাত করিলে, সে ঝুদি মরে তবে ঐ গরু প্রস্তুরদার। হত হইবে। ঐ গরু পূর্বের্ শৃঙ্গাঘাত করিলে, যদি তাহার স্বামিকে ইহার প্রমাণ দত্ত হয়, এবং দে তাহাকে বন্ধন না করাতে কোন পুরুষকে কিয়া স্ত্রীকে বধ করে, তবে দে গরু হত হইবে এবং আহার স্বামীও হও হইবে। ভূমি মনে ২ আপন ভারতাকে ঘূলা করিও না। আর তুমি প্রতিহিৎসা করিও না, ও দ্বেষ করিও না, বরণ প্রতি বাদীকে আত্ম

তুলা প্রেম করিবা, আমিই পরমেশ্র। যে কেহ পরের পশুকে বধ করে দে তাহাকে পরিশোধ করিবে, পশুর পরিবর্ত্তে পণ্ড, আর যদি কেহ পরের ভার্য্যাতে ব্যভিচার করে তবে দেই ব্যভিচারী ও ব্যভিচারিণী উভয়ে নিতান্ত হত হইকে। যদি কোন পুরুষ বিবাহিত। পরের স্ত্রীকে বলাৎকার করে, তবে সে বধা হইবে, কিন্তু যদি অনূঢ়াকে বলাৎকার করে,তবে দেই কন্যার পিতাকে পঞ্চাশ রূপ্য শিকিল দিবে, এবৎ ঐ কন্যা তাহার পত্নী হইবে, এবৎ দে তাছাকে কথন ত্যাগ করিতে পারিজে না। কোন পুরুষ কোন জ্রীকে বিবাহ করিলে পর, যদি তাহার কোন দোস প্রযুক্ত তাহার প্রতি অনুগুহ না করে, তবে সে তাহার জন্যে এক ত্যাগ পত্র লিথিয়া তাহার হস্তে দিয়া আপন পাটী হইতে তাহাকে বিদায় করিতে পারে. কিন্তু পুনর্কার ভাছাকে বিবাহ করিতে পারিবে ন।। আর কেছ, গরু কিয়া মেষ চুরি করিয়া বধ কিয়া বিক্রয় করিলে, এক গোরুর পরিশোধে পাঁচ গোরু ও এক মেষের পরিশোগে চারি মেষ তাহাকে দিতে হইবে, এবং চৌর্যা হত পশু যদি ল্লেরের হন্তে জিবীত পাওয়া যায়, তবে তাহাকে তাহার দ্বিও দিতে হইবে। কিন্তু যদি পরিশোপ কর-ণার্থে চোরের হঠে কিছু না থাকে, তরে চৌর্যা হেতুক সে বিক্রীত হউবে, আর কেছ যদি অনোর শদ্য ক্ষেত্র কিয়া দুক্ষা ক্ষেত্র গোরুকে থাওয়ায়, এবৎ আপন পত্ত ছাড়িয়া দিলে, নৈ যদি অনোর কেত্রে চরে, তবে দে জন তাহার পরিবর্ত্তে আপন ক্ষেত্রের উত্তম শদ্য কিয়ু। আপন দ্রাক্ষা কেতের উত্তম ফল তাহাকে দিবে। আর কেহ্কণ্টক

বনে অগ্নি লাগাইলে, যদি কাহারো ধান্যরাশি কিয়ু বর্জমান শন্য কিয়া ক্ষেত্র দগ্ধ হয়, তবে দেই দগ্ধকারী অবশ্য তাহার মূল্য দিবে। আর কেহ মুদুা কিম্বা কোন দুব্য আপন প্রতিবাসির, স্থানে গচ্ছিত রাখিলে তাহ। যদি তাহার গৃহ হইতে কেহ চুরি করে, এব**ং দেই** চোর ধরা পড়ে, তবে দে তাহার দিও। দিবে। **কিয়া** যদি চোর ধরা না পড়ে, তবে গৃহস্বামী প্রতিকাসির দুব্যে হাত দিয়াছে কি না, তাহা জানিতে দে বিচার কর্ত্রার সাক্ষাতে^ক আনীত হইবে। তথন উভয়ের ক**থা** বিচার কর্ত্তার নিকটে উপস্থিত হইলে, বিচার কর্ত্ত্রণ যাহাকে দোষী করিবেন, সে আপন প্রতিবাসিকে তাহার দিওণ দিবে। আর তোমরা চুরি করিও না, ও প্রবঞ্চনা করিও না, এবং পরস্পর মিখ্যা কথা কহিও না, আর তুমি আপন প্রতিবাসির প্রতি অন্যায় করিও না, ও অপহরণ করিও না, এবং বেতন গ্রাহির বেতন রাত্রি অবধি প্রাতঃকাল পর্যান্ত রাখিও না, আর তোমরা বিচার কিয়া পরিমাণ কিয়া ভৌল কিয়া কাচা বিষয়ে অন্যায় করিও না। প্রকৃত দাড়ি ও প্রকৃত বাটথারা ও প্রকৃত হিন্ তোমাদের হঁইেবে, কেননা তোমাদের সেই প্রভ পরমেশ্বর আমি। তুমি কাহারো মিথ্যা অপবাদ গ্রুহর্য করিও না, ও মিথাাসায়লী হইয়া দুষ্টের শূহায়তা করিও না, তুমি দুষ্ট কর্মা করিতে বহু লোকের পশ্চা-ষত্তী হইও না, এবং অন্যায় করণার্থে বহু লোকের পক্ষ ইইয়া প্রতিবাদ করিও না,। এবং মিখ্যা বিষয় হইতে দুরে থাক এব নির্দোষকে ও ধার্মিককে নষ্ট

করিও না, কেননা আমি দুষ্টকে নির্দোষ করিব না তুমি উৎকোচ গৃহণ করিও না, কেননা উৎকোচ দারা জ্ঞানিরা ও অন্ধ হয়, ও ধার্মিকদের ও বাক্যের অন্যথা হর। তোমরা ইতস্তঙঃ ভুমণ করিও না। আর অন্যায় माक्कामिए यमि कान मिथामाको कर्लजभ इहेगा কাহারো প্রতিকূল হয়, তাহাতে বিচার কর্তারা যত্ন-পূর্ব্ক অনুসন্ধান লইলে, সে সাক্ষা যদি মিথা৷ হয়, ও আপন ভাতার প্রতিকূলে মিখ্যাসাক্ষ্য দিয়া থাকে, তবে সে আপন ভাুতার প্রতি যেমত করিতে কল্পনা করিয়াছিল তাহার প্রতিও তোমরা তদ্ধপ করিবা। তুমি বিদেশীয়কে ক্লেশ দিওনা, ও তাহার প্রতি উপদুব করিও না, কেননা তুমিও মিদরদেশে বিদেশী ছিলা।' আর তুঁমি কোন বিধবাকে কিয়া পিতৃহীন বা-লককে ক্লেশ দিওনা, তাহাদিগকে কোনমতে ক্লেশদিলে তাহারা যদি আমার নিকটে প্রার্থনা করে, তবে আমি অবশ্য তাহাদের প্রার্থন। শুনিব। আর তুমি যদি আমার লোকদের মধ্যে তোমার প্রতিবাদি কোন দরিদ্কে ঋণ দেঁও, ভবে তাহার কাছে মুদ গ্রাহকের ন্যায় হইও না, ও তাহা হইতে সুদ লইও না, আর ফুঁদাপি তুমি আপন প্রতিবাদির বস্ত্র বন্ধক রাখ, তবে সূর্যাস্তের পূর্ব্বে তাহাকে ফিরিয়া দেও। কেননা তাই। তাহার আচ্ছাদন বস্ত্র ও ভাহার গাত্র আচ্ছাদক হয়, সে কিসেতে শয়ন করিবে। এবং সে যদি আমার কাছে প্রার্থনা করে, তবে আমি দয়ালুতা প্রযুক্ত তাহা গুনিব। আর বিচার কর্ত্তাকৈ নিন্দা করিও না, এবং লোকদের শাসন কর্ত্তাকে শাপ দিও

না। আর'তোমরা আপন ২ ক্লেত্রের শদ্য কাটন দময়ে ক্লেত্রের কোণে নিঃশেষে কাটিও না, এবং তোমার ক্লেত্রে পতিত শদ্য কুড়াইও না, দরিদু ও বিদেশায়দের জন্যে কিছু ২ ত্যান করিও, আমি তোমাদের প্রভু পর-মেখর। তোমরা বেতন 'গ্রাহিদাদের প্রতি কচিন ব্যবহার করিও না। কিন্তু পরমেখরকে ভর্ কর। তোমরা বিচারে কাহারে। মুখাপেক্লা করিবা না, ক্লুরের কথ যেমন মহতের কথাও তেমনি শ্রনিবা। ও মনুযোর মুখ দেখিয়া ভয় করিও না, কেননা বিচার ঈখরের হয়, তোমাদের ভাতাদের মধ্যে যদি কেহ দরিদু থাকে তবে তোমরা তাহার প্রতি অন্তঃকরণ কচিন করিবা না। কিন্তু তাহার প্রতি আতিশয় হয়্তু বিস্তার করিয়া তাহার প্রতি আতার করিয়া তাহার প্রতি আতার করিয়া তাহার প্রতি আহার করিয়া তাহার প্রতি আহার করিয়া তাহার প্রতি আহার করিয়া তাহার প্রতি আহার নির্যার করিয়া তাহার প্রতি আহার নির্যার করিয়া তাহার প্রতি আহার নির্যার করিয়া তাহার

অতএব তোমরা তাহাকে অবশা দিবা, কিন্তু দানকরণ
সময়ে অন্তঃকরণে দুঃথিত হইবা না, কেন্না ঐ কর্ম
প্রযুক্ত তোমাদের পুভু পরমেশ্বর তোমাদের সমস্ত
কর্মে এবং তোমারা যাহাতে২ হস্তার্পণ করিবা
তাহাতে তোমাদের মঙ্গল করিবেন। কেননা তোমাদের দেশে দরিদ্রের অভাব হইবে না, অতএব আমি
তোমাদিগকে এই আজা করি, তোমরা দরিদু ও
দুঃথিভাতাদের প্রতি অতিশয় হস্ত বিস্তার করিবা।
প্রতিবাদির দীমার চিহ্ন শ্রীনান্তর করিবা না। আর
তোমরা শদ্য মর্দ্রকারি বলদের মুথ বন্ধন করিবা না

চতুর্দশ

্ স্থান্ময় ব্লদের বৃত্তান্ত। বীশ্ব খ্রীক্টের জন্মের পূর্বে ১৪ ১১ বংসর।

অনন্তর মূলা ৪০ দিবারাতি দিনাই নামক পর্যতের উপরে বিলম্ব করিলে, লোকেরা তাহার অনাগমন বিষয় সহা করিতে না পারিয়া অতি আশ্চার্য্য কচিন অন্তঃকরণের সহিত মূসা এব ে পরমেশ্বরের বিরুদ্ধে বচদা করিতে লাগিল, তাহাতে তাহারা একত হারো-শের নিকটে গিয়া তাছাকে কহিল, উঠ, আমাদের অগুসর হইয়া যাইতে আমাদের নিমিত্তে দেবতা নির্মাণ কর, কেননা মিদরদেশ হইতে আমাদিগকে বাহির, করিয়া আনিল যে মূসা, তাহার কি দশা ঘটিল তাহা আমরা জানি না। হারোণ অনুচিতরপে তাহা-**(मत कूमञ्जन)** गुरुन कतिया ठारामित वर्न कूछन जा নিতে আ্ঞা করিল, তাহাতে লোকেরা দে সকল আমিলে সে তাহা লইয়া ছাঁচে ঢালিয়া মিসর দেশের দেবিত গোবৎদের ন্যায় এক বৎদ নির্মাণ করিয়া কহিল, হে ইদায়েল বংশ যে দেবতা মিসরদেশ হইতে তোমাদিগকে বাহির করিয়া আনিল দে এই। তাহাতে লোকেরা পরদিনে প্লাত্যুষে উটিয়া হোম विन उँ भन्न किन, अव भेमनार्थ रेनरवमा आनिन, এবং লোকেরা ভোজন ও পান করিতে বসিল, পরে আলীড়া করিতে উচিল। তথন পরমেশ্বর মূদাকে কহি-লেন, তুমি নামিয়া যাও, কেননা তুমি মিদর হইতে

যে লোকদিগকে বাহির করিয়া আনিলা, তাহার। ভুষ্ট হইয়াছে, এবং আমি তাহাদিগকে যে পথের বিষয়ে আজ্ঞাদিলাম, তাহাহইতে তাহারা শীঘু বহি-ভূত হইল, ফল্ডঃ তাহারা আপনাদের নিমিত্তে এক ছাঁচে ঢালা গোবৎদ নির্মাণ করিয়া তাহার পূজা করিল, এব৭ তাহার কাছে বলিদান করিয়া কহিল, হে ইসায়েল বংশ যে দেবতা মিসরদেশ হইতে তোমাকে বাহির^{*} করিয়া আনিল, সে এই। অপর পরমেশ্বর মূদাকে আরেণ কহিলেন, আমি এই লোকদিগকে দেখিলাম, দেখ ইছারা অতিশয় অসাধ্য। অতএব তুমি ফান্ত হও, তাহাদের প্রতিকূলে ক্রোধ পুত্রলিত করিয়া তাহাদিগকে বিনষ্ট করিব, কিন্তু ভোমাকে বড় জাতির মূল করিব। তাহাতে মূদা আপন পুড়ু পরমেখরের নিকটে বিনয় করিয়া কহিল, ছে পর-মেশ্বর তুমি যে আপন লোকদিগকে মহাপরাক্রম ও বাছবলেতে মিদরদেশ হইতে বাছির করিলা, তাঁ-হাদের প্রতিকূলে কেন ক্রোধ প্রছলিত কর, তিনি অম্বভের নিমিত্তে পর্য্বতে তাহাদিগকে নষ্ট করিতেও পৃথিবী হইতে দেংহার করিতে বাহির করিয়া আ-নিলেন এমত কথা মিদ্বীয়েরা গল্প করিয়া কেন কহিবে, আপদি প্রচণ্ড কোধহইতে ফিরুন্, ও আপন লোক, मित প্रতিকृत्व এই पूर्वांजैत विषय क्रांत इউका। अव তুমি আপনার যে দাস ইবাছাম্ও ইস্হাক্ও ইসা-रिरालक नाकारि जाशन नाम पिता कविशा करिन রাছ, আমি আকাশের তারাণণের ন্যায় তোমার·ব**্**শ

বৃদ্ধি করিব, এবং যে সকল দেশের বিষয়ে কহিলাম, তাহা তোমার বংশকে দিব; তাহারা দর্মদা তাহা অধিকার করিবে, তোমার দেই দাসগণকে মারণ কর। মূলার এইরূপ দৃঢ় প্রেম ও ভক্তিদারা পরমেশ্বর দন্তুষ্ট হইয়া অনুগুহ পূর্বক তাহাকে আজ্ঞা করিলেন; আমি 'ইদায়েল বংশকে মারিব না, তথন মূদা দাক্রীৰূপ দুই পুস্তর হস্তে লইয়া ফিরিয়া পর্তে হইতে নামিল, এট ঈশ্বর দত্ত প্রস্তুরের এই পৃষ্ঠে ও পৃষ্ঠে উভয় পৃষ্ঠেই ঈশ্বরের হস্তমারা লিখিত ছিল। পরে মূসা শিবিরের নিকটবর্ত্তী হইলে, ঐ বাছুর ও লোকদের নৃত্য দে-থিল, তাহাতে দে কোধে প্ৰজ্লিত হইয়া আপন হস্ত হইতে ঐ প্রস্তুর ফেলিয়া দিয়া পর্বতের তলে তাহ। ভাঙ্গিল। এব॰ তাহাদের নির্মিত বাছুর লইয়া অগ্নিতে দক্ষ করিল, এবং তাহা ধূলির ন্যায় পেশন করিয়া জলে ছড়াইয়া ইসায়েল বংশকে পান করাইল, কে-ননা ভাহাতে তাহারা অবশ্য জানিতে পারিবেক, সে আমরা ঈশ্বর বোধে অতি তুচ্ছ বস্তুর এত কাল দেব। করিয়াছিলাম, তথন হারোণকে ধম্কাইলে পরে মূসা শিবিরের দারে দাঁড়াইয়া কহিল, পরমেখরের পক্ষে কে আছে দে আমার নিকটে আসুক, তাহাতে লেবির সন্তানগণ তাহার নিকটে একত হইল। পরে মূলা তাহাদিগকে কহিল, ইন্যায়েলের প্রভু পরমেশ্বর এই কথাণক হেন, ভোমরা প্রত্যেক জন শিবিরের মধ্যে ষ্ভারাত কর। এবং যে কোন ব্যক্তির দহিত-সাক্ষাৎ ছ্ইবামাত্রেই তাহাকে বধ কর। ভাহাতে লেবির मेखार्तिका भूमांक वांकान्मारक जारा कतिरल, जिल्ला ভাহাদের মধ্যে ন্যুনাতিরেক তিন সহসুলোক মারা প্লাড়িল। পরদিনে মূসা লোকদিগকে কহিল, তোমরা মহাপাপ করিলা, এখন আমি পরমেশ্বরের নিকটে পর্বতে আরোহণ করিতেছি, যদি হয় তবে আমি তো-মাদের পাপের প্রায়শ্চিত্ত করিব। পরে মূসা পরমেশ্ব-রের নিকটে ফিরিয়া গিয়া কহিল, হায় ২ এই লোকেরা মহাপাপ করিয়া আপনাদের জন্যে স্বর্ণময় দেবতা নির্মাণ করিল, এখন যদি তোমার অনুগুহ হয়, তবে তাহাদের পাপ ক্লমা কর, কিন্তু যদি না কর, তবে আমি বিনয় করিতেছি, তোমার লিথিত পুস্তকহইতে আমার নাম কাটিয়া ফেল, তাহাতে মূদাকে পরমে-খর কহিলেন, যে জন আমার প্রতিকূলে পাপাচরণ করিল, আমি আপন পুস্তুকহইতে তাহার নাম কাটিয়া ফেলিব। অনন্তর পরমেশ্বর মূসাকে কহিলেন, যাও, আমি অব্রাহমের ও ইস্হাকের ও যাক্বের কাছে যে দেশ দিবার বিষয়ে দিবা করিয়াছিলাম, তোমার বংশকে আমি দেই দেশ দিব, দে দেশে তুমি লোকদিগকে এখা-নহইতে লইয়া যাও। আমি তোমার অগ্রে এক দৃত পাঠাইয়া কিনানীয়দিগকে দূর করিব। এব॰ আমি তাহাদিগকে দুগ্ধ মধুপ্রবাহিদেশে আনাইব। किন্তু আমি তেইমাদের মধ্য বর্ত্তী হইয়া ঘাইব না, কেনন্ধ ভোমরা অবাধ্য হইবে, কি জানি আমি যদি পথের মধ্যে তো-মাদিণকে দংহার করি। অপর লোকেরা এই দুর্ক্তাক্য শ্রনিয়া বিলাপ করিয়া কেহ আপন শরীরে অলঙ্কার

পরিধান করিল না। পরে মূদা আবাদ লইয়া শিবিরের বাহিরে ও শিবির হইতে দূরে রাখিল, ও তাহার নাম মণ্ডলীয়আবাদ রাখিল, ঐ আবাদের ছারে মেঘ; ন্তম নামিয়া স্থাপিত থাকিল। পরে মূলা পরমেশ্বরকে কহিল, দেখা নাম দারা আমি ভোমাকে জানি, ও তুমি আমার দৃষ্টিতে অনুগুহের পাত্র ইহা কহিতেছ, ভাল যদি ভোমার দৃষ্টিতে অনুগুহের পাত্র, হইয়া থাকি, বিনয় করি আমি যেন তোমাকে জানিতে পারি, ও তোমার দৃষ্টিতে অনুগুহ পাই, এই জন্যে আ-মাকে আপন পথ জাত করাও; এবং এই জাতিই যে কেবল তোমার লোক তাহা জ্ঞান কর, নচেৎ আমি ও ভোমার লোকেরা ভোমার দৃষ্টিতে ভোমার অন্-भूट्ड शांज डेरा किम जाना यारेट, हेराकि আমाর দের সহিত তোমার গমনেতে নয়? তাহা হইলে আমি ও তোমার লোকেরা পৃথিবীস্থ তাবৎ লোকের মধ্যে বিশেষ লোক হইব। পরে পরমেশ্বর মৃদাকে কছিলেন, এই যে কথা তুমি কহিলা, তাহা আমি অবশ্য করিব' কেননা তুমি আমার দৃষ্টিতে অনুগুহের পাত্র, আমি নাম দারা তোমাকে জানি। প্রভু পরমেশ্র ইহাতে সম্ভক্ট হইয়া মূলাকে পূর্বামত দুই প্রস্তুর থোদিত করিয়া দীন্য়পর্বভের উপর আনিতে আক্রা করিলেন। পরে মূলা প্লাতঃকালে উচিয়া পরমেখরের আজানুসারে ন্ট্রয় পর্ব্ধতের উপরে গেল। তখন পরমেশ্বর মেঘে নামিয়া দে স্থানে তাহার সহিত দণ্ডারমান ইইরা পরমেশরের নাম প্রচার করিলে, পরমেশ্বর তাহার সমুধ দিয়া গমন

করিয়। এই প্রচাক্ত করিলেন, এই পরমেশ্বর দয়ালু,ও কৃপা-বান, ও চিরসহিষ্ণু, এবং দয়াতে পরিপূর্ণ ও আত্মস্ব-ৰূপ; এব শহসু ২ পুরুষের প্রতি দয়াকারী, এব পরমেশ্বই আজে৷ লম্ব্রু জন্য পাপের ক্ষমাকারী, কিন্তু তাহার৷ দণ্ড দাতা ও ভৃতীয় ও চতুর্থ পুরুষ পর্যান্ত পুত্র ও পৌত্রদের প্রতি পিতৃ পিতামহাদি পূর্বে পুরুষের পাপের ফলদাতা। তাহাতে মূদা শীঘু ভূমিতে পড়িয়া তাঁহাকে প্রণাম ও ভজনা করিয়া কহিল, হে প্রভো আমি যদি তোমার দৃষ্টিতে অনুগুহ পাইয়া থাকি, তবে বিনয় করি, হে আমার প্রভো আমাদের মধ্যে আসুন, এবং এই লোকেরা অবাধ্য হইলেও তাহাদের অধর্ম ও পাপ মোচন করিয়া তাহাদিগকে আপন অধিকার করিতে আ-মাদিগকে গুহণ করুন, তর্থন তিনি ক্হিলেন, দেখ আমি এক নিয়ম করি, তাবৎ পৃথিবীতে ও তাবৎ জাতির মধ্যে যাহা কথাৰ কৃত হয় নাই, এমত আশ্চৰ্যাকৰ্ম আমি তোমার দিনের তাবতের দাক্ষাতে করিব। তাহাতে যে দকল লোকের মধ্যে তুমি আছ তাহারা প্রমেশ্বরের দেই কর্ম দেখিবে, কেননা ভোমার নিকটে যাহা করিব, তাহা ভয়স্কর। অদ্য আমি তোমাকে যাহা আজ্ঞা করি তাহাতে মনোযোগ কর, দেশ আমি ইমো-রীয় ও কৈনানীয় লোকদিগকে তোমার সম্থহইতে দেখাইয়া দিবশ কিন্তু দাবধান, যে দেশে তুমি ধাইতেছ, সেই দেশ নিবাসিদের সহিত নিয়ম করিও না, তাহা করিলেই তোমাদের মধ্যে দে এক ফাঁদ স্বৰূপ হইবে। কিন্তু তুমি তোমাদের বেদী ভগ্ন করিবা, ও তাহীদের

প্রতিমা ভাঙ্গিয়া ফেলিবা, ও চৈত্যবৃক্ষ কাটিয়া ফেলিবা।
পাপকোধকারীনামে বিখ্যাত যে প্রমেশ্বর, তিনিই পাপের প্রতি কোধ করেন, এই জন্যে তুমি অন্য কোন দেবতাকে প্রণাম করিও না। অপর প্রমেশ্বর মূসাকে
কহিলেন, তুমি এসকল বাক্য লেখ, সেই বাক্যানুসারে
তোমার ও ইসুায়েললোকদের সহিত আমি নিয়ম
দ্বির করিলাম। তথ্য মূসা প্রমেশ্বের আক্ষানুসারে
সেই পর্বতে ৪০ দিবারাত্রি অন্ন ভোজন ও জল পান
না করিয়া থাকিল, এবং তিনি প্রস্তরে ঐল্নিয়ম বাক্যানুসারে
দশ আক্রা লিখিলেন। পরে সীনয় পর্যতি হইতে
মূসার নামিবার সময়ে তাহার মুথ এমত দেদীপামান্
হইল, যে লোকেরা তাহা দেখিতে সমর্থ ছিলনা, তক্জনো
তিনি আপন বদনে এক অবপ্রপ্তন বস্তু দিলেন।

शक्ष मना

আবাস ও তৎসম্পর্কীয় সম্পৃত্তির বিবরণ।

মূদা লোকদের নিকটে বিধির প্রস্তর আনিয়া, এবং তাহাদের নিকট হইতে পরমেশরের প্রতি ভক্তি বিষয়ে দৃঢ় প্রতিজ্ঞা গুনিয়া, ঈশ্বর দত্ত কতিপয় আজ্ঞা বাক্যানুসারে কর্ম করিতে উদ্যক্ত ছিল্। সে লোকদিণ্যকে একতা করিয়া পরমেশরের আজ্ঞা তাহাদিগকে জানাইল, ইহাতে লোক দকল একবাক্য হইয়া পরমানদে এত রত্ম ভূষণ বস্ত্র সুগন্ধিদুব্যাদি লেখানে আহরণ করিল, যে মূসা প্রয়োজন মতে দকল দামগু

পাইয়া আর অধিক আনিতে তাহাদিগকে নিবারণ कतिन। उपमस्त मृगा श्रथमंत्रः मीर्षा ७० ७ श्रांस ১ হাত পরিমিত এমত এক আবাস নির্মাণ করিলে পরে, তাহার মধ্যে সূচী কর্ম দারা বিচিত্রিভ আশ্চর্যা দর্শনীয় পরদা রাথিয়া ঐ শিবির দুই, ভাগে বিভক্ত করিল। উহার মধ্যে পারদার পাশ্চাদর্ত্তি গৃহের নাম (পবিত্রাৎ পবিত্র) ও সমুখবর্ত্তি গৃহের নাম (পবিত্র স্থান)রাথিল। পবিতাৎ পবিত্র নামক স্থানে সুবর্ণ মণ্ডিত বহুমূল্যকাঠ নির্মিত নিয়ম সিন্দুক রাথিয়া তাহার মধ্যে বিধির দুই প্রস্তর লইয়। রাখিল। ঐ সিন্দুকের মুবর্ণ নির্মিত ঢাকুনিতে (কিরবিম) নামক দুই পক্ষির আকৃতি স্থাপিত ছিল, উহাদের পক্ষ এমৎ বিস্তারিত যে তাহা দারা সমুদায় সিন্দুক আবৃত ছিল, এব ৫ ইহা সর্ক্রিকান্ বিভূ প্রমেখরের অসাধারণ সিণ্হাসন সদৃশ ছিল, ইহার নাম আবরণ রাথা গেল। ঐ পর-দার বাহিরে পবিত্র স্থানে দশন রু**টী**র মেজ রহিল¹ এব॰ তাহাতে বার্থান রুটী সর্ফাই পড়িয়া থাকিত, দেই দকল কৃটী প্রতি সপ্তাহের শেষে কেবল যাজ-কেরাই ভোজন করিত, কেননা যাজক ভিন্ন অন্যলোকের প্রতি উহা শাইতে নিষেধ ছিল, সে সকল রুটী থাওয়া সমাপন হইলে, অন্য'বার্থান রুটী সেই মেজের উপরি-' ভাগে পূর্মেত স্থাপিত হইত। ঐ মেজের সমুথে এক সুবর্ণময় প্রদীপাধার, অর্থার্থ পিলসুজ ও তাহার সাত শাথাতৈ সাতটি স্বৰ্ময় প্ৰদীপ কুলান ছিল। ঐ আবাসের ছারেজে ধূপের বেদী ছিল, তাহাতে সায় পথতঃকালের

বলি দানের সময়ে ধূপ ধূনা গুণ্গুলু প্রভৃতি নানাবিধ সুগন্ধি দুবা জালাইত।

আবাদের চন্তুম্পার্মে এক প্রাঙ্গন ছিল, উহা থোদিত ম্ভন্তে, ও বহু মূল্য ব্যবধান বন্ত্রেতে বেফিত হইল, ও তন্মধান্ত শ্না স্থানে ও আবাদ ছারের সমুথে হোম বলির জনো এক বৃহৎবৈদী নির্মিত ছিল, এব ৭ সেথানে এক বৃহৎ পিত্তলের প্রকালনপাত ছিল। ঐ সকল প্রধান ২ বস্তু ভিন্ন প্রয়োজনীয় অন্যান্য অনেক উত্তম ২ দুব্যও ছিল। দেখানে শুরূ সুবর্ণময় বাটি ও ধূনাচি ছিল, যাজকতা পদকে সন্ত্ৰান্ত করিতে, ও তাহাদের মহিমার বৃত্তির নিমিত্তে, যাজকদের পরিচ্ছুদ প্রমেশ্বরের আক্তানুদারে অসাধারণ রূপে বিহিত ছিল। তমপ্যে প্রধান মাজকের মর্ক্ত শ্রেষ্ঠ পরিচ্ছদ ছিল। পরিধেয় বস্ত্রের উপরে সুবর্ণ নির্মিত (এফোদ) নামক এক বস্ত্র থাকিত, ঐ বস্ত্রের সমূথে চতুরসু দাদশাঙ্গুল পরিমিত কিঞিৎ স্থান শূন্য ছিল, তাহার মধ্যে স্বর্ণময়তক্তি ছিল, তাহা ইসুায়েলের দশ বংশের নাম থোদিত দশ্খান বহুমূল্য প্রস্তুর দারা এচিত ছিল। তাহাতে উরীম ও টূ-মিম নামক এমত দুই অভুত বৰ্ক্ত ছিল, যাহাদ্বারা কেবল প্রধান যাজকর্মণ পরমেশ্বরের আজে। জানাইতৈ পারিত। ' ঐ সকল প্রধান যাজকের ময়ুকেতে কাপাস সূত্র নির্মিত এক মুকুট ছিল, এবপ তাহাদের কপাল দেশে (পরমে-শ্বরের উদ্দেশে পবিত্রতা) এই বাক্য থোদিত এক স্বর্ণ মর কবচ থাকিত। আবাদস্থিত সমুদয় দুবা[°]প্রস্তুত হইলে মিসর দেশ হইতে ইসাুুুুরেল বংশের মুক্ত হইবার

ষিতীয় বৎদরে দেই আবাদ প্রমেশবের উদ্দেশে প্রতিষ্ঠিত হইল। এবং ইদ্যায়েল বংশের দাহ্লাতে দিবদে আবাদোপেরি মেঘস্তম, রাত্রিকালে অগ্নিস্তম্ভ থাকিত। কিন্তু যথন আবাদের উপর হইতে মেঘ দূরে যাইত,তথন ইদ্যায়েল বংশ ভুমন করিতে বাহির হইত, কিন্তু যাবং পর্যান্ত ঐ মেঘ স্থানান্তরে না যাইত তাবং তাহারা কুত্রাপি যাইত না।

যোড়শ ৷

षाम्महरत्त् विवत्न।

হারোণ এব॰ তাহার পুর্দ্রেরা যাজকতাপদে অভিযিক্ত হইয়া পরমেশ্রের দেবা করিতে নিযুক্ত ইইল,
এব॰ পরমেশ্বর কর্তৃক নির্দিষ্ট তাহার প্রত্যেক কুটুষ্ব
যাজকতা কর্ম করিতে ক্ষমতা পাইল। হারোণের প্রধান
দুই পুল্র নাদব এব॰ আবীহু নির্ভয়ন্ধপে এই সকল
ব্যবস্থা লণ্ড্রন করিলে পর, পরমেশ্বর অন্যান্য যাজকগণকে এই বিষয় সাবধান করিবার জন্যে স্বর্গহিত
অমি পাচাইয়াশ ঐ দুই পুল্রকে এক কালে দক্ষ করিয়া
বিনষ্ট করিলেন। সানয় গিরিহইতে তিন দিবদের
পথপর্যান্ত শিবির স্থাপনানন্তর লোকেরা পুনর্বার বাদানুবাদ করিয়া কহিল, এখন, আমাদিগকে আহারের
নিমিত্তে মাণ্স আনিয়া কে দিবে, আমরা মিসরদেশে
যে হ মাণ্স ও সশা ও থারবুজ, ও অপাক, ও পলাগ্রু
এবণ, লশ্তন প্রভৃতি সামগ্রী পরিভোষত্বপে থাইতাম

এই কথা গুনিবামাত্রে সে পরমেশ্বরের ধন্যবাদ করন পূর্ব্বক আপনাদিগের যোদ্ধাগনের নিকটে আ-मिया, कहिल, এशन डिठ, পর্মেশ্বর মিদিয়োনীয়দের দৈন্যসামন্ত আমাদিগের হন্তে সমর্পণ করিয়াছেন। পরে গিদিয়োন ঐ তিন শত লোক তিনদলে ভাগ কঁরিয়া তাহাদিগের প্রত্যেকের হন্তে এক ২ তূরী ও এক ২ ষট তাহার মধ্যে একং পুদীপ দিয়। শতুদিগের শিবির বেষ্টন করিল, তৎকালে তাহারা অভ্যন্ত নিদিত ছিল, যথান তাহার। প্রত্যেক জন হচাৎ তুরি বাজাইয়া এবং আপন্থ হন্ত ভিত ঘট ভালিয়া প্রমেপরের কথানুসাবে উর্ফেঃম্বরে কহিতে লাগিল, "পরমেখরের ও গিদিফোনের এড়," ইহাতে তাহাদিগের খোরতর নিদ্রা ভঙ্গ হইলে, তাহারা জ্বর প্রদাপ দেখিয়া ও চতুর্দিকে জয়ধ্বনির শব্দ মিশ্রিত তূরীশব্দ শুনিয়া অতিশয় ভয়ে ভাবিল, যে অনেক দৈন্য দামন্ত আমাদিগকে বেষ্টন করিয়াছে। ইহাতে নিরাশ ও শঙ্কাযুক্ত হইয়। এবং কে মিত্র কেবা শত্রু, তাহ। জানিতে না পারিয়া আপনা-দিগকে নিতান্ত শঙ্কটাপন্ন বোগে পরস্কর এড়াঘাত করিতে লাগিল, ইহাতে গিদিয়োন অনায়াদেই তাহা-দিগকে জয় করিল। খ্রীষ্ট ভ্রোর পূর্কের ১২৪১।

পরে ইফুয়িমের লোকেরা এই অভুত ক্রিয়ার সংবাদ পাইয়া যদাপি প্রথমে সঙ্গে যাইতে সমর্থ হয় নাই; তথাপি তাহারা গিদিয়োনকে তির্হ্বার করিয়া কছিল, তুমি যুদ্ধ করিবার যাত্রাকালে কেন আমাদি-গকে আহ্লান করিলা না? তিনি নিজজয়ের গর্ম্ম না করিয়া সরল ও নমুভাবে স্বরণ করিল, যে "শীলভার সহিত 🕶 উত্তর করিলে রাগ নষ্ট হয়," ইহাতে পরমেশ্বকে ধন্যবাদ করিয়া শিষ্টতা পূর্ব্বক কহিল, তোমাদের क्तार्यंत नाार अप आपि कि क्या क्रिलाम, अवीरस्तत তাবৎ দ্রাক্ষাফলের চয়নাপেক্ষা, ইফুয়িমের অবশিষ্ট দ্রাক্ষাফল চয়ন কি অধিক ভাল নহে? ঈশ্বর মিদিয়োনীয় রাজগণকে ভোমাদেরই হস্তগত করিলেন, আমি ভো-মাদের ন্যায় কি কর্ম সিদ্ধ করিলাম? ইফুয়িম লোক এই মিষ্ট বাক্যেতে নিবৃত্ত হইল, এবণ তাহার। অন্যান্য ইসায়েল বংশের সহিত মেলন করিয়া গিদি-য়োনকে এই বিনতি করিল, যে দেশ আপনকার বলদারা রক্ষা পাইল, দেই দেশের শাসনকর্ত্ত[°]আপনি্ হউন। কিন্তু লোভের অভাব প্রযুক্ত তিনি এমৎ কর্মের ভার লইতে ইচ্ছা না করিয়া স্বগৃহে গমন পূর্বক নিজ পরিজন লইয়া কালযাপন করিতে লাগিল। পরে গিদিয়োনের মৃত্যুকাল পর্যান্ত ক্রমাগত ৪০ বৎসর ঐ দেশ নিষ্কৃতিকে রহিল। শুথাই জন্মের পূর্ফে ১২০১ বৎসর।)

তাহার মৃত্যুর পরে ভাহার পুত্র অবিমেলক এক জন ব্যতিরেকে দকল ভাতৃগণকে বিনষ্ট করিয়া ঐ দেশ শাসন করিতে লাগিল, দে সময়ে তাহার জীব-ভাতা ঘোথম মনে করিল, আমার পিতা গিদিয়োন হুলায়েল বংশকে বিপদহইতে জীৱ করিয়াছিল-

তথাপি তাহার বংশের প্রতি তাহার৷ কৃতজ্ঞতা স্বীকার করে নাই, একারণ সে তাহাদিগকে অনুযোগ করিয়া তাহাদের প্রতিকূলে সকল হইতে পুরাতন দৃষ্টান্ত কথা কহিল, যথা" বন কৃক্ষ সকল এক সময়ে আপনা-দিগের মধ্যে কাহাকে রাক্যাভিষিক্ত করণার্থে গমন করিয়া একাদিক্রমে জিতরৃক্ষ, তৎপরে ডুমুররৃক্ষ, পশ্চাৎ দ্রাক্ষালতাকে কহিল, তুমি আসিয়া আমাদিগের রাজা হও, কিন্তু ইহাতে প্রত্যেক বৃক্ষ অম্বীকার করাতে, বৃক্ষণণ অবশেষে কণ্টকবৃক্ষকে আপনাদিণের রাজত্ত্ব অভিষিক্ত করিল, তাহাতে সে কণ্টক বৃক্ষ প্রতিজ্ঞা করিয়া কহিল আমি তোমাদিগকে রক্ষা করিব। তাহাতে যোথম্ প্রমেশ্রের নিকটে প্রার্থনা করিয়া কহিল, আমার পিতৃব ৎশের প্রতি যে লোক অন্যায় ও নিষ্ঠুর ুরাবহার করিল, তাহার দণ্ড ভোগ করিবার জনো তাহাদিগকে ও তাহাদের রাজাকে শাস্তি প্রদান করুন।

ইহাতে তাহার প্রার্থনা গ্রাহ্য হইল, পরে অবিমেলক ও তাহার দঙ্গিণের মধ্যে অতিশয় বিবাদ উপস্থিত হইল, ইহাতে তাহার দঙ্গিণ অপনাদের রক্ষার্থে এক দুর্গ মধ্যে প্রবিষ্ট হইয়া, দেই দুর্গ অগ্নিতে দগ্ধ হইলে পরে, তাহারা দকলে বিনষ্ট হইল, এবং তাহাদের নিঠ্র রাজা অবিমেলক কিছু কাল বিলয়ে তজ্ঞপ দুর্দশাতে পতিত হইল, অবিমেলক পুর্বজ্ঞে অহন্ধারী হইয়া অন্য এক নগর দগ্ধ করিবার নিমিত্তে অতিশয় ব্যান্থ হইল, এবং তাহার প্রাচীরের নিকটে বাইবামাত্রে এক দ্বালিক তাহার মন্ত্রকে এক ইন্টক ফেলিলে.

দে লজা এবং যাতনাতে অত্যন্ত ব্যাকুল হইয়া আপনার প্রাণ নক্ট করিতে তাহার এক জন দাসকে আজা দিল। এই প্রকারে পরমেশ্বর অবিমেলক ও, তাহার দঙ্গি লোকদিগকে গিদিয়োন বংশের নাশ করাতে এই প্রতিফল দিলেন। খ্রীষ্ট জন্মের পূর্ফে ১২০৬ বংসরে।

তৃতীয়।

যিপ্তহ, শিম্শোন, এলিও শিম্য়েলের বৃত্তান্ত। বিচার কর্ত্তাদের শাসন কর্মের শেষাবধি শৌলরাজ্য প্রাপ্তিপর্যান্ত।

খ্রীফজন্মের পূর্বের ১২০% অবধি ১০৭৬ পর্যান্ত।

অবিমেলকের মৃত্যুর পরে তোলয় এবং যায়ীর ইসাুয়েলদেশের শাসনকর্ত্তা হইল, এবং তথাকার লোক সকল পুনর্কার পরমেশ্বরের যথার্থ ভদ্ধনা পরিত্যান করিয়া নিক্টবর্ত্তা বিদেশীয়দের সম্মত দেবদেবীর পূজা করিতে লানিল। একারণ ১৮ বৎসর পর্যন্ত পশ্চিম দক্ষিণ কোণস্থিত পিলেফীয় লোক, ও উত্তর পূর্ব্ব কোণস্থিত ইমোরীয় লোকদারা তাড়িত হইয়া আপন দোষ স্বীকার পূর্ব্বক পাপমার্জনার নিম্ভিত্ত পরমেশ্বরের প্রতি প্রার্থনা করিতে লানিল। ইশ্বর তাহাদের প্রার্থনানুসারে কহিলেন, তোমাদের শথ্রে তামানর প্রতি উপদূব করিলে, তোমরা আমার নিক্ট প্রার্থনা করিলে, তাহাতে আমি তাহাদের হস্কু-

হইতে তোমাদিগকে মুক্ত করিলাম, তথাপি তোম্রা পুনর্কার আমাকে ভাাগ করিয়া অন্যান্য দেবগণের পূজাতে রত হইলা, অতএব তোমরা ঘাইয়া তোমা-দের মনোনীত দেবগণের নিকট প্রার্থনা কর। তাহারা তোমাদিগকে দুঃসময়হইতে উদ্ধার করুক। তাহাতে ইসায়েল বংশ প্রমেশ্বকে কহিল, আমরা পাপ করিলাম, এথন তোমার কৃপাদৃষ্টিতে যাহা বিহিত হয় তাহাই আমাদের প্রতি করুন, অদ্যমাত্র আমা-দিগকে উদ্ধার করুন, আমরা এই প্রার্থনা করি। এবং তাহার৷ আপনাদের মধাহইতে বিদেশীয়ের মানিত দেবগণকে দূর করিয়া পরমেখরের দেবা করিল। ভাহাতে পরমেশ্বর ভাহাদের প্রতি দয়া করিয়া তা-হাদিগকে দুর্লশাহইতে উদ্ধার করিতে যিপ্তহ নামক এক জন শাসনকর্ত্তাকে নিযুক্ত করিলেন। খ্রীষ্টজন্মের পূর্ব্বে ১১৪৩ বৎসর।

পরে দেই নৃত্র শাসনকর্ত্তা প্রথমে ইমোরীয়লোকের অনুচিত দৌরাত্মা ত্যাগ করিতে পরামর্শ
দিলে, তাহারা সমত না হইয়া বর্ণ যিপ্তহের
কথা না শুনিয়া যুদ্ধার্থে সৈন্যসামন্ত সণ্ গুহু করিতে
লাগিল। দেই সময়ে তিনি অবিচার পূর্ত্ত্বক পরমেশ্বরের
উদ্দেশে মানত করিয়া কহিল, কুমি যদি শতুগণকে
আমার হস্তে সমর্পণ কর, তবে কুশলে প্রত্যাগমন
সময়ে আমার সহিত সাক্ষাৎ করণার্থে যে কোন প্রাণী
আমার বাদীধারহইতে নির্গত হইবেক, সে নিশ্চয়
পরমেশ্বরের উদ্দেশেই হইবেক, আমি তাহা পরমে-

খরের উদ্দেশে উৎদর্গ করিব। পরমেশ্বর শতুর্গনকে যিপ্তহের হস্তে সমর্পন্ করিলে, দে জয়ী ইইয়া য়য়হে প্রত্যাগমন করিল, তৎকালে তাহার কেবল এক মাত্র কন্যা আহ্লাদে গান ও নৃত্য করত আদিয়া তাহার দহিত দাক্ষাৎ করিল। তাহাতে দে পরম দুঃথে দুঃথী ইইয়া পুর্ফ্বে পরমেশ্বের নিকটে যে মানত করিয়াছিল, তাহা দেই কন্যাকে জ্ঞাত করাইল। দে ধর্মশীলা ও পিতার আজ্ঞানুবর্ত্তিনী কন্যা পিতৃবাক্য শ্রবণ করিয়া তাহার অভিমতানুদারে কহিল, পরমেশ্বের অনুগুহেতে আপনি শতুদিগের হস্তহতে স্থাদেশকে উলার করিতে ক্ষমতা পাইলা, তাহার উদ্দেশে যাহা মানত করিয়াত, তাহা দিদ্ধ করা অবশাই কর্ত্তব্য। দুই মাদের পরে যিওহ আপন মানত অনুদারে কার্য্য করিল, এবং পশ্চাৎ ইদ্যায়েল বংশের উপরে ৬ বৎসর পর্যান্ত করিয়া মরিল।

তৎপরে অতিশয় যুকবীর শিম্শোন নামক এক ব্যক্তি ফিলাবংশকে পিলেফ্টায়দের হস্তহইতে মুক্ত করিবার জন্যে উৎপন্ন হইল, দে জন্মাবধি নাজিরিতীয় মতানুসারে পরমেশ্বরের দেবাবিষয়ে নিযুক্ত ছিল। ঐ ব্যক্তির নানা প্রকার অভ্যুত কর্মা স্বর্লাকে জানে, দে বীরত্ব প্রযুক্ত একটা দিংহকে ছিঁড়িয়া কৈলিল, এবং এক সহসুপিলেফ্টায় লোকদিগকে গর্জকের হনুদারা নফ্ট করিল, ও অসা নামক পুরের সমুখ ছার হৃদ্ধারা নফ্ট করিল, ও অসা নামক পুরের সমুখ ছার হৃদ্ধারা মিইট বাক্রের কৌশলে প্রতারিত হইয়া জিজ্ঞাসা মতে, দে তাহাকে

জানাইল, নাজীরীতীয় মতানুসারে কর্মা করাতে জন্মা-বধি আমার কেশ কথন ছিন্ন হয় নাই, একারণ আমার বল ঐ কেশের মধ্যে আছে, এই রূপ অবিবেচনায় ঐ কথা জানাইলে পের, ঐ স্ত্রীর সহিত একতা শয়নসময়ে দে তাহার মন্তকের কেশ ছেদন করিয়া তাহার শতু পিলেম্টীয় লোকদিগের নিকটহইতে পুরস্কার পাইবার বাসনায় ঐ ব্যক্তিকে তাহাদিগের হস্তে সমর্পণ করিল। তাহাতে তাহার৷ তাহার চক্ক্রয় উৎপাটন করিয়া শুકুলেতে বন্ধ করিয়া রাখিল। এই ৰূপে শিম্শোন দুর্দশাগুন্ত হইয়া নিজ পাপের বিষয়ে অনুতাপ করিতে লাগিল, পরে ক্রমে২ তাহার কেশের পুনর্জির অনু-সারে দেও পূর্বমত বলবান হইতে লাগিল। তাহার পর এক দিবদ শিম্শোন পিলেষ্টীয় লোকের দভা-মধ্যে আনীত হইলে, তাহারা পরিহাদ পূর্বকে পর-ম্বরকে কহিতে লাগিল, আমাদের দেবতা দাগোন ইসারেল বংশের প্রমেশ্বকে জয় করিয়াছেন। এই প্রকারে তাহার। পরমেশবের নিন্দ। করিতে লাগিল, তথন শিম্শোন প্রার্থনা করিয়া কহিল, হে প্রমেশ্বর ' আমি বিনয় করি আমাকে আশীর্কাদ করিয়া বলবান করুন। অপর যে মগ্যস্থিত দুই স্তয়ের উপরিভাগে ছাঁতের ভার ছিল, শিম্শোন তাহা ধরিয়া নত হইলে, সেই গৃহ পতিত হইল, এবং তাহার সহিত পিলেফীয় লোক সমুদয় বিনষ্ট হইল। খ্রীষ্ট জন্মের পূর্ব্দে ১১২০ বৎসরু |

[🕆] তৎপরে এলি নামক এক ব্যক্তি ইসুায়েল বংশের

প্রধান যাজক, সে ব্যক্তি বিশিষ্ট ছিল বটে, কিন্তু তাহার পুল্রের। নিঠুর ব্যবহার ও দুরাচার করিলে, তিনি তাহাদিগকে দৃঢ় শাসন না করিয়া কেবল মিষ্ট বাকো নিবারণ করিত। তাহাতে তাহারা পিতৃবাকা তুদ্ধ্ করিয়া আরো দুষ্টতা করিতে লাগিল। সে এইরপে পরমেশরের মহিমা ও সত্য ধর্মহইতে আপনার পরিবারকে অধিক তাল বাসিলে, পরমেশ্বর তাহাকে এক জন ভবিষ্যত্বক্ প্রমুখাৎ কহিলেন, তোমার দুই জন পুল্র এক দিনে নষ্ট হইলে, তোমার বংশের সকলেই অকাল মৃত্যু পাইবে; এবং যে ব্যক্তি পরমেশ্বরে মতানুসারে কর্ম করিবেক, এমৎ বিশ্বস্ত ব্যক্তিকে পরমেশ্বর উৎপন্ন করিবেন।

ইলকানা ও তাহার ভার্যা হন্না যাহাদের বহকালাবধি কোন সন্তানসন্ততি ছিল না, প্রমেশবের
উদ্দেশে প্রার্থনা করিলে, তাঁহার প্রসাদে তাহাদের এক
পুত্র জন্মিল। সেই পুত্রের নাম শিম্যেল (অর্থাৎ ঈশ্বর
যাচিত) ছিল। পরে তাহার স্তন্যপান নির্ভ হইলে,
তাহার ধর্মশালা জননী তাহাকে প্রমেশবের আবাসে
আনিয়া ঈশ্বরের পরিচর্যার্থে যাবজ্জীবনের নিমিত্তে
এলি নামক যাজকের নিকটে সমর্পন করিল।

হনা এই প্রকারে কৃঁতজ্ঞতা প্রকাশার্থে পর্কেনি খরের নিকটে আপনার দন্তানকে সমর্পণ করিলে, পরমেশব তাহাকে আনেক আশীর্কাদ করিলেন, ইহাতে তাহার অনেক নন্তান হইয়া রহিল, এবং ভাহার পুত্র শিম্যেল আপন বয়সের বৃদ্ধি অনুসারে ঈশব উ মনুষ্য উভয়ের নিকটে অনুগুছ প্রাপ্ত হইতে লাগিল। ভৎপরে এক রাত্রিতে দে বালক নিদ্রিত হইলে, পরমে-শ্বর তাহার নাম ধরিয়া ডাকিলেন, ইহাতে তাহার নিদুা ভঙ্গ হইলে, এলি আমাকে ডাকিতেছে এই বোধ করিয়া সে অতি ক্রতরূপে তাহার নিকটে ুউপস্থিত হইয়া কহিল, কি আজা হয় মহাশয়? ইহাতে এলি কহিল হে আমার বৎস আমি তোমাকে ডাকি নাই তুমি শয়ন কর। এই ৰূপ তিনবার ঘটিলে পরু, পরমে-শ্বর বালককে ডাকিতেছেন ইহা এলি জ্ঞাত হুইয়া কহিল, তুমি যাইয়া পুনর্বার শয়ন কর, এবণ যে কথা পরমেশ্বর তোমাকে কহিবেন, তাহা তুমি শ্রবণ কর। তথ্ন যে দুর্দশা এলির দুষ্ট পরিবারের উপরে ঘটিবে,তে দিষয়ে শিম্যেলকে পরমেশ্বর অগ্রে জানাই-লেন। এলি প্রভূাষে উটিয়া শিমূয়েলকে বলিল পরমেশ্বর তোমাকে কি বলিলেন, পরে সকল বৃত্তান্ত শুনিয়া সেই বৃদ্ধ যাজক নমুভাবে কহিল, ইনি পরমেশ্বর আপন দৃষ্টিতে যাহা ভাল হয় তাহাই করুন, পরে কিছু দিন বিলয়েই এই দুর্দশা উপস্থিত হইল।

ইসু'ংরেল বংশ পিলেফীরদের দারা পরাজিত হইরা মনে . করিল, আমাদিগের মধ্যে ঈশ্বরের অবস্থিতি বোধক চিহ্নস্বরূপ নিয়ম সিন্দুক সৈন্যাগণের মধ্যে আ-নিলে, তিনি অবশাই আমাদিগের সহায় হইবেন, এই বিবেচনায় ঈশ্বরের নিয়ম সিন্দুক শিবির মধ্যে আনিতে মনস্থ করিল, কিন্তু ইহা তাহাদের ভ্রান্তিমূলক, কেননা পাপ বিষয়ে থেদ পূর্বক তাহা ত্যাগ না করিলে, পরমেশ্বর কাহারও সহায় হন না। পরে তাহারা আপনাদিগের অহস্কারের প্রতিফল পাইল, এলির দুই পুল্র এবঁণ ৩২০০০ দৈনা পরস্কর এড়াঘাতে বিনষ্ট হইলে, ঐ নিয়ম দিন্ক শতুকর্তৃক অপহত হইল, এবণ এলিও এই দুঃসমাচার শুনিবামাত্রে আপনার আসন-হইতে পতিত হইয়া প্রাণত্যাণ করিল। গুরিট জয়ের প্রের্থ ১২০ বৎসর।

ইসুায়েলব°শের পরমেশ্বর আমাদিগের দেবতা-গণদারা পরাজিত হইবার প্রমাণ চিক্ষরপ ঐ নিয়ম-সিন্দ পিলেফীয়েরা আপনাদের ঐ দেবতার মন্দিরে রাখিল। এব° পরদিন প্রভূাষে লোক দকল উচিয়া দেখিল, দাগোনদেব পরমেশ্বের সিন্দুকের দমুথে এওং হইয়া মৃত্তিকাতে পতিত হইয়া রহিয়াছে, এব॰ পিলে-ফীয়েরা অতিশয় ক্লেশজনক রোগে পীড়িত হইলে, ভাহা-দের সমৃদয় দেশ উন্রেতে ব্যাপ্ত হইল।

অবশেষে আমাদের নিকট পরমেশ্বরের নিয়মিদিদূক আছে, একারণ এই দকল উপদূব ঘটিতেছে, ইহা পিলেফীয়েরা নিশ্চয় জানিল, কিন্তু আরো বিশেষরূপ জানিবার নিমিত্তে তাহারা পাপপ্রায়শ্চিত্ত হেতু অর্ণোরোগের ও মূষিকদিগের স্বর্ণনির্মিত পঞ্চং প্রতিমানির্মাণ করিয়া দিদ্ধের নিকটে এক পাত্রে রাখিল। পরে ঐ পাত্র সহিত দেই দিদ্ধক অল্পদিন প্রস্ত দুই গাভি বহাশকটে রাখিয়া কহিল, এই শকট যুদি পরমেশ্বরের দীমার পথ দিয়া বৈৎদেমদে যাইবে, তবে তিনিই আমাদিগের এই অমঙ্গল করিলেন, আরে যদি

না যায়, তবে আমাদিগকে যে হস্ত আঘাত করিল দে তাঁহার নয়, কিন্তু আমাদের প্রতি দৈবঘটনা হইল, ইহা জাত হয়।

পরে দেই দুই গাভী আশ্চর্য্যরূপে ও নিজ স্বভাব বিরুদ্ধে বৈৎশেমদের দরল পথ দিয়া গমন করিল, এব পিলেষ্টায়ের৷ ঐ গাভীর বৎস গৃহে বান্ধিয়া রা-থিলেও, তাহারা হয়ারবে বামে কিয়া দক্ষিণে না ফিরিয়া ইসায়েল দেশে পরমেশ্বরের সিন্দুক আনিয়া উত্তরিল। তদনন্তর শিম্য়েল ইদ্যায়েলের তাবৎ বংশকে কহিল, ভোমরা যদি অন্তঃকরণ সহিত পরমেশরের প্রতি মন ফিরাইতে উদাত হও, উবে আপনাদের নিকটহইতে অন্য দেবগণকে, দূর কর, ও পরমেশ্বরের উদ্দেশে 'আপন্থ অন্তঃকরণ নিযুক্ত করিয়া কেবল তাহার দেবা কর, 'ভাহাতে তিনি পিলেফ্টায়দের হস্তহইতে ভোমা-দিগকে উকার করিবেন। তাছাতে সমুদর ইসুায়েল বংশ দেব দেবীগণকে দূর করিয়া কেবল পরমেশ্বরের সেবা করিতে লাগিল। তথন শিমূয়েল কহিল মিল্পীতে দকল ইদায়েল বংশকে একত করিলে, আমি তোমা-দের জন্যে পরমেশ্বরের কাছে প্রার্থনা করিব। তাহাতে তাহার৷ সকলে মিল্লীতে একত হইয়া ও উপবাস করি-্যা কহিল, আমরা পরমেশ্বরেয় বিরুদ্ধে পাপ করি-লাম। অপর পিলেফীয়েরা এই বিষয়ে দংবাদ পাইয়া ই ্রায়েল বংশের সহিত যুদ্ধ করিতে গেল। যে শত্রু দের নিকটে ইদ্যায়েল বংশ অতিশয় ক্লেশ পাইল, ূতাহাদের আগমনে অতিশয় ভীত হইয়া শিমূয়েলকে

বিনতি করিয়া কহিল। আমাদের প্রভূ পরমেশ্বর পিলেফীয়দের হয়ত্ইতে আমাদিগকে উদ্ধার করণের জন্যে তাঁহার ক্লাছে তুমি প্রার্থনা করিতে বিরত হইও না। তথন শিমূয়েল দুগ্ধপোষ্য এক মেষবৎদ লইয়া পরমেশ্বরের উদ্দেশে সর্বপ্তক হোমবলি উৎসর্গ করিল, এবং ইসায়েল বংশের জন্যে পরমেশ্রের নিকটে প্রার্থনা করিলে, তাহাতে পরমেশ্বর তাহার প্রার্থনা গ্রাহ্য করিলেন। যে সময়ে শিমূয়েল হোমবলি উৎসর্গ করি-তেছিল, उৎকালে পিলেফীয়ের। ইদায়েল বংশের সহিত যুদ্ধ করিতে নিকটবর্ত্তী হইল। কিন্তু পরমেশ্বর পিলেফীয়দের প্রতি ভীম নাদে গর্জন করিয়া তাহা-দিগকে. ব্যাকুল করিলেন, তাহাতে তাহার। ইসুায়েল বংশের সমুথে পরাস্ত হইল। তাহাতে শিমূয়েল এক প্রস্তুর লইয়া দেই স্থানে স্থাপন করিয়া, এই পীর্যান্ত পরমেশ্বর আমাদের উপকার করিলেন এই কথা কহিয়া সেই স্থানের এবন্-এষর্ অর্থাৎ উপকার মারণার্থ প্রস্তুর রাখিল।, এই প্রকারে পিলেষ্টায়ের। পরাস্ত হইয়া ইসায়েল বংশের অধিকারে আর আইশ না, এব পরমেশ্বর শিমূয়েলের যাবজ্জাবন পিলেক্টায়দের বিরুদ্ধাচারী হইলেন। শিম্যেল বৃদ্ধ হইলে, ইসুায়েল বংশের প্রাচীনগণ তাহার নিকটে আদিয়া কহিল 🕳 দেশ তুমি বৃদ্ধ হইয়াছ, এবং তোঁমার পুত্রগণ ভোমার পথে চলে না, অতএব তুমি অঁন্যদেশীয়দের ন্যায় আ-মাদের 'বিচার করিতে এক রাজা নিযুক্ত কর। এই কথাতে শিমূয়েল অনুদ্ধুষ্ট হইলে, পরমেশ্বর তাহাকে কহিলেন, এই লোকেরা তোমার কাছে যে সমস্ত কথা কহিতেছে, তাহাদের দেই কথাতে মনোযোগ কর, কেননা তাহারা তোমাকে ব্যাগ করিল না, কিন্তু আমি যেন ভাহাদের উপর কর্তৃত্ব না করি, এই অভিপ্রায়ে তাহারা আমাকে ত্যাগ করিল। কিন্তু তাহাদের নিকটে অতিদৃঢ়-ৰূপে আপন অদমতি জানাইয়া তাহাদের কুব্যবহার প্র-কাশ কর। পরে শিমূয়েল লোকসমূহকে একত ডাকিয়া कहिन, हेमुारायात अज् भत्राभंत करहन, आभि हेमुारान বংশকে মিদর দেশহইতে বাহির করিয়া আনিয়াছি, এব মিদ্যিদের ও অন্যান্য রাজাদের উপদুবকারিদের হস্তহইতে ভোমাদিগকে উদ্ধার করিয়াছি। কিন্তু ভোমা-দের সমস্ত দুর্দশা হইতে উন্ধারকারী যে তোমাদের ঈশ্বর তোমরা তাঁহাকে অদা তাাগ করিলা, এবং তাহাকৈ কহিলা আমাদের উপরে এক রাজা নিযুক্ত কর্ অতএব তোমরা সকলে পরমেশবের নিকটে উপ-স্থিত হইলে, তিনি তোমাদের উপরে কর্তৃত্ব করিতে এক জন রাজাকে মনোনীত করিবেন। তাহাতে বিন-য়ামীন বংশের কীশের পুত্র শৌল নামক এক ব্যক্তি রাজপদে নিযুক্ত হইল। সে লোকদের মধ্যে দাঁড়া-ইলে, অন্য লোক অপেকা এক মন্ত্ৰক দীৰ্ঘ ছিল। প্রারে শিমূয়েল লোকদিগকে কহিল, পরমেশ্বের এই মনোনীত ব্যক্তিকে দেখ়, লোকদের মধ্যে ইহার তুলা কেহ নাই, ভাহাতে লোকেরা উচ্চৈঃম্বরে কহিল, রাজা চিরজীবী হউন।

পরে সিমূয়েল ইমায়েলের তাবৎ বংশকে কহিল,

দেথ তোমরা আমাকে যাহা ২ কহিলা, তোমাদের দেই দমস্ত কথাতে আমি ,মনোযোগ করিয়া ভোমাদের উপরে এক 'জনকে রাজা করিলাম। এই দেশ ' রাজা তোমাদের অগুসর ইইতেছে, আমি বৃদ্ধ ও পকুকেশ হইলাম, এবং দেখ আমি বালক কালাবধি অদ্য পর্যান্ত তোমাদের অগ্রনর হইলাম। আমি যদি কাহারো গোরু কিঁয়া গর্দভ লইয়া থাকি, কিয়া কা-হারো প্রতি অন্যায় করিয়া থাকি, বা কাহাকে ক্লেশ দিয়া থাকি, কিয়া আপন চক্ষু অন্ধ করিতে কাহারে। হস্ত হইতে উৎকোচ লইয়া থাকি, তবে দেখ আমি এই স্থানে আছি, তোমরা প্রমেশরের ও তাঁহার অভিষিক্তের সাক্ষাতে ইহার সাক্ষ্য দেও, আমি তাহা ফিরিয়া দিব। তাহার। কহিল, আপনি আমাদের প্রতি অন্যায় কর নাই, ও আমাদিগকে ক্লেশ দেও নাই, ও কাহারে। হস্তহইতে কিছু গ্রহণ কর নাই। পরে দে তাহাদিগকে কহিল, তোমাদের কোন দুব্য আমার হয়ে পাইলা না, প্রমেশ্বর ও ুতাহার অভিষিক্ত অদ্য সাক্ষী আছেন। তাহার। উত্তর করিল সাক্ষী আু-ছেন। পরে শিমূরেল লোকদি<u>শ্বে</u>কহিল তোমর[†] এখন দাঁড়াও, আমি তোমাদের ও তোমাদের পূর্ক-পুরুষদের প্রতি পরমেশরের সমন্ত ধর্মাকর্ম বিষয়ে পরমেশ্বরের সাক্ষাতে তোমাদের সহিত বিবেচনা করিব। যাকৃব মিসর দেশে আইলে তোমাদর পূর্ব-পুরুষের পরমেশরের কাছে প্রার্থনা করিল, াহাঁতে যে মূষা ও হারোণ মিদরহইতে তোমা 🧬 পূর্ব্ব-•

পুরুষদিগকে বাহির করিয়া আনিল, ও এই স্থানে তা-হাদিগকে বাস করাইল, পরমেশ্বর তাহাদিগকে প্রেবণ ি করিলেন। পরে লোকেরা আপনাদের প্রভু পরমে-খরকে বিষ্যৃত হউলে, তিনি হৎসোরের দেনাপতি দীষি-बात ७ शिलकीयरम्ब ७ भागावीय ताकात रस्य তাহাদিগুকে বিক্রয় করিলেন, তাহাতে তাহারা তাহা দের সহিত যুদ্ধ করিল। পরে তাঁহার। পরমেখরের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল, আমরা পাপ করি-লাম, আমরা প্রমেশ্রকে ত্যাগ করিয়া বাল দেবের ও অস্তারেৎ দেবীর দেবা করিলাম, কিন্তু এখন তুমি শতু হস্তইতে আনাদিগকে উদ্ধার কর, তাহাতে আমর: তোমার দেবা করিব। পরমেশ্বর যিরুজালকে ও বার-ককে ও যিপ্তহকে ও শিমশোনকে প্রেরণ করিয়া তো-মাদের চর্জিনিস্ শতু হস্তহইতে তোমাদিগকে উদ্ধার ুকরিলেন, তাহাতে তোমরা নিরাপদে বাস করিলা, তোমাদের প্রভূ পরমেশর রাজা হইলেও, আর্মাদের উপরে কঠ্ড করিতে এক রাজা দেও, এই কথা তোমরা আমাকে কহিল। অতএক তোমরা কাঞ্ছা করিয়াথে রাজাকে মনোনীত ক্রিলা, তাহাকে দেখ। দেথ প্র-মেখর তোমাদের উপরে রাজ। নিযুক্ত করিলেন। আর ১তামরা যদি প্রমেখরকে ভয় করিয়া ভাঁহার দেবা কর, ও তাহার কথা মান, ও পরমেশ্বরের আজ্ঞা লঞ্জ্ন ন। কর, তবে ভোমর। আপনাদের উপরে কুর্তৃত্বকারী রাজা প্রভূপরমেশ্বরের অনুবর্তীহও। কিন্ত हिम পর; • रायंत्रं कथा ना मान, ও পরমেশ্রের আজা লত্ত্বন

কর, তবে পরমেশ্বর যেমন তোমাদের পূর্ত্তপুরুষদের প্রতিকূল ছিলেন, তৃদ্ধপ তোমাদেরও প্রতিকূল হই-বেন। অদ্য 庵 গোধুমশর্দ্য ছেদনের সময় নয়? আমি পরমেশ্বরের উদেশে প্রার্থনা করিব, তাহাতে তিনি মেঘ গর্জন ও বৃট্টি প্রেরণ করিলে, ভোমরা রাজা প্রার্থনা করিয়া পরমেশরের সাক্ষাতে কেমন দুষ্টতা করিয়াছ তাহা দেথিয়া বুকিবা, পরে পরমেশর ঐ দিবদে মেঘ গর্জন ও রুফি প্রেরণ করিলেন। এব॰ সমস্ত লোক শিমূরেলকে কহিল, আমর। যেন না মরি, এই জনে_। তুমি আপন দাসদের নিমিত্তে আপন প্রভূ পরমেশ্বরের কাছে প্রর্থনা কর, কেননা আমরা রাজা প্রার্থনা করাতে পাপের উপরে পাপ বৃদ্ধি করিলাম। পরে শিমূয়েল লোকদিগকে কহিল, তোমরা ভয় করিও না, যদ্যপি ভোমরা এই সমস্ত দুষ্টতা করিয়াছ, তথাপি পরমেশ্বরের পশ্চাৎ এমনে নিবৃত্ত না হইয়া আপনাদের সমস্ত অন্তঃ-করণের সহিত পরমেশ্বরের সেবা কর। কিন্তু বিপথগামী হইও না, আর অসার এবং উপকারে ও পরিতাণে অক্ষম দেবগণের পশ্চাদ্গমন করিও না, কেননা তাহারা অসার; কিন্তু পরমেশ্বর আপন মহানামের গুণে আপন লোক-দিগকে ত্যাগ করিবেন না, পরমেশ্বর তোমাদিগকে আপনলোক করিতে সম্ভট আছেন। আমি তোমাদের জন্যে প্রার্থনা করণহইতে নিবৃত্ত হইয়া প্রমেশ্রের বিরুদ্ধে পাপ করি এম২ না ইউক, আমি ভোমাদিগকে উত্তম 🤫 স্রল পথ শিক্ষা করাইব। তোমরা কেবল পরমেশরকে ভয় কর, ও আপনাদের সমস্ত অন্তঃকুরণের

দহিত সত্যৰূপে তাঁহার সেবা কর, এবং তিনি ভোমা-দের জন্যে যে ২ মহৎ কর্ম করিয়াছেন, তাহা বিবেচনা কর। নতুবা যদি তোমরা এখন পাশা কর, তবে তোমরা ও তোমাদের রাজ। উত্যে বিনষ্ট হইবা। যীষ্ট খ্রীষ্টের জন্মের পুর্বের ১০৭৫ বৎসর।

ठजूर्थ।

শৌলের রাজ্য ও তাহার অনুচিত ব্যবহার, ও দায়্দের দারা জাল্ৎ নামক ব্যক্তির বধ, ও দায়্দের রাজ্য প্রাপ্তি, ও বোনাথনের দদাচার এবং শৌলের মৃত্যুর বিবরণ।

থাকি জন্মের পূর্ব্বে ১০৭৫ বংসর অবধি ১০৫১ বংসর পর্যান্ত ।
যাবেশ গিলিয়াদ্ নামক পুরী, নাহাশ্ নামক এক
আমনীয়দারা আক্রান্ত হইলে, শৌল রাজা ভাহাকে
পরাজয় করিয়া সে পুরীকে রক্ষা করিল। তদনন্তর পিলেফীয়েরা ৩০০০ রথী ৬০০০ অশ্বান্ত ইত্যাদি বহু
দৈন্য একত্র করিয়া দেশসমূহকে আক্রমণ করিতে লাগিল,
তাহাদের সঙ্গে যুদ্ধার্থে শৌলের ৩০০০ জন দৈন্য মাত্র
প্রস্তুত ছিল। এতুভিন্ন ইসুায়েল লোক সকল আক্রমণ
কারিদের ভয়ে ভীত হইয়া নিমুভূমি পরিত্যাগ পূর্ক্ব
পর্বত্তহা ও বনমধ্যে লুকিয়া রহিল, এই দুর্দশাতে
শৌল শিম্য়েলের আগ্রমন অপেক্রা না করিয়া দুঃসাহস
ন্ধপে পরমেশ্বরের উদ্দেশে হোমবলি উৎসূর্গ করিতে
উদ্যতঃহইল, পরে শিমুয়েল নিকটাগত হইয়া শৌল

যাজঁকীয় কর্মা অন্যায় পূর্বকে গ্রহণ করিয়া ঈশ্বর কৃত বিধান হেয়জ্ঞান করিয়াছে, ইহা দেখিয়া ভাহাকে তিরস্কার করত কহিল, তুমি অজ্ঞানের ন্যায় কর্ম্ব ক্রিলা, তোমার প্রভূ পরমেশ্বর যে আজ্ঞা দিয়াছেন তাহা পালন করিলা না, যদি পালিতা, তবে পরমেশ্বর ভোমার রাজ্য দর্মদা স্থির রাখিতেন, এখন ভোমার রাজ্য দ্বির থাকিবে না। পরমেশ্বর আপন ইচ্ছা-নুসারে এক জনকে মনোনীত করিয়া আপন লোকদের উপর তাহাকে, রাজা করিবেন, কেননা পরমেশ্বর তোমাকে যাহা আজা করিলেন, তুমি তাহা পালন করিলা না, তাহাতে শিমূয়েল শৌলের নিকট হইতে আগমন করিল। এই দুর্দশাতে শৌল রাজার পুত্র যো-নাথন আপন অস্ত্রবাহককে কহিল, তুমি আইস, আম-রা এই স্থানহইতে উত্তীর্ণ হইয়া অত্বকচ্ছেদিদের দুর্গে য়াই, তাহাতে পরমেশ্বর আমাদের উপকার করিবেন, ইহাও হইতে পারে, কেননা অনেকের দারা কিয়া অল্লদারা উদ্ধার করিতে পরমেশ্বরের কোন বাধা নাই। দে বিশিষ্ট রাজপুত্র ও তাহার পরিচারক এক বিশ্বস্ত দাস, উভয়ে প্রমেশবের আশুয় ও আশীকাদ পাইয়া শত্রুদের দুর্গমধ্যে প্রবেশ করিয়া তাহাদের মধ্যে বিশ জনকে বিনষ্ট করিল, তাহাতে শতুগণ তৎকালে ভূমিক্স হওয়াতে অতিশয় ভীত ও ুব্যাকুল হইয়া ইদ্যায়েল-বংশের দৈন্যদানন্ত আমাদের মধ্যে উপস্থিত হইয়াছে ইহা চিন্তা করিতে লাগিল, তজ্জন্যে বিজাতীয় গোলযোগ হওয়াতে তাহার। ভয়ে পর্স্লর **এড়াঘাত কঁরিছে**

नातिन, डाहार्ड हेमुारानर १ म এह को नाहन उनिरन, শৌল রাজা তাহাদিগকে দঙ্গে লইয়া তাহার পুত্র যো-নাথন গিয়া যে জ৾য় করিয়াছিল, তাহা দফল করিতে গমন করিল, তাহাতে পিলেফীয়েরা পলাইলে, যে লোক দকল দেশের নানা স্থানে গুপ্তভাবে রহিল, তাহার। শতুর্গনের পরাভবের সংবাদ পাইয়া তাহাদের পশ্চাৎ যাইয়া অনেককে হত্যা করিল। তদনন্তর শৌল মোয়া-অন্যান্য শতুদিগকে পরাভব করিল, পরে পরমেশ্বর ইসায়েলব
শের নিষ্ঠুর শতু দেবপূজক যে অমালেকীয় তাহাদিগকে প্রহার করিতে শৌলকে আজ্ঞা করিলেন, কেননা মিদর দেশহইতে ইসুায়েলব৹৻শের আগমন সময়ে তাহারা ভাহাদিগকে আক্রমণ করাভে, ভৎকালে পরমেশ্বর তাহাদের প্রতি অভিশাপ দিয়াছিলেন, এথন তাহাদের অসদাচরণ বৃদ্ধি পাইলে পরমেশ্বর শৌলকে আজ্ঞা করিলেন, তুমি যাইয়া ঐ দুরন্তদিগকে বধ করিয়া এব ৭ ধন সমূত্তি ও গোমেষাদি পশুরক্ষানা করিয়া निः भारत मर्क्य विनष्ठे कत्। श्रद्धायात्त्र अहे मूझ्रष्ठे আজা না মানিয়া শৌল রাজা সামান্য লোক সকল ও অতি তুক্ষ্ প্রাণী প্রভৃতি দংহার করিল, কিন্তু অগাগ ক্লাজাকে ও উত্তম গোমেকাদি পশু এবং লুঠিত বস্তুর মধ্যে বহুমূল্য দকল বস্তু রক্ষা করিরা আপনার মর্য্যা-দার নিমিত্তে জয়ধ্বনি করিতে লাগিল, শৌল রাজা পরমেশ্রের এই রূপ আজার অঁবজ্ঞা করিলে, পরমে-শর তাহার লোভ ও অহঙ্কারের বিষয়ে অতান্ত কুন

হইয়া শিম্যেলকে কহিলেন, তুমি শৌল রাজার নিকটে ণিয়া বল, পরমেশ্বর ভোমাকে পদ্চাত করিয়াছেন, ইহাতে শিমূয়েল তাহাকে এই রূপ কহিল, এব< • আরো বলিল, যে সময়ে তুমি আপন দৃষ্টিতে ক্ষুদু ছিলা, তথন কি তোমাকে ইসায়েলবংশের প্রধান করা যায় নাই? এবং পরমেশ্বর কি তোমাকে ইস্যায়েল বংশের উপরে কর্তৃত্বে অভিষিক্ত করিলেন না? পরমেশ্বর তো-মাকে যুদ্ধ যাত্রাতে প্রেরণ করিয়া কহিলেন, যাও, পাপিষ্ঠ অমালেকীয়দিগকে নিঃশেষে বিনষ্ট কর, এবং যে পৰ্য্যন্ত তাহারা নিঃশেষে বিনফ্ট না হয়, তাৰৎ ভাহাদের সঙ্গে যুদ্ধ কর, কিন্তু তুমি পরমেশবের সে কথা কেন মানিলা না, ? তুমি লুচিত বস্তুর জন্যে পর-মেশ্বরের সাক্ষাতে পাপ করিলা। ইহাতে শৌল রাজা कहिन, लांकिता शतरायदात उत्मास विनामार्थ न्-ঠের মধ্যে গোমেন ও নিঃশেষে বিনাশিত বস্তুর মধ্যে উত্তম ২ বস্তুল্টল, তাহাতে শিমূয়েল কহিল, পর-মেশ্বরের বাকা মানা করিলে তিনি যেমন তুষ্ট হন তেমন কি হোম ও বলিদান করাতে তুষ্ট হইয়া থা-কেন? দেখ বলিদান হইতে আজ্ঞাপালন ও মেষের মেদ অপেক্ষা বাক্যে মনোযোগকরণ উত্তম, অবাধ্যতা কেবল দেবপূজার নাায় পাপজনক হয়, ভুমি পর-মেশ্বের কথা দূর করিলা, এইছেতু তিনি তেমাকে রাজস্বহইতে দূর করিলেন, তথন শিম্যেল ফিরিয়া যাইতে উদাত হইবামাতে, শৌল তাহার বস্ত্রের অঞ্জ ধরিয়া টানিলে, তাহা ছিঁড়িয়া গেল, তাহাতে শিমূয়েল

তাহাকে কহিল, পরমেশ্বর অদ্য তোমাহইতে ইন্যায়েল বংশের রাজ্য টানিয়া ছিঁড়িলেন, এবং তোমাহইতে উত্তম তোমার এক প্রতিবাদিকে দিলেন, তথন শিমূয়েল স্বগৃহে ফিরিয়া গেল, এবং শৌলের মৃত্যুকাল
পর্যান্ত তাহার সহিত সাক্ষাৎ করিতে আর আইল না,
তথাচ শিমূয়েল শৌলের জন্যে বিলাপ করিত। শৌল এই
রূপ পরমেশ্বরের আজ্ঞালম্বন করাতে, আপন রাজ্যান্তাত
হইলে, পরমেশ্বর শিমূয়েলকে কহিলেন, তুমি, যাও, যুদা
বংশের যিশ্যির পুল্র দায়্দকে রাজ্যাভিষিক্ত কর।
যদ্যপি দে যুবা মেষপালক তথাপি নমু ও সাধুভাববিশিষ্ট হওয়াতে রাজকার্য্য করিতে সম্পূর্ণরূপে উপযুক্ত।

তৎপরে দেদিন অবধি পরমেশ্বরের আত্মা শৌলহইতে
অন্তর্হিত হইয়া দায়ুদে আবির্তৃত হইলেন, তাহাতে দুফীরাা শৌলকে আশ্রা লইলে, দে উন্মাদগুদ্ধ হইল।
তদনন্তর তাহার আন্তরিক উন্মাদগাতনা দূর করিবার
নিমিন্ত তাহার দাসবর্গ বিশেষ যতুপূর্ব্বক যাহারা বাদ্য
বাজাইয়া অন্তঃকরণকে আশু তুই করিতে পারে, এমত
বাদ্যবাদককে অন্বেয়ণ করিতে লাগিল। দায়ুদ বাদ্য
বিদ্যায় অতিশয় নিপুণ, ইহা রাজপরিচারকেরা শুনিয়া
তাহাকে রাজসমাপে আনিলে পর, রাজা তাহার বীণাযহন্তর বাদ্য শ্রবণে আহ্লাদে পুলকিত হইয়া তাহাকে
আপনীর অন্তবাহক করিল, তাহার পর দায়ুদের ঐ
কর্মে তৎকালে কোন প্রয়োজন না থাকাতে, দে কুশলে
আপন পিতৃগৃহে গিয়া পূর্ব্বমত সন্তোষে মেষপাল চশ্নাইতে লাগিল।

তাহাতে রাজসভাসদেরা তাহাকে এককালে কিয়ত रहेन, उ९भारत शिलकी एउता हेमु। एवन मिनारक शूनकीत আক্রমণ করিলে, উভয় জাতীয় সৈনোরা সম্থবর্তী, দুই পর্বতের উপরিভাগে শিবির স্থাপন করিল। রণা-রয়ের পুর্বে পিলেফীয়লোকের মধ্যে ৬ হন্তু দীঘ জাল্ৎ নামক এমত এক ব্যক্তি উভয় সোনোর মধ্য-স্থানে আগমন করিয়া কহিল, অদ্য আমি ইসুায়েল বংশকে তুচ্ছজ্ঞান করি, তোমরা এক জনকে দেও, আম্রা পরস্লর যুদ্ধ করিয়া এই উপস্থিত যুদ্ধের সমাধা করিব। শৌল রাজা বীরগণকে অনেক উৎসাহ দিয়া কহিল, তোমাদের মধ্যে যদি কেহ উহাকে পরাজয় করিতে পারে, তবে আমি তাহাকে বহুমূল্য রত্নাদি ধন मञ्जलि ও আমার আপনার কন্যার দহিত বিবাহ দিব, কিন্তু ইহাতে ভাহাদের মধ্যে কোন ব্যক্তিও 🗳 ব্যক্তির দীর্ঘতা ও তাহার শরীরের বল দেখিয়া তাহার দহিত যুদ্ধ করিতে সমর্থ হইল না।

ইতিমধ্যে তাহার ভুাতৃগণ যাহারা দৈন্যদিগের
শিবির মধ্যে ছিল, তাহাদের নিকটে আহার দুবা,
লইয়া দায়্দ পিতৃকর্তৃক শ্রেরিত হইয়া শিবিরে উপদ্বিত হইবামাত্রে শনল, যে ঐ নিপুর পিলেক্টায় লোক
অহস্কার প্রযুক্ত পরন্মেশ্বরের দৈন্যকে তৃচ্ছ করিতৈছে,
দে যুবা করি ঐ অপমানে কাতর হইয়া এবং পরমেশ্বের মহিমা ও স্বদেশের মঙ্গল বিষয়ে আকান্ধ্রী
হইয়া শৌল রাজাকে কহিল, মহাশ্রু বিষয়ে দৈন্গণ এত ভয়গুন্ত, আমি তাহার দঙ্গে যুদ্ধ করিতে প্রবৃত্ত্ব

আছি, তাহাতে শৌল দায়ূদকে কহিল, জুমি দেই পিলেফীয়ের সহিত যুদ্ধ করিতে শক্ত নও, কেননা তুমি ্যুবা, এব॰ দে যৌবন কালাবধি যোক। ইহাতে দায়ূদ শৌলকে কহিল, আপনকার এই দাস আমি, আ-মার পিতার মেষ রক্ষা করিতৈছিলাম, ইতিমধ্যে এক দি°ংহ ও এক ভল্লুক আদিয়া ঐ পালের মধ্যহইতে মেষবৎদ ধরিয়া লইল, তাহাতে আমি তাহাদের পশ্চা২২ যাইয়া তাহাদিগকে প্রহার করিয়া তাহা-দিগের মুথহইতে তাহা উদ্ধার করিলাম, পরে তাহারা আমার বিরুদ্ধে উচিলে, আমি তাহাদের দাড়ি, ধরিয়া প্রবল প্রহারে বধ করিলাম, এ প্রকারে আপনকার দাস সেই সি°\হকে ও ভল্লুককে বধ করিল, ঐ অত্বক-চ্ছেদী পিলেফ্টীয় দৈন্য ঈশ্বরকে তুচ্ছ করাতে, দেই দুয়ের ভুলা হইবে। যিনি সেই দি^হের ও ভল্লুকের হস্তহইতে আমাকে উদ্ধার করিলেন দেই প্রমেশ্বর আমাকে পিলেফ্টীয়ের হস্তহ্ইতেও উদ্ধার করিবেন, তাহাতে শৌল দায়ূদকে কহিল, যাও পরমেশ্বর তোমার मुझी रुउन ।

পরে শৌল আপন সজ্ঞাদারা দায়ূদকে সাজাইতে
মনস্থ করিলে, দায়ূদ দৈই সজ্জা পরিধান করিতে স্বীকার
করিল না, বরণ যফি ও এক-ফিঙ্গা হস্তে করিয়া
নিকটবর্ত্তি সোতঃ হইতে পাঁচখানা চিক্বণপ্রস্তার বাচিয়া
লইয়া দেই পিলেফীয়ের সঙ্গে রণ করিতে গমন
করিল, ভাহাতে দে পিলেফীয় দায়ূদকে যুবা ও অন্ত্রহ্নি দেখিয়া তুচ্ছুক্তানকরণ পুর্বেক নিজদেবগণের

নামাবলম্বন করত অভিশাপ দিয়া কহিল, আমার কাছে, তুই আয়, আমি তোর_, মাণ্স লইয়া শূনোর পক্ষী ও প্রান্তরের পশুদিগকে বিতরণ করি। তাহাতে দায়ৃদু কহিল, তুমি থড়া ও বড়শা ও শলা লইয়া আমার কাছে আদিতেছ, কিন্তু তুমি যাহাকে তুচ্চ্ কর দেই দৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বরের অর্থাৎ ইন্যুায়েলের দৈন্য শ্রেণির ঈশ্বরের নামে আমি তোমার নিকটে আদি-তেছি, অদ্য পরমেশ্বর তোমাকে আমার হস্তগত করি-বেন, তাহাতে আমি আঘাত করিয়া তোমার শির-শ্ছেদন করিব, এব ১ পিলেফ্টীয়দের দৈন্যের শব অদ্য আকাশের পক্ষিগণকে ও পৃথীবীর বনপশুদিগকে দিব তাহাতে ইসাুুুুুেয়েলের সহায় ঈশ্বর, ইহ। পৃথিবীস্থ তাবৎ লোক জ্ঞাত হইবে। এবং প্রমেশ্বর থড়্গ ও বড়শা ছারা রক্ষা করেন না, ইহাও এই সভাস্ত্ লাকেরা জানিবে, ,কেননা যুদ্ধ পরমেশ্বরের, তিনিই তোমাদি-গকে আমাদের হস্তে সমর্পণ ,করিবেন। কথোপকথনের পরে দায়ূদ রণ ভূমিতে হঠাৎ উপ-ষ্তি হইয়া ঐ ফিঙ্গাদারা এক প্রস্তর ঘ্রাইয়া 'সেই পি-লেষ্টায়ের কপালে এমৎ আঘাত করিল, যে তাহাতে দে ভূমিতে অপোমুঝ হইয়া পড়িল, ইহাতে দায়ূদ দেই পিলেক্টীয়ের নিকটে দৌড়িয়া গিয়া তাহারি এড়গদ্মুরা তাহার' মন্ত্রক ছেদন করিল, এইরপে দাযূদ পরখেরের আশীর্কাদে এক প্রস্তুরাঘাতে ঐ মহাবীরকে পরাভব করিল। ইহাতে শিলেফ্টীয়েরা আপনাদিগের মধ্যে মহা-বীরের এই ৰূপ পরাভব দেখিয়া দকলে পঁলাইল, ইহাতে

. इमुाराम लोक मकन উकिः घर का अस्ति कतिन, ঐ পিলেষ্টায়দের দেশের দীমা পর্যান্ত পশ্চাৎ ধাবমান হইর। মহাসংগ্রাম পূর্ত্তক তাহাদিগকে বিনষ্ট করিল। এই যুদ্ধে জয় প্লাপ্ত হইয়া প্রত্যাগমন সময়ে উত্তম অধম যুবা বৃদ্ধ স্ত্রীপুরুষ প্রভৃতি সকল লোকের সহিত রাজা ঐ যুবাবীর দেশরক্ষক দায়ূদের সঙ্গে সাক্ষাৎ করিবার নিমিত্তে বাহিরে আইল। পরে সকল লোক দায়ুদের প্রশাণ, দা করিলে, শৌল রাজা ইর্যা প্রযুক্ত তাহা শ্রনিতে অতিশয় বিরক্ত হইল, ইহাতে আত্মা শৌল রাজাতে আবিভূত হইলে, দে বারম্বার ঐ দেশ রক্ষক माशूरमत প्रान विनक्षे कतिएं एक्कां कतिएं नातिन, কিন্তু দায়ূদ আপনি দৎপথে থাকিয়া স্বকার্যা দক্ল নি-ৰ্কাছ করাতে প্রমেশ্বর তাহাতে দত্তই অধিঠিত থাকি-লেন। তাহাতে সে দায়ূদ শৌলের অসংকৌশল হইতে যে কেবল উদ্ধার পাইল এমৎ নহে, কিন্তু যোনাথন নামক ঐ রাজার পুত্রের নিকটে ক্রমশঃ পিরপাত হইতে লাগিল, শৌলের মরণের পর দায়ূদ পূর্ফে দে শিমূয়েল'কৃত অভিষেকানুসারে রাজা হইলে, তাহার পুল্রেরা রাজ্যে অধিকারী হইবে না, যোনাখন নামক রাজপুত্র তাহা অগ্রে জানিয়াও অতুলা মহত্ব প্রযুক্ত দায়দের ভাবি দৌভাগ্য বিষয়ের লোভী ও কাতর না হইয়া ইসুায়েল বংশের ভবিষ্যৎ রাজার ন্যায় সমান করিতে লাগিল, এবণ বন্ধুতা ও প্রেমের দৃঢ় প্রমাণের নিমিত্ত আপনার অন্ত্র শন্ত্র প্রভৃতি রাজ যোগ্য পরিচ্ছদ তাহাঁকে পরাইল, দায়ূদ শৌলের কন্যা

মিল্কাকে বিবাহ করিয়াছিল, তথাপি দে রাজা তাহাকে ছ্ণা করিতে তুটি করে নাই, এবং রাজপুত্র যোনাথন ঐ ধার্মিক ও নির্দোষিব্যক্তির প্রতি পিতার সর্বদা অনু-, চিত নিষ্ঠুর ব্যবহার জানিয়া তল্লিবারণার্থে অভিশয় যতু করিলেও তাহার উন্মন্ত ও নিষ্ঠুর পিতা শৌল রাজার উত্তরোত্তর দায়ুদের প্রতি ক্রুর বাবহারের বৃদ্ধি হইতে नाशिन। তাহাতে मातृम ममिक्क इहेशा श्रामण्डहेरु পলাইল, কিন্তু ইহার পূর্কে যোনাখনের সহিওঁ সাক্ষাৎ করিলে, ঐ দুই জন পরস্পর মিত্রতা ও স্নেহ প্রযুক্ত আপনা আপনি আলিঙ্গন করিয়া তাহা তাহাদিণের মধ্যে দৃঢ়প্রেম দ্বির করিলে পরে, যোনাথন দার্দকে কহিল, তুমি রাজ্য প্রাপ্তির পরে আমার বংশের প্রতি দয়া প্রকাশ করিবা, তুমি আমার নিকট এই শপথ কর। তদনন্তর যোনাথন তাহার পিতার রাজ-কার্য্য উত্তম রূপে নির্কাহ করিবার জন্যে রাজসভাতে পুনর্কার ফিরিয়া গেল। কিন্তু দায়ূদ প্রধান যাজক আহিমেলেকের নিকটে পলাইয়া গেল, সে বাজক ভাহার দুর্দশা দেখিয়া যাজকর্মণ ব্যতিরেকে সামান্য লোকের ভোজন নিষিদ্ধ যে পবিত্র দর্শন রুচী, তাহা আহারার্থে দায়ূদকে ও তাহার নঙ্গিণকে দিল; এই দানৰূপ কাৰ্য্য কেঙ্কল ঐ, যাজক ও তাহার এলিয়ু-বংশোভব ভাতৃগণের দুংথের মূল কারণ হইল, কেননা শৌল রাজা এই বিষয়ে সংবাদ পাইয়া তাহার বং-শের ৮৫ জনকে একত্র আনয়ন করিয়া অতিশয় ক্রোধে দেষভাব প্রযুক্ত ইহার প্রতিফল দিবার জন্যে দে সকু-

লকে বিনষ্ট করিতে আজা করিল, এবং অবিয়াথর নামক এক যুকা পুরুষ বাতিরেকে উহাদের সমুদয় ,পরিবারকে বিনাশ করিল, ইহাতে এলীয়বংশের প্রতি পরমেশ্বর পূর্কে যে ৰূপ অকাল মৃত্যুর বিষয় কহিয়াছিলেন, তাহা একলে সমপূর্ণরূপে ঘটিল। তদ-নন্তর দায়ূদ ব্যাকূল হইয়া সর্ব্রদা শতুহন্তে বিনষ্ট হই-বার আশঙ্কায় লোকালয় ত্যাগ করিয়া নিবিড় বন ও দুর্গম পর্বতের গৃহার মধ্যে ল্কিয়া থাকিল, পরে তাহার শতুরা ভাহাকে ধরিবার অতিশয় চেষ্টা করিলে, দে ইতস্ত্রতো ভুমণ করিয়া বন্য পশুর বাদ স্থান গুহা-मिटि वाम कतिशां अपूत्र **अ**गिन ताकात निर्मश एव ভাবের অন্বেল হইতে উত্তাল হইল না, কেননা কোন সময়ে শৌল রাজা অনেক সৈন্যসামন্ত সঙ্গে লইরা দাযুদকে ও তাহার দঙ্গিলোককে বেষ্টন করিল এবৎ দায়ূদ যে ওহাতে লুকিয়া ছিল, তাহা শৌল না জা-নিয়া বিশুামার্থ দেই সময়ে তাহার মধ্যে প্রবেশ করিল। পরে দায়ূদের সঙ্গি লোক সকল এথন শৌলকে মারিয়া রাজা হও এই পরামর্শ দায়ূদেরে দিলে পর ঐ ধার্মিক সুশীল জানবান্ বাক্তি নিজ পুণা ও প্রভু ভক্তির গুণ প্রকাশার্গে, তাহা স্বীকার না করিয়া অধীনস্থ লোককে নাট করিতে সকলেই সক্ষম, ইহার প্রমাণ রাজাকে দেখাইবার জন্যে থড়গদারা তাহার বস্ত্রের অঞ্চল ছেদন করিল, এবং নিজলোককে নিবারণ করিয়া তাহার শতুকে নির্জিল্পে বাহিরে যাইতে দিল। কিন্ত দ্রাঝা শৌল রাজা দায়্দের এতাদৃশ ক্ষমা দেখিলেও

তাহার শতুভাব দূর হইল না। পরে আঁরবার শৌলের শরীররক্ষকের অসাবধানতা প্রযুক্ত দে নিদাবস্থায় দায়্দের হস্তে পড়িল, ইহাতে তাহার দিলেনিক দকল তাহাকে বিনষ্ট করিতে পুনর্ফার পরামর্শ দিলে, দে ধর্মশালতা প্রযুক্ত ঐ নির্দ্ধে শতুকে নষ্ট করিতে অস্থাক্ত হইল, এবং তাহার দিলিও বাহারা নির্দ্তির রাজাকে বড়শাঘারা বিদ্ধ করিতে উদ্যত ছিল, তাহাদিনকে নিবারণ করিয়া কহিল, উহাকে বিনষ্ট করিও না, ইশ্বাভিষিক্তের প্রতিক্লে হস্তোদাম করিলে, কে নিরপরাধী হইতে পারে? পরমেশ্বরই তাহাকে আঘাত করিবেন, কিয়া তাহার মরণ দিন উপস্থিত হইবে, অথবা সংগ্রামে প্রবিষ্ট হইয়া হত হইবে।

তৎপরে তাহার অন্তিম কাল নিকটবর্ত্তি হইলে, সেই
দুর্দ্দশা গুম্ভ রাজা আপনার অপরাধ বিষয়ে মনোদুঃঝী
ও উন্মন্ত ও পিলেস্টীয়দারা আক্রান্ত এবং প্রমেশ্বরকর্তৃক ব্যতিব্যম্ভ হইয়া এন্দোর নিবাদি এক ডাকিনীর
নিকটে প্রমুম্ম লইতে গেল।

তৎপরে পিলেফীয়দের সঙ্গে যুদ্ধ করিবার জন্যে গিল্বোয় নামক পর্ত্তে গেল। পরে তাহার দৈনাসমূহ পরাস্ত হইয়া পলায়ন করিলে, ও তাহার অনুপম যুদ্ধবীর বোনাথন নামক পুত্র দাক্ষাৎ বিনফ হইলে, ক্লতবিক্ষুত হওয়াতে পলায়ন কিয়া যুদ্ধ করিতে অসমর্থ হইয়া আপনি, আত্মহত্যাতে প্রাণতীগ করিল। খ্রীফ জন্মের পুর্ব্ধে ১০৫৬ বৎসর।

शक्त्रम ।

দায়ূদের রাজত্ব, আব্শালোমের বিদ্যোহাচরণ, এবং প্রমেশ্বরের মহামন্দির প্রস্তুত হইবার দামগ্রী দংগুরুহের বিষয়।

श्रीके जत्मत् भृत्कं ১०৫७ অर्दाध ১०১৫। वश्मत्।

এই রূপ দুর্ঘটনায় (অর্থাৎ) শৌল ও তাহার পুত্র যোনাথনের মৃত্যু হইলে) দিংহাদন প্রাপ্তি অতিশয় मून ७ इरेल ७, मायूम ठारा उनिया आब्लामिठ हिन नी, বর্ণ শোকাকুল হইয়া রোদন করতঃ মমতা প্রকাশক এক উত্তম কবিভাতে শৌল ও ভাহার বিশিষ্ট পুত্র যোনাথনের জন্যে বিলাপ করিতে লাগিল। যাবেশ্ शिलियम् नगरनिवानिता आप्रनीयरमत रस्टरेख भूर्ख শৌল য়াজা দারা রক্ষা পাইয়াছিল, ইহা বিষ্ত না ছইয়া শৌল এব° যোনাথনের মৃতদেহ পিলে**ন্টা**য়দের নিকটহইতে উদ্ধার করিয়া উত্তম রূপে কবর দিল। পরে যোনাথনের পুত্র মিফিবোশৎকে পৈছুক ভূম্যাদি-বিষয় সমর্পণ করিয়া কহিল, তুমি নিভান্ত পিভার নিমিত্তে আমার প্রিয়পাত্ত হইয়া থাকিবা ও আমার ভোজনাসনে ভোজন করিবা। তৎকালে রাজসিণ্হাসন শূন্য হইলে, দায়ূদ পূর্বে আপনি ঐ দিৎহাদনে এক বার গোপনে অভিষিক্ত হইয়াছিলেন, ইহা বিবেচনা করিয়া প্রমেশ্বরের নিকটে কর্ত্তব্যাকর্ত্তব্যের বিষয়ে আজা প্রার্থনা করিতে লাগিল, তাহাতে তাহাচে পর-মেশ্বর হিব্যোন নগরে যাইতে আজ্ঞা করিলে, সে দেখানে

যাইয়া প্রকাশ্যরূপে রাজ্যাভিষিক্ত হইয়া ফিছ্দার বএ-শের উপরে রাজ্ত্ব করিতে লাগিল। কিন্তু শৌলের দৈন্যাধ্যক্ষ আবনের অন্য দকল বংশের কুপ্রবৃত্তি জন্মা-ইলে, তাহারা শৌলের অন্যপুত্র ইশ্বোশৎকে রাজা করিল, তজ্জন্যে অনেক বৎসর পর্যান্ত স্বদেশের মধ্যে অতিশয় নিধুর যুদ্ধ উপদ্বিত হইল। পরে ইশ্বোশৎ নিজ দুষ্ট দেনাপতি দারা হত হইলে, ও আব্নের্ দায়্দের সৈন্যাধ্যক্ষ যোয়াবকর্তৃক হত হইলে, যুদ্ধ শেষ হইল। তথন ইসুায়েল বংশ সকল হিব্লোণ নগরে দায়ু-দের নিকটে আসিয়া সকলে এক বাক্যে একচিত্ত হইয়া তাহাকে ইদায়েলের রাজা করিল।দায়ূদ এই ৰূপ কুশলে রাজিদি হাদনারত হইয়া প্রমেশ্রের আশীর্কাদে অতি-শয় পরাক্রমশালী হইয়া স্বদেশের প্রাচীন শতরগণকে প্রহার করিতে মনস্থ করিল। তদনন্তর দে পিলেফীয় ও মোক্কাবীয় ও সুরীয় এবং আমোনীয় লোককে পরাস্ত করিয়া ইদম দেশের অনেক স্থানে দুর্গনির্মাণ করিল, তা-হাতে ইন্হাক্ নামক এক ব্যক্তি এমৌর প্রতি যে ভবিষ্য-দ্বাক্য কহিয়াছিল, তাহা এক্ষণে সফল হইল, এবং যিক্ত-শালম নগরের দিওন নামুক পর্বতোপরিক্তি বৃহৎ দুর্গ আক্রমণ করিয়া দেই পুরী আপন রাজধানী করিল। দার্দ পরমেশ্বরের প্রদাদে এই রূপ বিবিধ প্রকারে জয় প্রাপ্ত হইয়া যে দকল ধর্মের নিয়ম শৌল রাজার দাঁম-য়ে কোন ব্যক্তি মানে নাই, সে দকল নিয়ম কৃতজ্ঞতা পূর্বক, প্রচার করিয়ার উপায় চিন্তা করিতে লাগিল। ভদ্ধনো দায়ূদ রাজা পরমেশ্বরের নিয়ম দিন্ধুক পরমা-

জ্লাদ পুরুকে যিরুশালম নগরে আনাইয়া এক দামানা গৃহ মধ্যে রাখিল, এবং তৎকালে ঐ বিষয়ক ধর্ম গীত রচনা করিল। যথা,

পরমেশ্রের প্রশণ্সা কর, ও তাঁহার নামে প্রর্থনা কর, ও লোকদের কাছে তাঁহার আশ্চর্য্য ক্রিয়ার প্রকাশ কর, ভাঁহার উদ্দেশে গান কর, ও তাঁহার উদ্দেশে গাত গাও, ও তাঁহার আশ্চর্য্য কর্ম দকল মনেতে ধ্যান কর। তাঁহার পবিত্র নামের লাঘা কর ও পর-মেশ্বরের অস্বেষণ কারিদের অন্তঃকরণ সর্ব্বদা আনন্দ যুক্ত থাকুক। পরমেশ্বরের ও তাঁহার শক্তির অন্বেষণ কর, ও সর্বাদা ভাঁহার মুথের অন্বেষণ কর। হে তাঁহার দেবক ইদ্যায়েল বংশ ভাঁহার কৃত আশ্চর্য্য কর্মা দকল ও তাঁহার অভ্তলক্ষণ ও তাঁহার মুথের দণ্ডাক্তা মারণ কর। হে পৃথিবীস্থ লোক দকল, পরমেশ্বের উদ্দেশে গান কর, ও তাঁহার কৃত পরিতাণ দিনে২ প্রকাশ কর। এবং অন্যদেশীয়দের মধ্যে তাঁহার গৌরবের, ও তাবৎ লোকের নিকটে তাঁহার আশ্চার্যা ক্রিয়ার বর্ণনা কর। পরমেশ্বর মহান্ ও অতি প্রশংসনীয়। ও তাবদেবকা অপেকা ভয়ুহি। অন্যদেশীয়দের দেব-তা দকল অগণ্যের মধ্যে, কিন্তু পর্মেশ্বর আকাশের স্ফিকর্ত্তা, এবং প্রশংসা ও সমাদর তাঁহার অগ্নবর্ত্তী, ও তাঁহার বাদ স্থানে শক্তিও দৌদ্র্য্য থাকে। হে মনুষ্যাসন্তানবর্গ, তোমরা পরমেশরের প্রশৎসা কর, ও পরমেশ্বরের মহিমা ও পরক্রেমের প্রশংকার, এব৭, পরমেশ্বরের নামের মহিমার প্রশণ্সা কর, ও

নৈবেদ্য দঙ্গে লইয়া ভাঁছার দাক্ষাতে উপস্থিত হও, ও পবিত্র আদরেতে পরমেশ্বরকে প্রণাম কর। হে পৃথি-বীস্থ লোক সকল তাঁহার সাক্ষাতে ভীত হও। তিনি এমন ৰূপে জগতের স্থিতি করিয়াছেন, যে দে কদাচ বি**চলিত** হইবে না। অতএব স্বর্গীয় লোকেরা আনন্দ করুক ও পৃথিবীস্থ লোকের। উল্লাসিত হউক। এব ে পরমেশ্বর রাজত্ব করেন, ইহা তাবৎ লোকের মধ্যে বলুক, পর-মেখরের প্রশংসা কর, কেননা তিনি মঙ্গল দাতা ও তাঁহার অনুগুহ, চিরস্থায়ী। এব এই কথা কহ, হে আমাদের প্রভো পরমেশ্বর আমরা যেন তোমার পবিত্র নামের ধন্যবাদ ও তোমার প্রশংশাতে ল্লাঘা করি, তরিমিত্তে আমাদিগকে তাণ কর, ও অনা দেশীয়দের মধ্যহইতে সংগুহ করিয়া উদ্ধার কর। ইস্বায়েলের প্রভূ পরমেশ্বর আদান্ত পর্যান্ত ধনা হউন; পরে দকল লোক কহিল এমনি হউক।এব॰ তাহারা পরমেশ্রের ধন্যবাদ করিল। তৎপরে দায়ূদ পরমেশরের নিয়ম সিকুকের নিমিত্তে এক বৃহৎ মন্দির নির্মাণ করিতে মনস্থ করিলে, নাথন নামক ভবিষ্যদক্ত। ঈশ্বর কর্তৃক প্রেরিত হইয়া ভাহার নিকটে আসিয়া কহিল, পরমেশ্বর কহিতেছেন, তুমি সমপূর্ণায়ু হইয়া পিতৃ লোকদের নিকটে গঁত হইলে, আমি তোমার সন্তানজাত ভাবি বংশকে স্থাপিত করিব, ও তাহার রাজা দ্বির করিব। সে আমার নিমিত্তে এক মন্দির নির্মাণ করিবে, এব প আমি তাহার রাজসি ংহা-দন চিরকাল স্থির করিব। এবণ আমি তাহার পিতৃ ষ্ক্রপ হইব ও সে আমার পুল্র্য্রপ হইবে। কিন্তু

ভোমার পূর্বভূত শৌলরাজাহইতে যেমন অনুগুহ লই-লাম, তেম্ন তোমাহইতে আমার অনুগুহ নীত হইবে না। কিন্তু তোমার গৃহে ও তোমার রাজ্য চিরকাল ভির রাথিব, এবং ভোমার দিংহাদন ও দর্মদানি-শ্চল হইবে। ভাহাতে দায়ূদরাজা বিনয়পূর্কক পর-মেখরের আজ্ঞার বশীভূত হইয়া কহিল, প্রমেশ্বর আপনার সদয়বাক্যানুসারে অভিমত সিদ্ধ করুন। পরে माष्ट्रम थे मुन्पत प्रन्पित निर्मागार्थ माना तथा काछ প্রভৃতি নানা বিধ দুবা প্রস্তুত করিতে লাগ্মিল। সৌ-ভাগ্যেতে মানুষের মনঃভুষ্ট হয়, এই নিয়মে অনেক দিন পর্যান্ত দায়ুদের দৌভাগ্য হওয়াতে তাহার মনঃভুষ্ট হই-লে, নে অহন্ধার পূর্ব্বক মুপথ ত্যাগ করিতে উদ্যত হইল। তৎকালে তাহার সৈন্যাধ্যক্ষ যোয়াব্আমনীয়ার সঙ্গে রণ স্থলে যুদ্ধ করিতে ২ দায়ূদ রাজবাটীতে নি-স্কুমের্ম রহিয়া তাহার উরীযননামক এক জন যুদ্ধবীর ও বিশ্বস্তু সেনাপতির ভার্যা, বৎশেবাকে দেখিবামাত্র ভাছাতে আসক্ত হইয়া কুকর্ম করিল। রাজা আপন অপরাধ ও বংশেবার লজ্ঞা কোন প্রকারে লুকাইতে ना পারিয়া যোয়াবকে আজ্ঞা করিল, উরীয়কে তুমুল যুদ্ধের সমুথে নিযুক্ত করিয়া তাহার নিকট হইতে তো-মরা সরিয়া যাইবা। তাহাতে সে অমনীয়দারা ऋত হইয়া মরিবে। পরে রক্তাক্ত ব্যক্তি যোয়াব শীৰু রাজার আজা সিদ্ধ করিলে, উরীয় নামক বীর হত হইল। তাছাতে দায়ূদ সেই অনিষ্ট ক্রিয়ার ফল ভো-গার্থে হঠাৎ বৎশেবাকে বিবাহ করিল। তৎপরে পর্-

মেশবের আজানুসারে নাথননামক ভবিষ্যদক্তা দায়ুদের নিকট আসিয়া কহিল, এক নগরে এক ধনবান্ও এক দরিদু দুই লোক ছিল। এব॰ ঐ ধনবানের অতি প্রচুর গোমেষাদির পাল ছিল। এব**ং দরিদুদের** একটি ক্ষুদু মেষবৎসাকে ক্রয় করিয়া তাহাকে পালন করিত, তদ্যাতি-রেকে তাহার আর কিছু ছিল না, অপর এক পথিক ঐ ধনবানের গৃহে অতিথি হইলে, দে আপনার নিকটে আগত অতিথির জনেঃ পাক করণার্থে আপন গোমে-ষাদি পাল হইতে কিছু লইতে সমত নাহইয়াঁ ঐ দরিদের মেষবৎসাকে লইয়া আপনার নিকটে আগত অর্থির জন্যে পাক করিল। তাহাতে দাযূদ ঐ ধনবা-নের প্রতি অতিশয় ক্রোধাণ্নিতে প্রদ্বলিত হইয়া নাথ-নকে কহিল, পরমেখরের অমরতার দিব্য করিয়া কহি-তেছি এমন কর্মকারি লোক অবশ্য মরিবে। দে তাহার প্রতি কিছু দয়ানা করিয়া এমত কর্ম করিল, এই জন্যে ঐ মেষবৎসার চতুর্ত্তন ফিরিয়া দিবে। নাথন দায়ৃদকে কহিল, তুমিই 'দেই মনুষ্য। ইদায়েল বংশের প্রভু প্রমেশ্বর এই কথা কহেন, আমি তোমাকে ইসায়েল . বংশের উপরে রাজ্যাভিষিক্ত করিলাম, ও শৌলের হস্তহইতে ভোমাকে উদ্ধার করিলাম, এবং ভোমার প্রভুর দক্ষি তোমাকে দিলাম, এবং যদি তাহা অল হইত ভবে ভোমাকে আরো অধিক নানা প্রকার বস্তু দিতাম, এখন তুমি পরমেখরের দাক্ষাতে পাপ করিয়া কেন তাহার আজ্ঞা তুচ্ছ করিলা। তুমি উরিয়কে ঝড়গদার। বধ করিয়া তাহরি ভার্যাকে আপন ভার্যা

করিলা, উরিয়কে অন্মোন বংশের ধড়গদারা বথ করিলা।
অভএব ধড়গ ভোমার বাটা কথন ত্যাগ করিবে না।
পরমেশ্বর কহেন, দেখ আমি তোমার পরিবার হইতেই
ভোমার বিরুদ্ধে অমঙ্গল উৎপন্ন করিব, এবং ভোমার
ভার্যাগাণকে লইয়া ভোমার নিকটস্থ ব্যক্তিকে দিব, তাহাতে লে এই সূর্য্যের সাক্ষাতে ভোমার ভার্যার সহিত
শয়ন করিবে, তুমি গুপ্তরূপে এই কর্মা করিয়াছ, কিন্তু
আমি তাবং ইসায়েলের ও সূর্ক্যের সাক্ষাতে এই কর্মা
করাইব। দায়ূদ কহিল আমি পরমেশ্রের বিরুদ্ধে
পাপ করিলাম, ভাহাতে নাখন দায়ূদকে কহিল, পরমেশ্রের তোমার পাপ দূর করিলেন ইহাতে তুমি মরিবানা।
কিন্তু তুমি এই কর্মাদারা পরমেশ্রের শতুগণকর্তৃক অভি
নিন্দা করাইয়াছ এই জন্যে ভোমার উরস জাত এই
পুল্র মরিবে।

তৎপরে দায়্দ স্বরাতেই নিজাপরাধের ফল ভোগ
করিতে লাগিল, কেননা বৎশেবা নামা তাহার ভার্যাতে
আপন ঔরস জাত সন্তান মরিয়া গেল, এবং তাহার
অন্য পুত্র আমন্ আপন বৈমাত্রেয় ভগিনী তামরকে
ভুকী করিলে, ঐ কন্যার স্হোদর ভাতা আবসোলম
ঐ বৈমাত্রেয় আমোনকে বধ করিল। তদনন্তর আব-দোলম পিতার প্রধান মন্ত্রী আহিথিফেল ও অন্যান্য
ভদুলোকের সহায়তা পাইয়া মিইটবাক্য ও ধন বিতরণ
দারা সামান্য লোকের মন আপনাদিকে আকর্ষণ করিয়া লইল। পরে দায়্দ রাজা নিজে নিভান্ত পুত্রবৎসল
হইলেও তাহার বিফ্লে তাহার পুত্র আব্দোলম ক্রমাণত যুদ্ধ করিয়া আপনি রাজা হইল। দায়ুদ তাহার পুলের নিষ্ঠুর ও অপকৃষ্ট রাবহার দর্শনে নিতান্ত বিষয়া-পন্ন হইয়া নিজাপরাধ পুযুক্ত আপনাকে পরমেশরের কোধের পাত্র জানিয়া পুর্বেমত দাহদী হইতে পারিল না, তজ্জনো কতক গুলিন বিশিষ্ট প্রিত্ম দাদ দঙ্গে লইন্যা যিক্রশালম হইতে পলাইয়া গেলে, পর ভাহার পুত্র আবদোলম্ ঐ পৈতৃক রাজধানীতে প্রশে করিল।

অহীথোফেলের মহানিষ্ঠ্র মন্ত্রণা, আব্দোলম শুনিয়া ইন্যুরেল লোকের সাক্ষাতে আপন পিতার ব্রাগণেতে উপগত হইল। এই দুরাচার কর্মেতে নাথন কর্তৃক পূর্ব্বোক্ত ভবিষ্যদাণী সফলা হইল। তৎকালে দাযূদ অতিশয় ব্যাকুলচিত্ত হ'ইয়া ধর্ম বিষয়ক নানা প্রকার সুন্দর ২ গাতরচনা করিল। আহীথোফেল আব্দোলমকে কহিল, তুমি উচিয়া তোমার পিতার পশ্চাৎ গিয়া মারিয়া ফেল, ইহাতে দে স্বক্র্মানুরাগা আব্দোলম এই পরামর্শানুরপ কর্মকরণাপেক্ষা ইন্যুরেলের বহুদৈনা একত্ত হওন ভাল বোধ করিয়া ফি্লালম নগরে অপেক্ষা করিয়া রহিল, এই প্রকারে দেই রাজমন্ত্রির পরামর্শ বাক্য অবহেলা কুরিল, পরে দে অপমান প্রযুক্ত ক্রোধে ও গর্মের্ব অপনাকে ফাঁসি দিল।

্আব্দোলম এই রূপে বিলম্ব করাতে দায়ুদের মিুত্র ও বিশ্বস্ত দাস সকল তাহাদের প্রণয় রক্ষার্থে অনেক দৈন্য সামন্ত সংগৃহ করিল, কিন্ত আবসোলম তদপেক্ষা অধিক দৈন্য একত্র করিয়া রণভূমিতে যুদ্ধার্থে গমন করিল। তৎপরে আবসোলমের দৈন্য সকল পরাস্ত হাইলু পর, তিনি এক থচ্চরাধ আরোহণ করিয়া পলাইয়া গেল। তাহাতে এক বড় এলা বৃক্ষের শাখার নীচে দিয়া ঐ থচ্চরের গমন সময়ে আবসোলমের অহস্কারের কা-রণ মন্তকের সুচারুদীর্ঘ কেশপাশ ঐ বৃক্ষশাথায় বদ্ধ **হইলে, তাহার নীচন্থিত থচ্চর প্রস্থান করিলে, দে ঐ** ৰুক্ষের শাঞাতে কুলিতে লাগিল। তদনন্তর যোয়াব কতক গুলিন দৈন্য সঙ্গে করিয়া দেখানে আদিয়া দায়ূদ রাজার পুত্র হত্যার নিষেধ বিষয়ে আক্তা লম্ব্রুল করিয়া তাহার পুত্রকে বধ করিল। তদনন্তর দায়ূদ রাজা পুনরায় রাজা প্রাপ্ত হইলে, বৎশেবার সহিত সম্ভোগ জন্য পাপের ফল রাজ্য মধ্যে যুদ্ধ ও নিজ পরিজনদের সহিত সম্লীতি রূপ দুঃশ হইতে উদার পাইয়াও পুনর্ফার অহস্কার ও অভিমানের বশীভূত হওয়াতে পূর্বাপেক্ষা আরে। অধিক দুঃথে পতিত হইল। দাযূদ আপনার রাজে)র বিস্তার ও সৌন্দর্য্যের দর্পে প্রফুল্লচিত্ত হইয়া নিজরাজ্যের প্রজাবর্গের মধ্যে কত ব্যক্তি দৈন্য হইতে পারে ইহা জানিবার নিমিত্ত তাহাদিগকে গণনা করিতে আজ্ঞা করিল। কিন্তু সৈন্য সংখ্যা করণ সমাপ্ত হইবার পূর্ফের্ পর্মে-শ্বর মহামরক সৃষ্টি করিয়া ক্লণকালের মুধ্যে ৭০০০০ সৈন্য বিনষ্ট করিলেন, এই রূপ ঘটনা কেবল তাহাদের রাজবিরুদ্ধে যুদ্ধ করণের প্লতিফল্ল স্বরূপ হইল, রাজা তাহাদের অপরাধ মার্জনা করিলেও যেহেতুক দে ঈশ্ব-রাভিষিক্ত ছিল, এ কারণ তাহার প্রতি বিরুদ্ধাচরণ করাতে ঈশ্রেরই প্রতি তাহা করা হইল, সুতরাপ ইহার ফল ঈশ্বর হইতেই তাহার। প্রাপ্ত হ্ইল।

দায়ূদ রাজা বৃদ্ধাবস্থা প্রযুক্ত রাজকার্য্য করিতে অক্ষম হইলে, তাহার জ্যেষ্ঠ পুত্র আদোনিয় রাজ দিংহাসন প্রাপ্তির আখাদ পাইল, এবং যোয়াব ও অবিয়াথর. অন্যান্য ভদু লোকের দহিত বন্ধৃতা করিয়া এক মহা-ভোজের উপলক্ষে তাহাদিগকে নিমন্ত্রণ করিল, কারণ দে মনে করিল, যে তথন তাহারা দকলে একত হইয়া তাহাকে রাজসিৎহাসনে অভিষিক্ত করিবে। নাথন না-মক উক্ত ভবিষ্যদক্তা এই কুমন্ত্রণার সংবাদ পাইয়া এব৭ দায়দ পরমেশবের অভিমতানুদারে নিজ পুত্র সুলেমানকে আপনার উত্তরাধিকারী করিতে মনস্থ করিয়াছে, ইহাও জানিয়া, হচাৎ রাজবাদীতে গিয়া এই সংবাদ রাজাকে জানাইল। এই কুমন্ত্রণার কৌশলে পরমেশ্রের মনোনীত সুলেমানের পৈতৃক রাজ্য প্রা-প্তির বিপীরীত ঘটনার সম্লাবনা বুকিয়া দায়ূদ রাজ। অতি স্বরাতেই সুলেমানকে রাজ্যাভিষিক্ত করিতে আজা कवित्न,। इराउ मूलमात्न विक्नागिवितन এर বিষয় অবণত হইবার পূর্বে ঐ রাজ্যাভিষেক কর্ম তূরী শব্দ পূর্বকে দয়্ল হইল, এবং আদোনিয় তাহ। শুনিয়া হচাৎ দাহদহীন হইল, তাহাতে তাহার দঙ্গি-লোক তাহাকে তাাগ করিলে, দে আত্মপ্রাণ রক্ষার निमिल्ड नैतरातात निकरि. शनाहेश शन। मूलियान তাহার অপরাধ ক্ষমা করিয়া প্রতিজ্ঞা পূর্বেক কহিল, যাবৎ তুমি রাজনিয়মানুদারে আমার বশীভূত হই-য়া থাকিবা, তাবৎ তোমার কোন হানি কিছুতেই इटेख ना।

পরে দায়্দ আপন পুত্র সুলেমানকে ডার্কিয়া ইসূা-য়েলের প্রভূপরমেশ্বরের জন্যে মন্দির নির্মাণ করাইতে আজ। कतिन। এব भागृम मूलमानक कहिन ह আমার পুত্র আমার প্রভূপরমেশ্বরের নামের উদ্দেশে মন্দির নির্মাণ করিতে আমার মনস্থ ইলা, পরমেশ্বরের এই কথা আমার পুতি উপস্থিত হইল, তুমি অনেক রক্ত-পাত করিয়া বড় যুদ্ধ করিয়াছ, এই জন্যে তুমি আমার উদ্দেশে মন্দির নির্মাণ করিও না, কেননা পৃথিবীতে আমার সাক্ষাতে অনেক রক্তপাত করিয়াছ। কিন্তু তো-মার এক পুত্র জিমিবে, দে শান্তমনুধ্য হইবে, আমি তাহাকে চতু,দিক্স্ শতু হইতে বিশ্ৰাম দিব, তাহার নাম সুলেমান (শান্ত) হইবে ও তাহার অধিকার সময়ে আমি ইসুায়েলকে দন্ধি ও শান্তি দিব। দে আমার নামের উদ্দেশে মন্দির নির্মাণ করাইবে; ও সৈ আমার পুত্র হইবে. ও আমি তাহার পিতা হইব, এব° ইসুায়ে-লের উপরে তাহার রাজসি°হাসন চিরকাল দ্বির করিব। হে আমার পুত্র এখন পরমেশ্বর কোমার সহবত্তী হউন ও তুমি ভাগ্যবান্ হও, তিনি ভোমার বিষয়ে যেমন কহিয়াছেন তদনুসারে আপন প্রভূ পরমেশরের মন্দির নির্মাণ কর। তভিন ইসাুুুুরুলের উপরে কর্তৃত্ব করিতে ও তোমার প্রভূপরমেশবের, আজ্ঞাপালন করিতে পর-মেশ্বর তোমাকে জ্ঞান ও বুলি দিউন। প্রমেশ্বর ইসূা-रातन विवरत मृतारक रंघ श विधि ও আজ। निराष्ट्र न দে দকল পালন কারতে যদি মনোযোগ কর, তথে তুমি ভাগাধান্হইবা; অতএব শক্তিমান্ও দাহ্দী হও, ভীত

ও নিরাশ হইও না। দেখ আমি আপন দুঃখের সময়ে পরমেশ্বরের মন্দিরের জন্যে এক লক্ষ কিন্তুর স্বর্ণ ও দশ লক্ষ কিন্তুর স্বপা ও অপরিমিত পিত্তল ও লৌহ পুস্তুত করিয়াছি, কেননা তাহা অতি প্রচুর; এব৭ আমি কাণ্ঠ ও প্রস্তর প্রস্তুত করিয়াছি, তুমি আরও প্রস্তুত করিতে পা-রিবা। এব তোমার নিকটেও অনেক শিল্পকর আছে, অর্থাৎ ভাস্কর ও দূত্রধর ও দকল প্রকার কর্মে নিপুণ নানা লোক আছে। এবং স্বর্ণ ও রূপ্য ও পিত্তল ও লৌহ অসপথ্য আছে, অতএব উচ কর্মের উদ্যোগ কর্ পরমেশ্বর তোমার সহবর্ত্তী হউন। পরে দায়ূদ আপন পুত্র সুলেমানের উপকার করিতে ইসায়েলের দকল অধ্যক্ষকে আজ্ঞা করিয়া কহিল, তোমাদের প্রভু পরমে-"শ্বর' তোমাদের সহবর্ত্তী হইয়া কি সর্ক্রদিগে তোমাদিগ-কে বিশ্রাম দেন নাই? তিনি দেশনিবাদি লোফদিগকে আমার হস্তগত করাতে পরমেশ্বের ও তাঁহার লোক-দের সমুথে দেশ পরাজিত হইয়াছে। অতএব আপন পুভৃ পরমেশবের অস্বেষণ করিতে আপনাদের অন্তঃ। করণ ও চিত্ত রাথ, এবং পরমেশ্বরের নামের উদ্দেশে যে মন্দির নির্মাণ হইবে, তাহার মধ্যে পরমেশ্বরের নিয়ম দিনুকে ও ঈশবের পবিত্র পাত্র আনিতে পুভু প্রমেশরের পবিত্র স্থান পুষ্কুত কর।

অপর পিতৃব শশর প্রধানের। ও ইদ্যায়েল ব শশর ' অধ্যক্ষণণ ও সহ্দৃপতিগণ ও শতপতিগণ ও রাজার কর্মাধ্যক্ষণণ স্বেচ্ছাতে দান করিল। এব ৭ ঈশ্বরের মন্দি-রের কার্য্যের জন্যে পাঁচ সহ্দুস্বর্ণের কিঞ্কর ও দুশ

সহসু স্বর্ণের আদকোন, ও দশ সহসু রূপার কিছুর ও আঠারে৷ সহসু কিছুর পিত্তল, ও এক লক্ষ কিন্তুর লৌহ দিল। এবং যাহাদের নিকটে মণি ছিল, ভাহারা পরমেশ্বরের মন্দিরের ভাগুরে তাহা দিল। তাহাতে লোকেরা তাহাদের দাতৃত্বে আনন্দ করিল, কেননা তাহারা দমপুর্ণ অন্তঃকরণের দহিত স্বেচ্ছাতে পরমে-শ্বরের উদ্দেশে দান করিল, এবণ দায়ূদ রাজাও মহানন্দ করিল। অপর দায়ূদ সকল মণ্ডলীর দাক্ষাতে পরমেশ্বরের ধন্যবাদ করিল, এবণ দায়ূদ কহিল হে আমাদের পিতঃ ইদ্বায়েলের প্রভু পরমেশ্বর তুমি সর্বেদা ধনা। হে পরমেশ্বর তোমাতে মহত্ব ও পরা-ক্রম ও ঐশ্বর্যা ও জয় ও প্রশংদা আছে, স্বর্ণে ও পৃথিবীতে যত আছে সকলি তোমার আছে, হে পর-" মেখর রাজ্য তোমার এবং তুমি সমাটের নগর সক-লের উপরে উন্নত আছ। এব॰ তোমাহইতে ধন ও সমান হয় এবং তুমি সকলের উপরে রাজত্ব করি-তেছ, পরাক্রম ও বল ভোমার হন্তে আছে, এবৎ বড় করিতে ও সকলকে বল দিতে তোমার হস্তের অধিকার আছে। অতএব হে আমাদের ঈশ্বর আমরা তোমার ধন্যবাদ করি ও তোমার ঐশ্বর্যাযুক্ত নামের প্রশংসা করি। কিন্তু আমি কে? এব° আমার লোকেরা বা কে? যে আমরা এই প্রকারে স্বেচ্ছাতে দান করিতে সমর্থ হই, কেননা ভোমাহইতে দকলি পাওয়া যায়, এবং আমরা তোমার দানদুবাই তোমাকে দিলাম। কেননা আমরা আপরাদের দকল পিতলোকদের ন্যায় তোমার দমুথে

বিদেশী ওঁ প্রবাসী, পৃথিবীতে আমাদের যে আয়ু সে ছায়া দদৃশ ও অস্থায়ী। হে আমাদের প্রভো পরমেশ্বর ভোমার পবিত্র নামের উদ্দেশে মন্দির নির্মাণ করা-ইবার জন্যে আমরা এই যে অনেক দুব্য আয়োজন করিলাম, দে দকল তোমার হস্তহইতেই আইল, ও সকলি তোমার আছে, হে আমার ঈশ্বর তুমি অন্তঃ-করণের পরীক্ষা করিতেছ, ও সরলভাতে সম্ভ**ট আছ**, তাহা আমি জীনি, আমিই আপন অন্তঃকরণের সরল-তাতে স্বেচ্ছাতে এই দকল দুব্য দান করিলাম, এবং এখন তোমার উপস্থিত লোকদিগকে তোমার উদ্দেশে স্বেচ্ছাতে আনন্দে দান করিতে দেখিলাম। হে আমাদের পিতৃলোক অবুহিম ও ইস্হাক ও ইসুায়ে**লের পুডো** পরমৈশ্বর তুমি আপন লোকদের অন্তঃকরণের কল্পনার উদয়ে এই কর্ম দর্মদা স্থির করিয়া রাথ, ও আঁপনার প্রতি তাহাদের অন্তঃকরণ নিবিষ্ট কর। এবং তোমার আজ্ঞা ও বিধি ও ব্যবস্থা পালন করিরা কর্ম করিতে এব আমি বেঁ প্রাসাদের জন্যে আয়োজন করিয়াছি ভাহা গুতুন করিতে আমার পুত্র সুলেমানকে দর্লু অন্তঃকরণ দেও।

পরে দায়দ দকল মণ্ডলাকে কহিল, এখন আপনাদের
প্রভু পরমেশরের শ্বন্যাদ কর, তাহাতে দকল মণ্ডলা
আপনাদের পিতৃলোকদের প্রভু পরমেশরের ধন্যাদ করিল ও মন্তক্ষারা প্রণাম করিয়া পরমেশরের প্রতি
ভজনা করিল, তথন দায়দ হিব্রোনেতে ৭ বৎসর বাজস্ব
করিয়া ও যিক্ষালম নগরে ৩২ বৎসর রাজস্ব করিয়া

অনেক আয়ুও ধন এব শ মুম্বিশিষ্ট হই য়া পরলোক গত হইল।

তৎপরে তাহার পুল্র সুলেমান্ তাহার পরিবর্ত্তে রা-জত্ম করিতে লাগিল। খ্রীষ্ট জন্মের পূর্ফে ১০১৫ সৎসর।

য% 1

সুলেমানের রাজস্ব, ও জ্ঞানার্থ প্রার্থনা, দেবোপাসিকা-স্ত্রীর পরামর্শে দেবপূজাকরণ প্রভৃতির বিবরণ। শ্রীষ্ট জন্মের পূর্বের ১০১৫ অবধি ১৭৫ বংসর পর্যায়।

সুলেমান রাজ্যাভিষিক্ত হইবামাত্রে আদোনিয় এব ে তাহার সঙ্গিন পূরেবাক্ত কুমন্ত্রনানুসারে ব্যবহার করিয়া এককালে প্রাণে বিনষ্ট হইল। আবিআথর না-মক রাজযাজক মাত্র কেবল যাজকীয়পদ্যুত হইয়া প্রাণ রক্ষা পাইল, ইহাতে এলিয় বংশের প্রতি যে পরমেশবের অভিশাপ পূর্ফে হইয়াছিল, তাহা এক্ষণে তদংশের ঐ অবশিষ্ট ব্যক্তিতেই সফল হইল, অপর মুলেমান আপন পিতা দায়ূদের বিদ্যানুসারে আচরণ করিতে ২ পরমেশ্রেতে প্রেম করিল। এব ৭ পরমেশ্বর রা-जिल्छ श्वश्रायाक्ष मूलमानक मर्गन मिलन, अवश देशद ক্হিলেন-আমার দাতব্য বর তুমি প্রার্থনা কর। তাহা-'তে দুলেমান কহিল, তোমার দাস আমার পিতা দায়ূদ সভাতাতে ও ধর্মে ও ভোমার গোচরে সরলান্তঃকরণে আচরন করিলে, তুমি তদনুসারে তাহার প্রতি বঁড় দয়া প্লকাশ করিয়া তাহার দিশ্হাদনে অদ্য উপবিষ্ট হইতে

এক পুত্রকৈ দিলা, তাহার প্রতি এই বড় অনুগুহ করি-লা। এখন হে আমার প্রভো পরমেশ্বর তুমি আমার পিতা দায়্দের পদে আপন দাসকে রাজ্যাভিষ্ঠিক করি-, লা, কিন্তু আমি কুদুবালক বহির্নমন করিতে ও অন্তরে প্রবেশ করিতে জানি না। তোমার এই দাস তোমার মনোনীত লোকদের মধ্যে অর্থাৎ মহত্ব ও বাহলা প্রযুক্ত অসংখ্যা ও অগণ্য লোকদের মধ্যে আছে। অত-· এব তোমার এই লোকদের বিচার করিতে ও ভদাভু বিশেষ জানিতে তোমার দাদের মনে জ্ঞান দেও। নতু-বা ভোমার এত লোকের বিচার কে করিতে পারে? তথন পরমেখর দুলেমানের এইরূপ প্রার্থনাতে সম্ভর্ট হইয়া কহিলেন, তুমি কেবল এই প্রার্থনা করিলা, এবং আপনার দীর্ঘায়ু প্রার্থনা করিলা না, ও আপনার জন্যে ধন ও প্রার্থনা করিলা না, ও আপনার শতুগনের প্রাণ-নাশও প্রার্থনা করিলা না, কিন্তু ন্যায় জানিতে আপনার জন্যে কেবল জ্ঞান প্রার্থনা করিলা, এই নিমিত্তে আমি ভোমার বাক্যানুসারেই করিলাম, দেখ ভোমাকে এমৎ জ্ঞানবৎ 'ও বৃদ্ধিমৎ মন দিলাম, যে তোমার পূর্বে তো-মার তুলা কেহ হয় নাই, এবং পরেও তোমার তুলা কেছ ছইবে না। ভদ্তিন্ন তুমি যে ধন ও সন্মান প্রার্থন। ক্রিলা না, তাহাও আমি তোমাকে এমত দিলাম হে রাজবর্গের মধ্যে যাবজ্জাবন তোমার তুলা কেছ হইবে না। তোমার পিতা দায়ূদ যেরপে আচরণ কহিয়াছে . দেই ৰূপৈ তুমি যদ্ি আমার আজা ও বিধি পালন করি-য়া আমার পথে আচরণ কর,তবে আমি তোমার আয়ুর

পরে যিরিছ নগরস্থ লোকেরা ইলীশাকে কহিল, বিনয় कित (मथ अरे नशदात सान तमा वर्षे, रेश आमारमत अ्रू দেখিতেছে, কিন্তু ইহার জল মন্দ ও ভূমি ফলনাশক। তাহাতে দে কহিল, আমার কাছে নূতন এক পাত স্থা-নিয়া ভাছাতে লবণ দেও, পরে ভাছা নিকটে আনীত হইলে, দে জলের উনুইতে যাইয়া তাহাতে লবণ ফেলিয়া কহিল, পরমেশ্র কহেন আমি জল ভাল করিলাম অদ্য অবধি ইহা অমৃত তুলা ও অবিনাশক হইবে। তদবধি দে ল'ল ভাল হইল, তদনন্তর দে তথাহ 🛼 তে বৈথেলে গেল, তাহাতে পথের মধ্যে গমন কালে কতক গুলিন কুদু দুষ্ট বালকেরা আসিয়া তাহাকে নিদা করিল, তথন দে তাহাদের প্রতি দৃষ্টি করিয়া পরমেশবের দেব-কের নিন্দা করাতে তাহাদিগকে অভিশাপ দিল। পরে বুনহইতে দুই ভলুকু আদিয়া তাহাদের মধ্যে ৪২ জন नानकरक विमीर्ग कतिन । आशास्त्र प्रत्र शस्त्र রীজত্ব দিতে সমত না হওয়াতে, তিনি যিত্দা দেশের রাজা বিহ্সাফটকে আপনার সহকারী করিয়া ঐ লোক-দিগকে আক্রমণ করিতে উদাত হইল। সে দুই রাজা সসৈন্য ইইয়া এদম নামক প্রান্তরে ৭ দিন পর্যান্ত গমন করতঃ জলাভাবপ্রযুক্ত মহা ক্লেশ সহিতে লাগিল, এই দুর্দশাতে বিহসাফট জিজ্ঞাসা করিল, যাহার প্রমুথাৎ পাইমেইরের আবজন ভনিতে পাওয়া যায়, এমৎ কোন

ভবিষয়কা এথানে আছে কি না? ইলীশা নামক ভবি-যাদকা দেই স্থানে আছে ইহারাজা তনিতে পাইবা মাত্রে, লোকদারা তাহাকে আহ্বান করিল, তথন ইলী-শা দেবপূজক রাজা যিহোরামকে কহিল, তোমার **সহিত আমার সমৃদ্ধ কি** ? তুমি আপন পিতা মাতার ভবিষ্যত্তকুগণের নিকটে যাও, যিত্দার যিহ্সাফট রাজার কাছে আমার সমাদর না থাকিত, তবে আমি কথন তোমাকে দেখিতাম না, তাহাতে দে কহিল পর-মেশ্বর এই রূপ কথা কছেন, এই উপত্যকা থাতময় কর। পরমেশ্বর এই কথা কহেন, তোমরা বায়ু দেখিবা না ও বৃষ্টি দেখিবা না, কিন্তু তোমাদের ও তোমাদিগের পশু ও জম্ভদের পানার্থে এই উপত্যকা জলেতে পরিপূর্ন হইবৈ। ইহা পরমেশরের দৃষ্ঠিতে অতি কুদু কথা; তিনি মোয়াবীয়দিগকে তোমার হস্তে মমর্পণ করিবেন। পরে প্রাতঃকালে বলি উৎদর্গ করিবার দময়ে ইদোম দেশের পথ দিয়া জল আসিয়া দেশ পরিপূর্ণ করিল। অপর্ পুত্যুনে মোয়াবীয়ের৷ উচিলে, সূর্য্য জলের উপরে চকমক করিল। তাহাতে অনা পারে রক্তের ন্যায় রাজ। জল দেখিল। তাহাতে তাহার। কহিল ইহা রক্ত, অবশ্য রাজগণ হত হইয়াছে, তাহারা মারা মারি করিয়া মরি-য়াছে, অত্তৰৰ হে মোয়াৰীয়েরা, তোমরা এথন লুচ করিতে যাও। মোয়াবীয়ের। হঠাৎ লুঠ করিতে ধাবমান इहेरल, हेनु। एस लारक थे नकन छित्र जिल्लाक আক্রমণ পূর্বকে দেশতাানী করিল। খুটি জরের भूरखं ४३६ वरमत्।

ইলীশা রাজগণ ও সৈন্যাধ্যক্ষকে যে কেবল আ-শর্ম্য ক্রিয়া দারা রক্ষা করিল এমৎ নহে, কিন্তু দীন হীন ব্যক্তিদিগের পরিত্রাণ্ড করিয়াছিল।

কোন সময়ে ঋণদাতা মহাজনেরা নিজ ঋণ পরিশোধ করনের নিমিত্তে এক অনাথার দুই বালককে ধরিতে উদ্যত হইলে পরে, দে বিধবা ইলীশার নিকটে আর্শুপনার দুঃথ জানাইলে, ইলীশা তাহাকে জিজ্ঞাসিল। আমি তোমার নিমিত্তে কি করিব তাহা কহ, তোমার গৃহে কি আছে? দে কহিল এক পাত্র তৈল ব্যতিরেকে তোমার দাসীর গৃহে কিছুই নাই। তথন সে কহিল গৃহে যাও, আপন ভাবৎ প্রতিবাদির নিকটহইতে শূন্যপাত্র চাহিয়া আন, অল্প আনিও না, এবং গৃহের ভিতরে যাইয়া ভোমার ও ভোমার পুত্রদের পশ্চাৎ দার কৃত্ত কর, এবং তৈল সেই সকল পাত্রে ঢাল, তাহাতে গ্লেং পাত্র পূর্ণ হয় তাহা এক দিগে রাথ।

পরে সে ফাইয়া ইশবের লোককে সমাচার দিল, তাহাতে সে কহিল তুমি যাইয়া তৈল বিক্রয় করিয়া ঋণ পরিশোধ কর, এবং অবশিক্টেতে তুমি ও তোমার পুত্রবাণ প্রাণ ধারণ কর।

ইলাশা দেশ ভুমণকালে অনেকবার পূনেম নগর দিয়া গমন 'করিত, সেই নগর নিরাসিনী এক ধার্মিকা ক্রা নিজ পতির অভিমতানুসারে ঐ ভবিষ্যদকার সেবার নিমিত্তে স্বগৃহে একটি কুঠরি শোভিত করিয়া বারম্বার তাহাকে বিশ্রামার্থ আতিথা করিত, এই রূপ শ্রনা দেখিয়া তাহার পুরুষ্কারার্থে সে তাহার দাস গিহসির দারা জিজাসিল,

এথন তোমার নিমিত্তে কি কর্ত্তব্য ? তোমার জন্যে রাজার নিকটে কিছু প্রার্থনা করিতে হইবে ? দে উত্তর করিল, আমি সন্তোষ পূর্বকে আপন লোকদের মধ্যে বিশ্রাম করিতেছি, একারণ আমার কোন প্রার্থনা নাই। পশ্চাৎ ইলীশা গিহসি নামা দাসকে কহিল,ইহার নিমিত্তে কি করা উচিত, তাহাতে গিহদি কহিল, তাহার পুত্র মাত্র নাই, এব॰ স্বামীও বৃদ্ধ হইয়াছে। তাহাতে ইলাশা তা হাকে ডাকিয়া কহিল, তুমি পুলুকে ক্রোড়ে করিবা, এমৎ অসম্ভব বর যে দে পাইবে, তাহা কদাচ সাহস পূর্বক প্রতায় করে নাই, কিন্তু ভবিষ্যদ্বকার বাকা অনুসারে তা-হাও সময় অনুক্রমে ঘটিল্, এবং সে ক্সৌ গার্দ্তধারণ করিয়া পুত্ৰ প্ৰদ্ৰ করিল, কিন্তু হায় ২ ঐহিক যাৰদীয় সুঞ অচিরস্থায়ি, কারণ যাহা হইতে দূথ হয়, তাহা হইতে ও পুনর্কার অসহা দুঃথ জন্মে। পরে ভাহার পুল্র পী-ড়িত হইয়া মাতৃ কোড়ে বসিয়া মরিল, তথন সে তাহাকে লইয়া যাইয়া ঈশ্বরের ভবিষ্যদ্বকার নিমিত্তে দংষ্যা-পিত এটাতে খায়ন করাইল, অঁপর সে যাইয়া ইলী-শার বাদ স্থানে কর্মিল পর্বতে উপস্থিত হইলে, ইলী-শা দূর হইভে, ভাহাকে দেথিয়া আপন দাস গিছ-দিকে কহিল, ঐ দেথ শূনেমীয়, এথন তুমি তাহার সহিত সাক্ষাৎ করিত্তে শীঘু,যাও, এব[ং] তোমার ও_ুকো মার স্বামির এবং তোমার বালকের মঙ্গল আছে ইহা জিজাদা কর। দেই ক্রী নমুতাবে তাহার জিজাদামতে ঈশ্বরের বলে বিশ্বাস করিয়। উত্তর করিল, হাঁ সমস্ত মঙ্গল আছে, এব ে তাছার নিকটে আসিয়া তাহার সমুদয় দুঃ-

থের কারণ কছিল। তৎক্ষণাৎ সে তৎলঙ্গে তাহার গৃহে
গিয়ালিবে কুচরিতে মৃত বালক ছিল, তাহাতে প্রবিষ্ট হইয়া দ্বারু রোধ পুর্বেক পরমেশ্বরের নিকটে প্রার্থনা
করিতে লাগিল। এবং যাইয়া বালকের উপরে আপনি
ল্বুমান হইল। তাহাতে বালকের গাত্রে তাপ পাইতে
লাগিল, তাহাতে বালক চক্ষুঃ উন্মালন করিল; তথ্ব ইলীশা তাহার মাতাকে ডাকিয়া কহিল, তুমি আপন পুলকে লও। তথ্ন গে ভিতরে যাইয়া ভূমিণ্ঠ হইয়া তাহার পদতলে পড়িয়া প্রণাম করিল। এবং আপন
পুল্রকে তুলিয়া লইয়া বাহিরে গেল। এতন্তির ইলীশা
নানা পুকার স্থাজনক আশ্চর্যা ক্রিয়াছিল।ইলীশা দেবপুজকগণের মধ্যে ভবিবাদক্দের পাচশালার
নির্বাহক ছিল, এবং তাহার ছাত্রগণ অনেক বার
আহারাভাবে অতিশ্য় দুঃথ পাইত।

ইতিমধ্যে কোন দিন যথন বিষযুক্তশাক পাক করিয়া আহার করিয়াছিল, তাহাতে তাহাদের অধিক ক্লেশ হওয়াতে, ঐ ভবিষাদ্জা তাহাহইতে তাহাদিগকে রক্ষা করিল। অন্য এক সময়ে তিনি এক শত ব্যক্তিকে অত্যল্প কৃটি ও কিঞ্জিৎ শদ্যের মঞ্জরী আহার করাইয়া ভৃপ্ত ক্রিল; আর এক সময়ে তাহার ছাত্রগণের মধ্যে এক জন এক লৌহ্ময় কুঠার দৈবাৎ জলের মধ্যে হারাইল,ইহাতে লৈ কেবল আজ্ঞা দারা জল হইতে তাহা ভাদাহল। অরাদ্ধীয় দেশের রোজার নামান নামক অতি প্রিয় ক্লেনাপতির উৎকট ব্যাধি হইলে, দৈবক্রমে এক জন ,িষ্ট্ছা দেশের কুমারী দার্মা তাহার গৃহে ছিল,

লে আপন কর্ত্রীকে কহিল, আহা আমার পুভু যদি শোমীরোণস্থ ভবিষ্যদক্তার দঙ্গী হইড, তবে দে তাহাদ্বারা
কুঠবাধিহইতে মুক্ত হইড। এ বিষয়ে নামান অনুসন্ধান
করিতে মনস্থ করিয়া আপনার রাজা, যিহোরামের নিকটে এই প্রকার পত্র লিখিল, আমার দাসকে দুস্থ
কর, দেই পক্ত লইয়া দে শোমীরোণেতে যিহোরামের
নিকটে গমন করিল। পরে যিহোরাম এই পত্র পাঠ
করিয়া অভ্যন্ত ভীত হইয়া কহিল, আমি কি ইশ্বর যে
মারিতে ও বাঁচাইতে পারি, ইহাতে এ ব্যক্তি কুঠবাধি
গ্রন্থ এক জনকে ব্যাধিহইতে মুক্ত হইবার জন্যে আমার
নিকটে পাচায়।

পরে ইলীশা এ বিষয়ের সংবাদ পাইয়া ইসুায়েলের রাজার নিকটে এইকথা কহিয়া পাচাইল, সে আমার কাছে আসুক, তাহাতে ইসায়েলের মধ্যে এক ভবিষা-দক্তা আছে ইহা জ্ঞাত হইবেক। পরে নামান অশ্ব ও রথ সঙ্গে করিয়া তাহার নিকটে গেল।

তাহাতে ইলাশা এক দৃত পাচাইয়া তাহাকে কহিল,
তুমি যাইয়া বর্দন নদীতে দাতবার স্থান কর, তাহাতে
তোমার গাতে পুনর্ফার নৃতন মাণ্দ ইইবে, ইহাতে
তুমি গুচি হইব'। কিন্তু নামান কুল হইয়া চলিয়া গেল,
এবং কহিল, আমি ভাবিলাম, দে বাহির হইয়া আমার
নিকটে আদিয়া অবশ্য দাঁড়াইবে, ও আপন পুভু পরমেশ্বের নামে প্রার্থনা করিয়া কুঠ স্থানে হস্তু বুলাইয়া
কুঠ ভাল করিবে। দ্যোষ্টকের অহানা ও পর্পর্নদা কি
ইন্যায়েলের দকল নদা হইতে ভাল নয়, আমি কি ভা-

হাতে স্থান করিয়া শুচি হইতে পারিতাম না, এই রূপে কোধ করিয়া ফিরিয়া গেল।

পরে তাহার দাসেরা নিকটে আসিয়া তাহাকে কহিল, হৈ আমাদের পিতঃ ভবিষাদ্বকা যদি কোন মহৎ কর্ম করিতে তোমাকে আজ্ঞা করিত, তবে তুমি কি তাহা করিতা না? কিন্তু স্থান করিয়া উচিহও এই আজ্ঞা দিলে, তুমি কি করিবা না? তথন সে যাইয়া ঈখরের লোকের আজ্ঞান্মারে যদন নদীতে সাতবার অবগাহন করিল, তাহাতে ক্লুলু বালকের নায় তাহার নৃত্য মাৎস হইলে, সে শুচি হইল।

্নামান এই রোগহইতে মুক্ত হইয়া কৃতজ্ঞতা পূৰ্বক ইলীশার নিকটে আদিয়া প্রমেশবের ধন্যবাদ করতঃ কাহিল, দেখ ইদায়েলের মধ্যব্যতিরেকে পৃথিবীতে সভ্য ঈশ্বর নাই, ইহা এখন আমি জ্ঞাত হইলাম, অতএব বিনয় করি, আপন দাদের কিছু উপঢৌকন গ্রহণ কর। কিন্তু দে ভবিষ্যদ্বকা কহিল,আমি কিছু গ্রহণ করিব না, তাহাতে নামান তাহা গুহণ করিতে তাহাকে অনেক বিনয় করি-লেও, দে অম্বীকার করিল। পরে নামান মদেশে প্রস্থান করিল, কিন্তু গ্লিছসি আপনার প্রভু যে রূপ নির্লোভী ও সত্য পরমেশ্বরের উপাসক ভক্ত ছিল, তাদৃশ স্বভাব যুক্ত না হইয়া নামানের পশ্চাদ্ধাম়ী হইল, এবং নানা প্রকার মিখ্যাবাক্য দারা প্রভারণা করিয়া ভাহার নিকটহইতে অনেক রূপার দুবা ও বস্ত্রাদি সামগ্রী উপঢ়োকন পাইল, পরে 👣 প্রবঞ্চনা দারু প্রাপ্তধন গোপন করিয়া ফ্লিরিয়া আদিয়া আপনার প্রভুর অগ্রে দাঁড়াইল,তাহাতে ইলীশায়

তাহাকে কহিল, হে গিছিল তুমি কোথাহইতে আইলা? দে কহিল, তোমার দাদ কোন স্থানে যায় নাই, এই লোভী ও প্রতারক দাদের মিথা৷ প্রক্ষনার নিমিত্তে তা-হাকে যন্ত্রণা ও শাস্তিশ্পাইতে হইল। কারণ ইলীশা' তাহাকে কহিল, তুমি লোভে প্রক্ষনা করিলা, এই হেতুক নামানের কুঠরোগ ভোমাতে'ও ভোমার বং-শেতে যাবজ্ঞীবন থাকুক, তাহাতে গেছিল বরফের নাায় শ্বেত কুঠগুম্ভ হইয়া তাহার নিকট হইতে-প্রস্থান করিল।

পরে ইসুায়েল ও অমরীয় রাজ্যে ক্রমাগত যুদ্ধ হইলং ইহাতে অমরীয়েরা আপনাদিনকে বলাপেক্ষা ছলেতে দাহদপূর্অক নির্ভর করিয়া, বারম্বার গোপনে ইদ্যায়েল দেশকে আক্রমণ করিতে উদ্যত হইল, কিন্তু ইলাশা তদি-ষয়ে তাছা ইদ্যায়েলদিগকে পূর্ব্বে সচেজন করিযাছিল,অম-রীয় রাজ। আপনাদিনের ছলস্বভাব এই প্রকারে প্রকাশ ইইয়াছে,ইহা জাত হইয়া নিতান্ত কাতরতাপূর্কক বাগু হইয়। ইলীশাকে দোখন নামক নগরে ধরিতে দৈন্যগণকে প্রেরণ করিল।পরে ভবিষ্যদ্কার দাস বাহিরে যাইয়াবঁহ দৈন্য দামন্তের দহিত ঐ নগর বেষ্টন করিয়া আছে, ইহা দেখিয়া অত্যন্তভয়ে ভীত হইয়া কহিল, হায় হায় প্রভু আমরা কি করিব? তাহাতে ইলাশা কহিল ভয়,করিও না, তাহাদের সঙ্গিলোকহইতে আমাদের সঙ্গিলোকে-রা অধিক আছে। তথন ইলীশা প্রার্থনা করিয়া কঁছিল, হে পরমেশ্বর আমি বিনয় করি, সে যেন দেখিতে পার, তাহার চক্ষুঃ প্রকাশ করুন,তাহাতে পরমেশ্বর সেই যুবার্ চক্ষুঃ প্রকাশ করিলে, দে আলোচনা করিয়া ইশীশার

চকুর্দিকে পর্বতকে অগ্নিময় অশ্ব ও রথেতে পরিপূর্ণ দে-श्रिल। পরে পরমেশ্বর দৈন্যগণকে অন্ধ করিলেন, তাছাতে ইলীশা কহিল, এই পথ নহে, আমার পশ্চাৎ আইস ষ্মনুষ্যের অন্বেষণ কর, তাছণর নিকটে আমি তোমা-দিগকে লইয়া যাইব। এব॰ দে তাহাদিগকে শোমীরোণে লইয়া গেল, তাহাতে পরমেশর তাহাদের চক্ষুঃ প্রকাশ করিলে, শোমীরোণের মধ্যে আছি, ইহা তাহার। দেখিতে পাইন, অপর যিহোরাম রাজা ইলীশাকে কহিল, হে আমার পিতঃ আমি কি তাহাদিগকে মারিব? ইলীশা, কহিল, মারিও না, তুমি কি যদ্ধেষ্ত ব্যক্তিকে মারিবা, তাহাদিগকে মারিও না, বর্ণ ইহাদের কাছে রুদী ও জল আন, ইহারা ভোজন করিলে, ইহাদিগকে ' আপন প্রভুর কাচ্ছে ঘাইতে দেও, তাহাতে রাজা ইলী-भात आक्रांनुमारत कतिल। विनर्मम हेमुाराल ताजात এতাদৃশ অনুগুহ ও শীলতা দেখিলেও, তাহার কোপানল শান্ত হইল না, ভজ্জন্যে বহু দৈনা একতা করণ পূর্ত্তক , শৌমীরোণ নগর বেষ্টন করিয়া এমৎ দৃঢ়ক্রপো অবরোধ করিল, যে তর্গর নিবাসিরা দুর্ভিক্ষপ্রযুক্ত অন্য আহারের দুব্যাভাবে মনুযোর মা॰ স থাইতে লাগিল। সেই দুষ্ট ও অহকারী রাজা যিহরাম, নমুতা ও শীলতা পূর্বেক দেবপূজার ধর্ম পরিতাাগ না করিয়া, ইলীশার বিরুদ্ধে অভিশয় ক্রোধ করিল,এব° তাহার মন্তক ছেদন করিতে ঐ ভবিষয়ক্তার গৃহে গেল। তথন ইলীশা কহিল, তোমরা পার্মেশবের কথা খন, কলা এই বেলাতে সমী-রোণের ছারে অনেক থাদা দুবা ক্রয় বিক্রয় হইবে। রা-

জার এক অধ্যক্ষ এই কথায় বিশ্বাস না করিয়া ভাচ্ছিল্য করিয়া কহিল; যদ্যপি পরমেশ্বর আকাশের দার করেন তথাপি তাহা কি হইতে পারিবে? তাহাতে ভবিষ্যয়কা কহিল, ভূমি আপন চক্তে ভাহা দেশ্বিবা, কিন্তু কিছুই ভক্ষণ করিতে পারিবা না। পরে সেই রাতিভে আরা-भीग्रामंत्र रेमनानंगरक त्राथंत ७ जार्थत मक्, जार्थार महा দৈন্যগণের শব্দ শ্রবণ করাইয়াছিল। তাহাতে তা-হারা অতিশয় ভীত হইয়া, মনে করিল, যেঁ বোধ হয় শোমীরোণ নগর রক্ষা করিবার নিমিত্তে কোন সহকারী দৈনা আদিতেছে, অতএব আপনাদের তামু ও তম্বাস্থ বন্ধু সকল পরিত্যাগ করিয়া আপন আশন প্রাণরক্ষার্থে পলায়ন করিল। প্রভাষে চারিজন কুষ্ঠ রোগী নগরের বাহিরে গিয়া শিবির শূন্য দেখিয়া বিহোরাম রাজাকে সমাচার দিল, তাহাতে নগরস্থ লোক দকল ৰাহিংর গিয়া শিবির মধ্যে আহারাদি ও লুটিত দুব্য সকল পা-ইয়া, সে দকল আপনাদিগের নগুরে আনিলে, ইলাশার পূর্কোক্ত নিয়মিত সময়ের মধ্যে নগরদারে অনেক দুবাদি বিক্রমু হইতে লাগিলণা পরে রাজা ঐ অবিশ্বাসী অধ্য-ক্ষকে দার রক্ষা করিতে নিযুক্ত করিলে, লোকেরা তা-হাকে দারেতে দলিত করিল, ইহাতে সে অনেক থাদ্য দুরা, কেবুল চক্ষুতে দেথিয়া তাহার রসাস্থাদন না কুরিয়া ঈশ্বরের লোকের কথানুসারে হত হইল। এই রূপে পরমেশ্বরের প্রত্যেক বাক্য লফল হইবে, এক মাত্রও নিষ্কুল ছইবে না, খুীষ্ট জ্বন্ধর পূর্ব্বে ৮৯২ বৎসর। ইসারেলের মধ্যে এই ঘটনার সময়ে বিহ্সাফুট রাজা কুশলে যিরশালম নগরে গেল, তাহাতে যিহ নামক প্রদর্শক তাহার দহিত সাক্ষাৎ করিতে ঢাইয়া কহিল, পাপিদের উপকার করা এব পরমেখারের **খ্ণাকারিদের প্রতি প্রেম করা, কি তৌমার কর্ত্তবা**? ইহাকে তোমার প্রতিকূলে পরমেশবের ক্রোধ নির্গত হইয়াছে, তথাপি ভোমার সংকর্ম হইয়াছে, তুমি দেশ হইতে দেবগণকে দূর করিয়াছ, ও ঈশ্বরের অন্বেদণ করিতে মনঃ দুদ্ধির করিয়াছ। আহাবের দুরাঁচার ও দেবপূজক পরিবারের সহিত যিহসাফটের বিবাহ হইল, একারণ তাহার মরণানন্তর, এই কুকমের ফল তাহার ৰণ্শাবলি, প্রমেখরের কোধে ভোগ করিতে লাগিল। তদনন্তর যিহ্সাফট্ সর্অতি পুনর্জার গমন করিয়া তাহা-দের পূর্ব্ব পুরুষদের প্রভূ, পরমেশরের পক্ষে তাহাদির্গকে কিরাইয়া আনিল। এবপ দে দেশে অর্থাৎ বিহুদার প্রাচীর বেষ্টিত সকল নগরের সর্ব্বত বিচার কর্ত্তাদিগকে নিযুক্ত করিয়া কহিল, তোমরা বাহা করে, তাহাতে দাবধান ইও, কেননা তোমরা মন্যাদের জন্যে বিচার করিবা না, কিন্তু বিচার করণার্থে, তোমাদের মধ্যে আছেন 👍 পর্-মেশ্বর, ভাঁছার জন্যে করিবা। অতএব তোমাদের মধ্যে পরমেশরের ভয় হউক, তোমরা সাবধান ইইয়া কর্ম কর, 'আমাদের প্রভু পরমেশবের' নিকটে অ্নারি ও 'মুথাপেক্ষা ও উৎকোচ গ্রুহণ হয় না। পরে যিহোদাফট্ যিরশালমে পরমেখরের বিচারার্থে ও বিবাদ ভঞ্জনার্থে লেবীয়দের ও যাজকদের ওই দায়েলের পিতৃ পিতাম-হাৃদি প্রধানদের কতক লোককে নিযুক্ত করিল। এবং

যিরশালমে উপস্থিত হইলে, তাহাদিগকে এই আজিল দিল, তোমরা বিশ্বস্তুতা রূপে সমপূর্ণ অন্তঃকরণের সহিত্ত পরমেশবের প্রতি ভয় রাথিয়া এই প্রকার কর্ম কর। তাহাতে পরমেশ্বর মঙ্গলের জন্যে তোমাদের সহ্বর্ত্তী ছইবেন। যিহোশাফট্ এইরূপে উত্তম রাজকীয় কার্য্য সম্মন করিবামাত্তে এই দ° বাদ পাইল, যে মোয়াকীয় ও অমনীয় ও ভাছাদের দহকারী অন্যান্য বংশের লোক আপনার রাজ্য আক্রমণ করিতে আদিতেছে। তাহাতে যিহোশাফট্ ভীত হইয়া পরমেশ্রের অস্বেণ করিতে উদ্যোগ করিল, এবং উপবাস করিতে যিহুদার সর্কাত্র সমাচার দিল। এব° যিহুদার তাব**ৎ লোক প**রমেশ্ব-রের কাছে উপকার প্রার্থনা করিতে একত হইল, অর্ধাৎ যিহুঁদার তাবৎ নগরহইতে লোকের। পরমেশরের অন্বে-ষণ করিতে আইল। পরে যিহোশাফট্ পরমেঁশরের ম্নিরের নৃতন প্রাঙ্গণের সমুথে যিহুদার ও যিকশাল-মের তাবৎ মণ্ডলীর মধ্যে দাঁড়াইয়া কহিল, হে আমা-দের পূর্বেপুরুষদের প্রভূপরমেশ্বর তুমি কি স্বর্গের প্রভূ न्र? ও তুমি कि অनात्नुगीय्रापत जावर तारकांत डेलंटत কর্তৃত্ব কর না? এব° তোমার হস্তে কি শক্তি ও নক-লের অনিবার্য্য পরাক্রমু নাই? আমাদের ঈশ্বর যে তুমি ভুমি কি আপন ইসুণয়েল লোকদের সম্থহইতে এত-দেশীয় লোকদিগকে দূর করিয়া আপন মিত্র অব্যুহমের বংশকে চিরকালের জন্যে এই দেশ দেও নাই? আর ভাহার। এই দেশে, বাদ করিয়। তোমার নামের জনো তাহার মধ্যে এক পবিত্র স্থান নির্মাণ করিয়া কহিল, যুদি

থবুঁ কিছা বিচারদণ্ড কিয়া মহামারী কিয়া দুর্ভিক ইত্যা-দি নানাবিধ দুঃথ আমাদের প্রতি ঘটে, আর এই মন্দিরে তোমার নামের অবস্থিতি প্রযুক্ত এই মন্দিরের প্রতি অভি-মুথ হইয়া তোমার সাক্ষাতে দাঁড়াইয়া দুর্দশাকালে তো-মার নিকটে আমরা যদি প্রর্থনা করি, তবে তুমি তাহা শ্রমিয়া কি উপকার করিবা? দেখ মিসর্হইতে আগমন কা-লে, ইস্নায়েল বংশ তোমাকর্ঠ নিষেধিত হইয়া যাহা-দের দেশে প্রবেশপূর্ত্তক বিনাশ না করিয়া অন্য পথে যাত্রা করিল, সেই অম্মোন বংশ ও মোয়াব বংশ ও (महोत পर्याडीय (लाकिता आमामिशक श्राठिकन मिराउ-ছে, এব৲. দেখা, তুমি যে অধিকার ভোগ করিতে আ-মাদিগকে দিয়াছিলা, তাহাহইতে আমাদিগকে দূর করিতে আক্রমণ করিতেছে। আমাদের ঈশ্বর তুর্মি কি ভাহাদের প্রতীকার করিবা না? আমাদের প্রতিকূলে বে সমূহলোক আসিতেছে, তাহাদের প্রতি প্রতিকূলাচরণ ক্রিতে আমাদের ফুছু ক্ষমতা নাই, এবং কি কর্ত্তব্য তাহা জানি না, কেবল তোমার প্রতি দৃটিপাত করি-তেঁছি। এইরূপে যিহুদার তাবৎু বালক ওক্সী ও বৃদ্ধ প্র-ভৃতি পরমেশ্বরের দাক্ষাতে দাঁড়াইল। পরে যিহোদীয়েল 'নামক এক লেবির প্রতি পরমেখরের আত্মা আবির্ভৃত হই, লে, পে কহিল, হে থিহুদা, ৩ বিৰুশাল্ম নিকাসি লোক সকল, ও হে মিহশাফট্রাজন তোমরা আমার কথাতে মনোযোগ করহ, পরমেশ্বর তোমাদিগকে এই কথা কছেন, তোমরা এই মহাজনতাতে ভীত হইও না, কেননা এই যুদ্ধ তোমাদের নহে, কিন্তু পরমেখরের

হয়, অতএঁব তোমকা কলা তাহাদের বিরুদ্ধে প্রান্তরে যাও, ঐ সময়ে তোমাদের যুদ্ধ করিবার প্রয়োজন হই-বে না, কেবল সদজ্জ হইয়া দণ্ডায়মান হইবা। প্রস্লে-খর কেমন উদ্ধার করিবেন, তাহা দেঞিবা, কেননা পর-মেশ্বর তোমাদের দহবর্ত্তী। ভাছাতে যিহশাফট্ ও তা-হার সঙ্গিলোক ভূমিতে আপন্থ মন্তক নত করিয়া প্রণাম পুরুক প্রভু পরমেশ্বরের প্রশংশা করিতে লা-নিল, পর দিবসে তাহারা প্রত্যুষে উচিয়া প্রান্তরে নেল. এক যিহশাফট্ কহিল, হে যিহুদানিবাসিগণ আমার কথা তান, তোমরা আপন প্রভুপরমেশরেতে বিশাস কর, -তাহাতে তোমরা সুস্থির থাকিবা, ৩ও তাহার ভবি-ব্যদ্তকার কথাতে প্রতায় কর, ইহাতে তোমরা কৃতকার্ত্তা হইবা, ভাহাতে ভাহার। অগ্রনামী হইয়া স্তব করিতে ২ এই কথা কহিল, পরমেখরের ধন্যবাদ কর, কেনলা তাঁহার অনুগুহ নিতাহ্নায়ী হয়; পরে তাঁহারা স্তব ও গান-করিতে আর্ড করিল। তাহাদের বিরুদ্ধে যাহার। আসিয়াছিল, পরমেশ্বর তাহাদিগকৈ আপনাদের মধ্যে পরস্পর বিবাদ করিতে প্রবৃত্তি জন্মাইলে, তাহারা পর-ন্ত্রর যুদ্ধ করিতে প্রবৃত্ত হইয়া বিনষ্ট হইল। তদনন্তর যিত্দার লোক সকল ঐ জনতার প্রতি অবলোকন ক্রিয়া দেখিল, যে ভাছারের মধ্যে দকলেই রণভূমিতে মৃত হইয়া পড়িয়া আছে, কেহ মাত্র জীবিত নাই। তথান যিহশাফট ও ভাহার লোকেঁরা ভাহাদের লুচিত দুব্য গুহণ ফরিতে গেলে, তাহারা এত ধন পাইল, যে তাহা... লইয়া বাহিরে যাইতে পারিল না, এবং ঐ সকল দুটিত

ষয় একতা করিতে জিন দিন লাগিল। চতুর্থ দিবলে তাহারা একতা হইয়া কৃতজ্ঞতাপুর্ক্ত পরমেখরের ধনাবাদ করিল, এবং তাহারা তবলা ও বাণা এবং তুরী
লঙ্গে লইয়া বিরুশালমে পরমেখরের মন্দিরে প্রবেশ
করিল, কেননা পরমেখর তাহাদিগকে শতুদিগের উপরে
জয়ী করিলেন, অপর পরমেখর ইসুায়েল বংশের শতুদের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছেন, এই কথা অন্য দেশের
তাবং লোক শ্রনিল, ইহাতে তাহারা তদবধি পরমেখরহইতে ভয়ের আশক্ষা করিতে, লাগিল।

এই রূপে প্রমেশ্র যিহশাফটের সম্বন্ধে কৃপা করিয়া শান্তি দিলে পর, তাহার রাজ্য সুদ্ধির হইল। পরমে-শ্বরের এতাদৃশ অতিরিক্ত দয়। ও প্রচুক্ত পরাক্তম প্রকাশ পাইলে, দে আপন রাজত্বের ২৫ বৎসর সময়ে পরলোকে গাঁমন করিল, এবং তাহার পুল্র যিহোরাম তাহার পরিবর্ত্তে রাজ দিংহাসনে অভিষিক্ত হইল। থ্রীষ্ট জন্মের পূর্ব্বে ৮৮৯ বৎসর।

मन्य।.

ষোরাম অহিয় অথলিয়া, যোয়াশ, অমৎদীয় উষিয়, এব ৎ ষোধমা, ইহাদিণের দারা যিত্দাদেশের রাজত্ব করণ বিষয়। যিহোরাম, যিতু, যিহোয়াহদ, যোয়াশ এব ৭ দিতীয় যারবিয়াম ইত্যাদি ইদ্যুয়েল্ দেশের রাজগণের বৃত্তান্ত।

খূরি জন্মের পূর্বে ৮৮৯ অবধি ৭৪২ বংসর পর্যান্ত। বোরাম স্বপিতার মরণানন্তর তৎসিংহাসন পাইয়।

ইসুায়েলের রাজগণের কুপথাবলম্বী হইল, কারণ সে আপনার সোদের ভাতৃগণকে কারাগারে বিনষ্ট করিয়া আহাবের কন্যাকে বিবাহ করিয়া প্রমেশ্বের দাক্ষাত্তে পাপ করিল; কিন্তু পরমেশ্বর দায়ূদের প্রতি এই প্রতিজ্ঞা করিয়াছিলেন, আমি ভোমাকে 🕫 ভোমার বংশকে নিত্য এক পুদীপ দিব, এই নিয়ম প্রযুক্ত তাহার বংশকে তিনি বিনষ্ট করিতে চাহিলেন না, পরে যিহোরামের অধিকার কালে, ইদোমীয়েরা যিহুদার কর্ত্ত্বের অধীনতা ত্যাগ করিয়া আপনাদের উপরে এক জনকে কর্তৃত্ব পদে অভিন্নিক্ত করিল, এই প্রকারে এযৌর প্রতি ইস্হাক্ কর্তৃক পূর্ব্বেক্ত বাক্য সফল হইল, পরে ইলিয় ভবিষ্যদ্বকার নিকটহইতে যিহোরামের নিকটে কোন বাকা সম্বলিত এক পত্র আইল, তাহার মর্ম এই, তোমার পিতা দায়ুদের পুভূ পরমেশ্বর এই কথা কহেন, তুমি আপন পিতা যিহ শাফটের পথে, ও যিত্দার ও আদারাজার পথে গমন করিলা না, কিন্ত ইস্যায়েলের রাজগণের সমাত পুথে গমন করিলা, অভএব দেখ, পরমেশ্বর ভোমার লোক-দিগকে, ও বালকগ**ংকৈ, এব**ং তোমার ভার্যাবর্<mark>গকে,</mark> এবং সমস্ত সমৃত্তি পুভৃতি, মহামারী পুভৃতি উপপ্লবদা-রা নিঃশেষে বিনষ্ট করিবেন, এব ে তুমি উদরাময়েতে নিতান্ত -পীড়িত হইবা। পরে পরমেশ্বর নিকটছ জা-তিদিগকে মনে পুরুত্তি দিলে, তাহার। যিছদা দেশে আসি-য়া রাজবাটীতে প্রবিষ্ট হইয়া রাজার পুত্র ও ভার্যা-গণ এবং প্রচুর ধন সম্মন্ত্যাদি সমুদায় লুঠ করিয়া গেল। কেবল অহিয় নামক তাহার কনিষ্ঠ পুত্র মাতা রহিন।

পরে পরমেশ্বর তাহাকে অন্তরন্থ এক সাংখাতিক রোগগুম্ভ করিলে, সৈ দুই বৎসর ক্রমাশত যন্ত্রণা পাইয়া অবশেষে প্রাণত্যাগ করিল। কিন্তু তাহার জন্যে কেহ শোক ও বিলাপ কিছু মাত্র করিল না। পরে তাহার পুত্র আসা রাজ্য করিতে লাগিল। খ্রীষ্ট জন্মের পুর্ফ্রে ৮৮৪ বৎসর।

তদনন্তর অহিয়ও তজ্ঞপাচরণ করিয়া আহাবের পথে গমন করিল। কেননা তাহার মাতা অথলিয়া আ হাব ও ইষেবলের কন্যা ছিল। মৃতরা° তাহাদের কু-মন্ত্রণানুসারেই কর্ম করিতে লাগিল। পরে অহিয় আ-পন মাতুল ইসুটিয়ল দেশের রাজা যিহোরামের সহিত সাক্ষাৎ করিতে যিষুয়েল নগরে গেল।

দে দময়ে দ্রীয়দেশের রাজা বিনহদদ্ অতিশয় পী
ড়িত হইয়া নিজ দৈন্যাধ্যক্ষ হোসায়েলকে কহিল, তুমি
ইলীশায়ের নিকটে নিয়া জান, আমি এই রোগহইতে
মুক্ষ হইতে পারিব কি না? ইহাতে হোসায়েল দেই রূপ
করিল, ইলীশায় তাহাকে কহিল, তুমি যাইয়া বিনহদদ্কে
বল, তুমি এই রোগহইতে মুক্ত হইতে পার, কিন্তু তথাপি
পরমেশ্বর আমাকে জানাইলেন, দে অবশ্য মরিবে। তথন
ইশ্বরের লোক ইলীশায় ক্রন্দন করিতে লাগিল, তাহাতে
হোসায়েল জিজ্ঞাসা করিল, আমার প্রভু কেন ক্র্দন
করেন, দে উত্তর করিল, তুমি ইসায়েল বংশের প্রতি
কির্দ্রপ মন্দ ও অসদাচরণ করিবা, তাহা আমি জানি, তাহাক্রে হোসায়েল কহিল, তোমার দাস কি কুষ্কুর যে এমৎ
দীর্দ্রণ কর্ম করিবে, ইলিশায় কহিল, তুমি আরামের রাজা

হইবা, ইহা পরমেশ্বর আমাকে জানাইলেন, পরে হো-সায়েল ইলাশায়ের নিকট হইতে প্রস্থান করিয়া আপ-নার প্রভুর কাছে গেল, এবন তাহাকে প্রাণে বিনষ্ট করি-য়া তৎসিৎহাসন অধিকার করিল। ইহাতে আমরা বোধ করি, যে মনুষ্য মাত্রের প্লায় অন্তঃকরৰ অতিচঞ্চল ও ভাহা-দের ইন্দুিয় দকল বশীভূত নহে,কারণউহারা আপন ২ বিষয় পাইলেই, দর্মদা ভোগ করিতে বাদনা করে। তৎপ-রে ইলাশায় ভবিষ্যদ্বকূননের মধ্যে এক যুব ব্যক্তিকে প্রেরণ করিয়া বলিল, তুমি যাইয়া ইসুায়েলের রাজা যিহোরামের নেনাপতি যিহুকে রাজ্যে অভিষিক্ত করিয়া বল, পরমে-খর এই কথা বলেন, আমি তোমাকে ইন্ট্রীয়েলের উপরে রাজস্ব করিতে নিযুক্ত করিলাম, অতএব ইমেবলের হস্ত-দারা আমার দাদ ভবিষাদকুণণের রক্তপাতের ও পরমে-খরের সকল দাসের শোণিতপাতের প্রতিফল্ল দিবার জন্যে তুমি আপন প্রভু আহাবের বংশকে উচ্ছিন্ন করিবা, কেননা আহাবের সমুদায় বংশু বিনষ্ট হইবে, এবং তাহার বংশ সকল আমি যারবিয়ামের ও বাসার ব<শের ন্যায় করিব। তাহাতে কু**ঙ্কুর**গণ যিষ্ট্রিয়েলের ভূমিতে ইষেবলকে থাইবে, ও কেহ তাহাকে কবর দিবে না, পরে যিহু যিহোরাম ব্লাজার বিরুদ্ধে কুমন্ত্রণা করিয়া মিষুয়েল নগরে গমন করিল। পরে ই সুর্গায়েলের রাজা যিহোরাম ও যিহুদার্ রাজা আহিয যিহুর দৈন্য-मामल, आमिए पिथाल भन्न, वाहिएन आमिशा नावर्षेत দ্রাক্ষাক্ষেত্রে তাহার সহিত সাক্ষাৎ করিল। তদনন্তর যিহ धनुः आंकर्षन कविया थिश्हास्मद श्रुपय वानाचारजं विमीन করিল। তাহাতে দে আপন রথে নত হইয়া পড়িল, তথন ফিল্ আপন দেনাপতিকে কহিল, তুমি ইহাকে তুলিয়া লইয়া নাবোটের ক্লেত্রেতে ফেল, কেননা যথন তুমি এবং আমি এই উভয়ে অখারঢ় হইয়া তাহার পিতা আহাবের পশ্চাই গোলাম, তথন প্রমেশ্বর তাহাকে যে শাপ দিলেন, ভাহা মনে কর, পরমেশ্বর কহেন, আমি কলা অবশা নাবোটের ও তৎপুত্রগণের রক্ত দর্শন করিয়া দুক্লাক্লেত্রের একাংশে তোমাকে ইহার প্রতিফল দিব। অতএব এখন পরমেশ্বের বাক্যানুসারে তাহাকে লইয়া ও ক্লেতাংশে ফেল। তথন যিহুদার রাজা তাহা দেখিয়া পালায়ন করিল, তাহাতে যিহু তাহার পশ্চাই ধাবমান হইয়া তাহাকে অনেক আঘাত করিলে, সে প্রশ্তাণ করিল। পরে তাহার দাসবর্গ যিক্লালম নগরে ত্বাহাকে লইয়া গিয়া কবর দিল। খ্রীই জন্মের প্রের্হি৮৮৪ বৎসর।

অপর যিহু যিসুরেলে উপস্থিত হউলে, ইমেবল আপন চক্ষুতে রঙ্গ দিয়া ও কেশ বেশ বিন্যাস করিয়া যিহুর নগরপ্রেশ কালে বাতায়ন দিয়া অবলোকন করিয়া কহিল, আপন প্রভুকে বধ করিয়াছিল যে সিমু তাহার কি মঙ্গল হইল। ইহাতে যিহু তাহার দাসকে বাতারন ইইতে উহাকে কেলিয়া 'দিতে আজ্ঞা করিলা, তাহাতে তাহার। উহাকে নীচে নিক্ষেপ করিলে, ভিত্তিতে লাগিয়া অখদের গাতে তাহার রক্তের ছিটা লাগিল। এবং দে অশ্বের পদতলে দলিত হইল। পরে যিহু ও অউালিকার মধ্যে প্রেশ করিয়া কহিল, তোমরা যাই-

য়া ঐ শাপগুষ্ঠা দ্রাকে করর দেও, কেননা দে রাজকন্যা, ইহাতে লোকেরা তাহাকে করর দিতে গোল, কিন্তু তা-হার মন্তকের থুলি ও পদ, ও হন্ততল বাতিরেকে আর ' কিছু পাইল না। তাহাতে যিছ্ কহিল, পরমেশ্বর আপন দাস এলিয়ের প্রমুখাৎ এই কথা কহিলেন, কুত্বুরগণ যিষুয়েলের ক্লেত্রাওশে ইযেবলের মাণ্স থাইবে, সে কথা এখন সফল হইল।

-যিষ্য়েলের নগরেতে আহাবের ৭০ জন পুত্র ছিল, তজ্জনা যিহু সেই নগরের প্রধান লোকের নিকটে পত্র পাঠাইয়া যে বালকগণকে নষ্ট করিতে আজা করিল। এই সকল দুরাত্মা লোক য়াহারা পূর্ক্কে নির্দোষ্টি নাবো-টকে বিনষ্ট করিয়াছিল, তাহারাই এক্সণে ঐ দকল শর-ণাগত রাজকুমারগণকে বিনষ্ট করিতে উদাত হইয়া তাহাদিনের মন্তক ছেদন করিয়া চুপড়ি পূরিয়া যিত্র নিকটে পাঠাইয়া দিল। যিহুও তাহা পাইয়া প্রজাগণকে দেখাইয়। কহিল, পরমেশ্বর আহাবের পরিবার বিষয়ে যে ২ কথা কহিয়াছেন, তাহার কোন কথা বিফল হইবে না, ইহা জ্ঞাত হও, কেননা পরমেশ্বর আপন দাদ এলি যের প্রমুখাৎ যাহা ২ কহিয়াছেন, তাহা দিছও করি-লেন। এই প্রকারে যিহু আহাবের পরিবার ও অধ্যক্ষ-গুল ও জাতি কুটুম্ব. এবং যোজকগণ সকলকে এককালে বিনষ্ট করিয়াছিল, কাহাকেও অবশিষ্ট রাথে নাই।

যিত্ এইরপে আহাবের সমুদয় বংশ নই করিলে পরে, তত্ত্বপ বালদেবতার আরাধনা উচ্ছিন্ন করিতে মনস্ক্ করিল, •সে কোন পর্ত্তাহে উৎসবের ছলে সকল দেব-

পূজকগণকে আহ্বান করিয়া সৈন্য দ্বারা তাহাদিগকে আক্রমণ পূর্বেক বিনই করিল, পরে সে দেব প্রতিমা সকল ভাঙ্গিয়া বালদেবের মন্দির উচ্ছিন্ন করিল। এই রূপে ঈশ্বরের কথানুসারে দুই লোককে উত্তমরূপে শাস্তি দিলে, পরমেশ্বর প্রতিক্রা করিলেন, যে তাহার পুত্রাদি অধন্তন চারি পুত্রুষ ইসুয়েল দেশে রাজত্ব করিবে। ২৮ বংশর রাজত্ব করিয়া যিত্ব মরিলে, তাহার পুত্রী যিহোয়াহস তাহার রুজ সিংহাসন প্রাপ্ত হইল। থাইট জন্মের পুর্ব্লে ৮৫৬ বংশর।

যিছোয়াহ্দ, রাজা তাহার পুর্বাধিকারিগণের মত দেব পূজা করিতে লাগিল, তজ্জনা পরমেশর অমরীয় রাজা হোদায়েল দারা ইদায়েল বংশকে শান্তি দিলেন। পরে দে দুরাঝা রাজা ইদায়েল দেশ আক্রমণ করিতে আদিয়া তাহাকে এমং উচ্ছিন্ন করিল, যে যারবিয়ামের লক্ষং পশ্চান্দ্রামি দলি লোকের মধ্যহইতে কেবল দশ হাজার পদাতিক ও পঞাশং অশার্ঢ় দৈনা অবশিষ্ট থাঞিল। ইহাতে ইলিশায়ের পূর্ব্বোক্ত ভবিষ্যদানী দফলা হইল। তাহার মরণান্তর তৎপুত্র ঘোয়াশ তৎসিংহাদন পাইল। খ্রীষ্ট জন্মের পূর্ব্বে ৮৩১ বৎসর।

যোয়াশের পিতা, মরণের পূর্ব্বে পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিলে, পরমেশ্বর অনুগৃহপূর্বক তাহার পুল্র ছারা ইসায়েল বংশকে অমরীয়দের হয়হইতে উদ্ধার করিলেন। পরে ইলিশায় ভিবিষ্যদক্তা অত্যন্ত পাড়িত হইলে, যোয়াশ রাজা তাহার নিকটে যাইয়া তাহার মূথের উপরে কেন্দন করিয়া কহিল, হে আমার পিতঃ ২,

হে ইন্যুরেলের রথ ও আখারত রপিন, তাহাতে এ মুরমান ভবিষদ্ধকা রাজাকে কহিল, তুমি অমরীয় লোকের উপরে জয়া হইবা। পরে রাজা অমরীয়দিগতক
তিনবার পরাভব করিয়া যে সকল নগর তাহারা পূর্কে
আক্রমন করিয়া অধীন করিয়াছিল, সে সকল তাহাদের
হস্তহহঁতে পুনর্কার উন্নার করিল, এতভিন্ন সে যিহুদা
দেশের রাজা অমৎসিয়কেও পরাজয় করিল। তাহার
মরনানন্তর তৎপুত্র দিতীয় যারবিয়াম রাজনিংহাসন
প্রাপ্ত হইল। এবং সে ক্আচরন করিয়া ইন্যুয়েল দেশের প্রথম রাজ। যারবিয়ামের সমত কুপথাবলয়া হইলেও, পরমেশ্বর আপন প্রাচীন ইন্যুয়েল লোকের দুঃশ
ও যন্ত্রনা দেথিয়া কৃপাবলোকন পূর্কে য়ারবিয়ামকে
বইকাল পর্যান্ত কুশলে রাজন্ব করিতে ক্রমত। দিলেন।

যথান বিহুদা দেশের রাজা অহিয় বিহুদারা বিনষ্ট হইয়াছে, এবিষয় তাহার মাতা আথলিয়া দেশবাদ পাইল, তথান দেই অভিমানিনী জ্রা আপন জননী ইংষবলের মত দর্মদা কুকর্মারতা হইয়া অহিয়ের শিশু দর্ত্তান
যোহাশ ব্যতিরেকে-রাজার দম্দয় দয়ান দয়তি বিনষ্ট
করিল, এবং যিহোয়েদা দে দেশের রাজা ও তাহার
জ্রী যোয়াশকে গোপনে রাথিয়া রক্ষা করিল। এই প্রকার তাহার পৌত্রের বিনাশেতে রাজদিংহাদন প্রাপ্তির
পথ অতিদূলভ করিয়া ক্রমাণত ছয় বংদর পর্যান্ত রাজস্ব
করিল। পরে যিহোয়াদা যামাশকে রাজ্যাভিষিক্ত
করিয়া আথালিয়াকে বিনষ্ট করিল। খ্রীষ্ট জয়ের প্রের্
৮৭৮ বংদর।

যিহোয়াদা নামক যাজক এই নিয়ম স্থাপন করিল, যে রাজা ও পুজা পুরমেখরের আক্তা পালম করিয়া তাঁ-হার ভয়ে তাহার। পরস্কুর আপন ২ কর্ত্তরা কর্ম করে। ইহাতে লোক দকল পরমাহলাদে কালদেবের মন্দির ভা-क्रिल, ममूनर प्राच श्री हा शाहेल। পরে ঐ বিশ্বস্তুবাক্তি যিহোয়াদার মরণকাল পর্যান্ত যোয়াশ রাজা পরমেশরের সাক্ষাতে সদাচার করিল। এবণ তাহার অধার্মিক পূর্ব্ব-পুরুষদিগকে অবহেলা পূর্ব্যক অনবধানতাতে পরমেখ-**রের যে মন্দির ক্রমশঃ বিনষ্ট হইবার** যোগ্য হইয়াছি**ল**, তাহা দে এক্লণে উত্তমরূপে সারাইয়া রাখিল,। যিহো-য়াদা রাজা ১৩০ বৎসর বয়ঃক্রম হইলে, পরলোক গঁত **হইল, ঐ ব্যক্তি ঈশ্বরের** ও তত্মন্দিরের এব°১ দায়ূদের[,] ৰণশের প্রতি অত্যন্ত সদ্যবহার করিয়াছিল, একারণ তাহার মৃত শরীর লইয়া লোকেরা যিত্দাদেশের রাজ-গণের মধ্যে কবর দিল। তদনন্তর অধ্যক্ষণণ সোয়শশ রাজার নিকটে আদিয়া তাহাকে কুমন্ত্রণা দিতে লাগিল। পরে তাহারা আপনাদের পিতৃলোকদের প্রভু পরমে-শ্বরের মন্দির পরিত্যাগ করিয়া চৈত্যবৃক্ষ ও দেবপ্রতিমাদি পূজা করিতে লাগিল, এই অপরাধে যিহুদা ও যিরু-শালমের প্রতি ঈশরের কোধ উপস্থিত হইল।

তথাপি পরমেশ্বর তাহাদিগকে, আপন পক্ষে পক্ষ-পাতী করিবার জন্যে তাহাদের নিকটে ভবিষ্যদক্ষণণকে প্রেরণ করিলেন, কিন্তু তাহারা ইহাতে মনোযোগ করিল না। পরে পরমেশ্বের আত্মা যিহোয়াদা যাজকের পুত্র শিথরিয়ের প্রতি আবির্ভূত হইলে, দে রাজা ও লোক- দিপকে কহিল, ঈশ্বর এই কথা কহেন তোমরা কেন পরমেশ্বরের আঁজুর্লি জ্বন করিতেছ, ইহাতে ভাগাবান্ হইতে পারিবা না, এব° তোমরা পরমেশ্রকে ত্যার্গী করাতে তিনি তোমাদিগকে ত্যাগ করিবেন। যোয়াশ রাজা তাহার কথাতে কেবল বিরক্ত হইয়া, এবং ধার্মিক যিহোয়াদার পুত্রের প্রতি কৃতজ্ঞতা দ্বীকার ন্ করিয়া মরণ পর্যান্ত প্রস্তুরদারা তাহাকে আঘাও করিতে আজা করিলেন। তাহাতে তাহার সমীপস্থ অধাক্ষণণ मिस्तित माथा शिविज स्राप्त ও तोजाका सूमाति जारा-কে হচাৎ বিনষ্ট করিল। কিন্তু এই দুস্কম্মের প্রতিফল দে অতি স্বরাতেই প্রাপ্ত হইল, কেনন এই কৃত্যু রা-জার রাজত্বের আরম্ভেই সুথের যত অধিক ভাগ ছিল, এই ৰূপ ঐ দুরাত্মার রাজ্যশেষে দুঃথের অংশ তাহাহই-তেও অধিক হইল। তদনন্তর এক বৎসরের মধ্যে অল্ল-দংখ্যক অমরীয় দৈন্য যোগাশ রাজার অদংখ্যেয় <u>কৈন্য সামন্তকে পরাভব করিয়া যিরুশালম নগর ও</u> তত্ত্রস্থ সভাসদ্বর্গকে আক্রমণ করিয়া ল্চিতদুবা সকল मस्मिष्ठक नगरत नहेश (शन, उपकारन, वाशाम ताजा অতিশয় রোগের যাতনায় পতিত হইয়াছিল, কিছুকাল বিলম্বে এই ৰূপ যাত্ৰাতে কাল্যাপ্ৰন করিতে ২ দে আপন শ্যাতে নিজ দাসবর্গ কঠ্ক হত হটল। পরে তাহার পুত্র অমৎসিয় তাহার পরিবর্ত্তেরা জত্ব করিতে. লাগিল। খ্রীষ্ট জন্মের পুর্ব্বে ৮৩৯ বৎসর।

ঐ যুবরাজ দি°ংহাসনাভিষিক্ত হইলে ও, তাহার পিতৃ-হত্যাকারি সমৃদ্য় দাসবগকে বিনফী করিয়া ইদ্যাম দেশকে আক্রমণ করিবার মানসে বহু গৈন্য একতা করিল, এই কারণ একশত সংখ্যক কিছুর নামক দ্বপা শিয়া ইসায়েল দেশহইতে এক লক্ষ মহাবীর লোক আনিল, কিন্তু ঈখরের এক লোক তাহার নিকটে আ-সিয়া কছিল, হে রাজন্ ইসায়েলের সেনাগণ তোমার দঙ্গে না যাউক। কেননা পরমেশ্বর ইসাুুুুরেল বংশের দহিত আর নাই, তাহশতে অমৎসিয় তাহাকে কহিল, আমরা ইলায়েলের দলকে যে একশত রূপা দিয়াছি, ভাহার নিমিত্তে কি করিব, সে উত্তর করিল, পরমেশ্বর তদপেক্ষা তোমাকে প্রচুর দিতে পারেন,তাহাতে অমৎসিয় ইসায়েলের সৈন্যকে গৃহে ফিরিয়া যাইতে আজ্ঞা করিল, ভাহারা মহাক্রোধে প্রজ্ঞলিত হইয়া প্রত্যাগমন কালে তা-হারা পথের মধ্যে যিত্দা দেশের নগর **সকল পূঠ** করিল, পরে অমৎসিয় আপন লোকদিগকে বাহির করিয়া লইয়া ইদোমীয় বংশের দশসহসূ লোককে প্রাণে নষ্ট করিল, এবং লুচ করিয়া অনেক ধন সম্পত্তি পাইল, পরে দে অনুচিত রূপে ইদোমীয় দেবগণকে আ-নিয়া তাহাদিগুকে ইষ্টদেব করণার্থে স্থাপন করিয়া তাহাদের সমুখে প্রণাম করিল, ও তাহাদের উদ্দেশে ধূপ জালাইল, ভাহাতে অমৎসিয়ের প্রতি পরমেশ্রের কো্ধ প্রঅ্লিভ হউলে, তিনি তাহার নিকটে এক ভৰি-্ষ্যদ্বক্তাকে পাচাইলেন, তাহাতে দে গিয়া কহিল এই লো-কদের যে দেবগণ তোমার হস্তহ্ইতে দেই সকল আপন लाकिमिशरक डैकात कतिएउ मप्तर्थ इहेन ना डोहारमत নিক্টে কেন তুমি ফলের অম্বেষণ করিতেছা? সে এই কথা কহিলে রাজা তাহাকে কহিল, তুমি কি রাজমিল্রিপদে নিযুক্ত হইয়াছ, কান্ত হও, কেন প্রহারিত
হইবা, তাহাতে ভবিষ্যক্তা কান্ত হইয়া কহিল, তুমি
এই কর্ম করিলা, এবং আমার মন্ত্রণা মানিলা না, ইহার্তে
ইশ্বর তোমাকে বিনই করিতে দ্বির করিলেন, তাহা আমি
নিশ্ব জানিলাম। অমৎসিয় ইদোমীয় লোক সকলকে
পরাভব করাতে অতিশয় অহস্কারে প্রদীপ্ত হইয়া ইসারেলের যোয়াশ রাজার সঙ্গে যুক্ত করিতে প্রবৃত্ত হইলে,
ইশায়েলের বাজা যিরুশালম নগরে আলিয়া তাহার
দুর্গ বিনই করিয়া তথাকার রাজা ও অমৎসিয়কে প্রাজয় করিল। পরে তাহার রাজ্যকরকে ক্রমণঃ অথাাতি
জয়িলে, রাজা নিজ প্রজাদারা বিনই হইল। ইহাতে তাহার পুল্র উষীয় তাহার সিংহাসনাভিষিক্ত হইয়া রাজত্ব
করিতে লাগিল। থাঁই জয়ের পূর্ব্বে ৮১০ বৎসর।

উষীয় ১৬ বৎদর বয়দে রাজত্ব করিতে আরম্ভ করি-য়া পরমেশবের দাক্ষাতে উত্তম আচরণ করিল, এবং দে ভক্তিভাবে পরমেশরের দেবাতে যাবৎ রত ছিল, তাবৎ তাঁহার আশীর্বাদে বিশিষ্ট দৌভাগ ভোগ করিতে লাগিল, এবং পরমেশ্বর তাহার দহায় হইয়া তাহার শতুগণের উপরে তাহাকে জয়ী করিলেন। কিন্তু দে বল-যান্ হইলে, নিজ মনোবিনাশকগর্বে গর্বিত হইল, কেননা দে আপন প্রভূ পরমেশরের আজ্ঞা লম্ব্রুন করিল, অর্থাৎ দে এক দিবদ দম্পুর্বাক হারোণের বংশ-জাত অধিকান্ধি যাজকের পরিবর্ত্তে ধূপবেদির উপরে ধূপ জ্বালাইতে পরমেশ্বের মন্দিরে গেল, ইহাতে তৎক্ষণ মাত্রেই প্রমেশ্বর তাহাকে আঘাত করাতে কুঠরোগ তাহার কপালে প্রকাশ করিলে, ঐ ব্যক্তি যাবজ্ঞীবন সেই কুঠরোগ গুস্ত হইয়া রহিল। থ্রীষ্ট জন্মের পূর্বে ১৫৮বৎসর।

তাহার মরণানত্তর তাহার পুত্র যোথম রাজ ধর্ম প্রতিপালন করিল, এবং পরমেখরের সাক্ষাতে উত্তম ব্যবহার করিয়া বিশেষ ক্ষমতাপন্ন হইল, কেননা দে পরমেখরের আজানুসারে লোক যাত্রানির্কাহ করিতে মনস্থ করিল, কুশলে যোল বৎসর রাজত্ব করিলে, তা-হার মরণ হইল, তাহাতে তাহার পুত্র আহস তৎসিং-হাসন প্রাপ্ত হইল। খুফি জন্মের পূর্বে ৭৪২ বৎসর।

वकाम्भ ।

যূনস নামক ভবিষ্যদক্তার বৃত্তান্ত। খুফি জন্মের পূর্বে প্রায় ৮৪০ বংসর।

প সময়ে যুনস নামক ভবিষ্যদক্তার নিকটে প্রমেখ-রের এই কথা উপস্থিত হইল, তুমি উচিয়া নিনিবী নামক বৃহন্ধারে গিয়া তত্রনিবাসিদিগের বিরুদ্ধে কোন কথা প্রচার কর, কেননা আমার সাক্ষাতে তাহাদিগের দুইতা প্রকাশ হইয়াছে। পরমেখরের এতাদৃশ অবজ্ঞাপালনার্থে তথায় যাত্রা করিলে, নানা ক্লেশ ভোগ করিতে হইবেক; এবং তন্ধগরনিরাসি দুইট দেবপূর্জকদের নিকটে ভাবি অমঙ্গলের বার্জা প্রচার করিলেই, বিশেষ এক দুর্ঘটনা ঘটিবার সম্ভাবনা ক্রিয়া

তথায় 🗝 বাই তে নমপূর্ণরপে অসমত হইল। এব ९ এই সকল উৎপাতহইতে উদ্ধার পাইবার নিমিত্তে, ও পর্মে-খরের সাক্ষাৎহইতে পলাইতে বাসনা করিয়া ভার্য্,নগ্ন-রে যাত্রাকারি এক জাহাজে আরোহণ করিক। ক্রি আমরা প্রমেশ্রের আত্মাহইতে কোথায় ঘাইব, ও ভাঁছার অগোচরে কোথায় পালাইব, যদিও অরুণৰূপ শক্ষ ধরিয়া সমুদ্রের দূরস্থ পরপারে নিয়া বাস করি, उशालि त्मशात्म ও ठाशां इस जामात्क शमन कतारेत, ও তঁক্লার দক্ষিণ হস্ত আমাকে ধরিবেক, যদি ভারি অন্ধ-কারে লুকাইয়া থাকি, তথাপি রাত্তিও আমার চতুস্পার্খে দীপ্তিমতী হইয়া থাকিবেক, এইরপ দায়ুদের লেখনানু-দারে প্রমেশ্বরের গোচরহইতে আমর। কথন পলায়ন করিতে সমর্থ নহি। তদনন্তর ঘূনস ঐ জাহাজে আরো-হণ করিবামাতেই পরমেশ্বর সমূদ্রে অতিশয়'প্রচণ্ড কড় প্রেরণ করিলে, তথায় এমৎ মহাকড় উপস্থিত হইল; যে তাহাতে জাহাজ এক কালে ভগ্নপায় বোধ হইয়াছিল, ইছাতে নাবিকণণ ভীত হইয়া প্রত্যৈকেই[®] আপন্থ ই**ই**ক (मरवत निकरि श्रार्थना कतिराज नातिन, **यव** । जातनाच-বের নিমিত্তে প্রায় তাবৎ বস্তু জাহাজহইতে সমুদু মধ্যে নিঃক্ষেপ করিল। কিন্তু যূনস জাহাজের নীচ্ছানে গিয়া ুশয়ন ক্রিয়া তৎকালে নিদ্তি ছিল। তথন জাহাজাধাক ভাহার নিকটে আসিয়া ভাহাকে কহিল, হে নিদাৰু লোক কি কর, উচিয়া আপম ঈশবেরর কাছে প্রার্থনা কর, কি জানি দেই ইশ্বর আমাদিগতে মারণ করিলে আমরা । বিনফী হুইব না। পরে এক জন অন্য জনকে

কহিল, কাহার অপ্ররাধে আমাদের প্রতি এই বিপদ ঘটিতেছে, তাহা জানিবার জন্যে আইস আমরা গুলিবাট क्रिक, शदा अनियाँ के किरान, यूनरमतं नाम अनि छेकिन। ইহাকে তাহারা তাহাকে কহিল, আমরা বিনয় করি, কাহার দোষে আমাদের প্রতি এই বিপদ ঘটিতেছে তাহ। আমাদিগকে কহ, তাহাতে দে তাহাদিগকে কহিল আমি ইব্রায় লোক, ষিনি সমৃদু ও শুষ্কভূমির সৃষ্টিকর্ত্তী দেই স্বর্গীয় ইশ্বর যিহোবাকে আমি ভয় করি। তথান তাহার৷ অত্যন্ত ভীত হইল, এবণ দে প্রক্ষেরের **সাক্ষাৎ হইতে পলাইতেছে, এ কথা তাহার মুধ** হইতে জানিয়া • তাহাকে কহিল, তুমি কেন এমত কর্ম করিলা? তথন তাহারা তাহাকে জিজ্ঞাসা করিল, সমৃদুকে নিথর করণার্থে উপায় কি? আমরা তোমাকে কি করিবৃ? কেনন। সমূদ্রের তরঙ্গ উত্তরোত্তর প্রবল হইতেছে। তথন দে তাহাদিগকে কহিল, আমাকে ধরি-য়া সমূদ্রে নিক্ষেপ কর, তাহাতে কড় নিবৃত্ত হইবে,কেননা ब्याभाর দোষে তোমাদের উপরে এই মহ। কড় উপস্থিত হইয়াছে, তাহা আমি জানি। তথাপি দেই লোকেরা জাহাজ তটে লইয়া যাইবার জন্যে যত্তে দণ্ডক্ষেপণ করিল বটে, কিন্তু সমুদ্রের তরঙ্গ তাহাদের বিরুদ্ধে, উত্তরো-ন্তর প্রবল হইলে, তাহার। যাইতে,পারিল না। অতএব, ভাহার। পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল হে যিহোবাঃ আমরা বিনয় করিয়া প্রার্থনা করি, এই মানুষের প্রাণের নিমিত্তে আমাদিগকে বিনষ্ট করিও না, কেনন হে যিহোবাঃ তুমি আপন ইচ্ছামতে করিতেছ।

পরে তাহারা যূনসকে ধরিয়া সমূদ্রে নিক্লেপ করি**ল**া ভাছাতে সমুদ্রের তরঙ্গ রহিত হইয়া নিথর হইল, তথন (मই लारकंत) शत्राप्यदात উদ্দেশে विल्वान कतिल, এব॰ নান। মানত করিল। তথন যূনস মৎসোর উদরে থাকিয়া আপন প্রভূপরমেশ্বরের নিকটে প্রার্থনা করিয়া কহিল, হে পরমেখর তুমি আমার কথা শুনিলা ও আমি পরলোকের মধ্যে থাকিয়া বিনতি করিলে, তুমি আমার নিবেদন গ্রাহ্ম করিলা। কেননা পুমি আমাকে সমুদের মধ্যে গভীর জলে নিক্লেপ করিলা, তাহাতে দ্যোতঃ আমাকে আচ্ছন্ন করিল, এব**ং তোমার তরঙ্গ ও** পুর্বল ঢেউ সকল আমার উপরদিয়া গেল। তথন আমি তোমার দৃষ্টির বহিষ্কৃত এই পবিত মন্দিরের প্রতি দৃষ্টি করিলাম, আর সমুদু প্রায় আমার প্রাণনাশ পর্যান্ত আমাকে বেষ্টন করিল, ও গভীর জল আমার চতুর্দিকে থাকিল, ও সমুদের শৈবাল আমার মন্তকে বেফিত ইইল; আমি পর্কতের মূল পর্যান্ত নামিলাম, এবং পৃথিবী আপন অর্গলদারা সর্বদা আমাকে ক্রদ্ধ করিল, তথাপি হে আমার প্রভো পরুমেশ্বর তুমি বিনাশ হইতে আমার প্রাণকে উদ্ধার করিলা। হে পরমেশ্বর আমার প্রাণ[়] মূচ্ছিত হওন সময়ে আমি তোমার সারণ করিলাম, ও আমার সেই প্রার্থনা আমার পবিত্র মন্দিরে ভোমার নিকটে উপস্থিত হইল, কিন্তু আমি ধন্যবাদপূর্বক ভোমার নিকটে নিবেদন করিব, এব° বৈ মানত করিয়াছি, তাহ। পরিশোঁধ করিব, যেন পরমেশ্রদারা পরিতাণ হয়, পর-মেশ্বর কেই মৎস্যাকে আজা করিলে, সে তাইভূমির

উপরে যুনদকে উদ্ধারণ করিল। পরে দিতীয় বার পরমেশবের এই কথা ঘূনদের নিকটে উপস্থিত হইল, ভুমি উটিয়া বৃহন্নপর নিনিবীতে গমন করিয়া যে কথা তোমাকে কহি, তাহা তাহার মধ্যে প্রচার কর। পরে ঘূনস অতিক্লেশ ভোগেতে সুশিক্ষা পাইলে, ঈশরাজ্ঞা আর অবহেলা না করিয়া তৎক্ষণাৎ তাঁহার দেই আজা পালন করিতে দেই নগরে গেল। নিনিবী নগর অশূ-রিয়া রাজ্যের রাজধানী, ছিল এবং দে নগর অতি রুহৎ, ও তিন দিবস গম্য ছিল। দইদর্দ সিকলস নামক প্রাচীন গুরুকর্তার লিথনানুসারে উহার বেউন ৩০ কোশ পরিমিত ছিল। পরে যুনক ঐ নগরে প্রবেশ कत्रिया উচ্চৈঃ महत এই कथा श्रुवात कतिएक नाशिन, य ৪০ দিনু গত হইলে, এই নিনিবী নগর এক কালে উচ্ছিন হইবে। এবং নিশিবীর রাজার নিকটে এই সমাচার আইলে, দে আপন দিংহাদন হইতে উচিয়া রাজ বস্ত্র ্ত্যাগ করিয়া চট পরিধান ও ভন্ম লেপন করিল। এবৎ রাজা আপনার ও অধ্যক্ষণণের নামে নিনিবীর সর্বত এই আজা ঘোষণা পূর্বকে প্রচার করাইল, মনুষ্য ও াগোমেষাদি পশু কেহ কিছু আস্বাদন ও ভোজন ও পান না করুক, এবং মনুষ্য ও পশু চট পরিধান করিয়া যথা শক্তি ঈশ্বরের কাছে প্রার্থনা করুক, ও প্রত্যেক জন আপন্থ কুপথ ও হস্তস্থিত দৌরাত্মা হইতে বিমুখ হউক, ইহাতে কি জানি ঈশ্বর অনুকূল হইয়া আপন প্রজ্লিত ক্রোধ ইইভে নিবৃত্ত হইবেন, তাহাতে আমরা বিনষ্ট रहेर मा। এই श्रुकार्त्र निनिवी निरामिशन शतस्त्रस्यरहरू

পুতায় করিয়া উপবাদের কথা পুচার করিল, এবণ মহৎ ও কুদু তাবৎ লোক চট পরিধান করিল। অতএষ লোক কেরা স্বং কুক্রিয়া ত্যাণ করিবাতে পরমেশ্বর তাহাদের এতাদৃশ ব্যবহার দেখিয়া তাহালের প্রতি বাহা করিতে মানদ `করিয়াছিলেন, তদিধয়ে ক্ষান্ত হইয়া তাহা আর করিলেন না। ক্ষমাবান ও সহনুশীল পরমেশরের এতাদৃশ কৃপাতে ঘূনস অতিশয় অসন্তুষ্ট হইল। কেননা পরমেশ্বের প্রতিশ্রুত নিনিবীর সর্বাশা ও তন্নগরবাসিদের পাপ বিষয়ে অনুতাপ পুরুকে তাহা পরিত্যাগ করিলে,পরমেশ্বর ক্ষমা করিলেন, ঘূনস ইহা জানিলেও,কেবল ক্রোধপূর্কক ইহাই ভাবিতে লাগিল, লোকে অবশাই ইহৰ কহিৰে যে আমি মিথ্যা ভবিষাদ্বজা। এত সহসুথ লোক মনঃ-পরিবর্ত্তনে রক্ষা পাইলেও্, যূনস সম্ভুষ্ট না হইয়া তাহা-দের কুশলহইতে আপনার কীর্ত্তি অধিক বেধি করিয়া অভিমান প্রযুক্ত দে পরলোকগামী হইতে নিতান্ত বাসন। করিল। পরে দে নগরের বাহিরে গিয়া এক কুটীর নির্মাণ করিয়া নগরের কি দশা হইবে, তাহা দৈ-থিতে তাহার ছায়াতেৰ দিয়া রহিল। তথন প্রভু পরমেশ্বর ঘূনসকে এ দুঃথ হইতে উদ্ধার করিবার নিমিত্তে তাহার মস্তকের উপরে যে ছায়া হয়, এই জন্যে এক কুর্য়াওলতা পুষ্ণত ক্রিয়া তাহার উপরে বৃদ্ধি করিলেম, অভএব ইহাতে যূন**দ দে ল**তাতে বড়সম্ভ**ট হইল। কিন্তু পর** मित्न खंखरागामय ममरय जैश्वत अक की विश्वस्त कविया थे ণতা ভক্ষণ করাইলে, তাহা দকলই উদ্ধু হইল। তথন পরমেশ্বর দূর্যোদয় সময়ে পূর্ব্রদিকস্থ প্রচণ্ডবায় প্রৈরণ

করিলে, তাহাতে যুনসের মন্তকে এমৎ রৌদু লাগিল, যে লে নির ডিশয় ক্লান্ত হইয়া আপন মরণের বাঞ্চা করিলে পরে, ঈশ্বর তাহাকে কহিলেন, তুমি লতার নিমিন্তে ক্লোধ করিয়া কি ভাল করিতেছ, তাহাতে সে কহিল, আমার কোপ ভাল। তথন পরমেশ্বর কহিলেন, বে লতা এক রাত্তিতে উৎপন্না ও এক রাত্তিতে উচ্ছিন্না হইল, ও যাহার জন্যে তুমি কিছু শ্রম করিলা না ও যাহার বৃদ্ধিতে যত্ন করিলা না, তাহার প্রতি তুমি যদি দয়া কর, তবে আপনাদের দক্ষিণ ও বামহন্তের ভেদ করিতে অশক্ত এক লক্ষ বিংশতি সহদ্যের অধিক শিশ্ব ও অনেক পশ্ব বিশিষ্ট মহানগার নিনিবীর উপরে আমি কি দয়া করিব না?

वामभ

বিহুদা দেশের রাজা আহস ও সিথরিয় ও মিনছেম,
পিকছিয়,পেকছ এবং ছোশেল ইত্যাদি ইসায়েল
দেশের রাজগণের বৃজান্ত। এই ইসুদ্য়েল দেশের
দশবংশ শ্রিয়াদেশের রাজাদারা যুদ্ধে ধৃত
হইবার বিবরণ।

' খ্রীষ্ট জন্মের পূর্ব্ধে ৭৭১ অবধি ৭২১ পর্যান্ত।

হানে ও পর্বতের উপরিভাগে ও প্রত্যেক সতেজঃ কৃক্ষের তলে বলিদান করিল, ও ধূপ ছালাইল। ইহাতে প্রভূপরমেশ্বর তাহাকে আরামের রাজহন্তে সমর্পন করিলে, অরামীয়ের রাজা তাহাকে প্রহার করিল, এবং তাহার অনেক লোককে বন্দী করিয়া দম্মেবকে লইয়া গেল। অধিকন্ত দে রাজা ইন্যুয়েলের রাজা পেকের হস্তে সমর্পিত হইলে, দে এক লক্ষবিংশতি সহসু বলবান লোককে বধ করিল, যেহেতুক তাহারা আপনাদের পিতৃ লোকের সম্মানিত প্রভূ পরমেশ্বরকে পরিত্যাগ্য করিয়াছিল, এবং ইন্যুয়েল বংশের সৈন্য সমূহ বিহ্নুদীয় লোক অপনার ভ্রাত্যগের দ্বী পুত্র কন্যা প্রভৃতি লক্ষং নিজ পরিবার লোককে বন্দী করিয়া লইয়াগেল, এবং তাহাদের অনেক দুব্য লুঠ করিয়া শোমুীরোনে লইয়া গোল। খুনিই জন্মের পূর্কে ৭৮৩।

কিন্তু তত্ত্বস্থারের এক ভবিষ্যদক্তা শোমীরোণে আগত সৈনাদের সহিত সাক্ষাৎ করিয়া তাহাদিগকে কহিল, দেখা তোমাদিগের পিতৃ লোকের প্রভূ পরমেশ্বর ফিছদার প্রতি কুদ্ধ ফুইয়া তাহাদিগকে তোমাদের হস্তে সমর্পণ করিলেন, এই বিহুদা লোকদিগকে দাস দাসাকরিয়া রাখিতে মনস্থ করিতেছ, ভাল তোমাদের প্রভূ পরমেশ্বরের বিরুদ্ধে কি তোমাদের তোমাদের প্রভূ পরমেশ্বরের বিরুদ্ধে কি তোমাদের তোমাদেরই মধ্যে কোন পাপ নাই? অতথব এখন আমার কথা তান তোমরা আপনাদিগের যেই ভ্রাতৃগণকে বন্দী করিয়া লাইয়া আসিতেছ, তাহাদিগকে মুক্ত কর, কেননা তোমাদের প্রতি পরমেশ্বরের প্রচণ্ড কোধ প্রছ্লিত আছে।

তাহাতে কতক প্রধান লোক আদিয়া যুদ্ধ হইতে প্রত্যা-পত লোকদের সমুথে দাঁড়াইয়া তাহাদিগকে কহিল, তোম্রা বন্দী লোকদিগকে এথানে লইয়া আসিতে পাইবানা, আমরা পরমেশরের বিকৃদ্ধে দোষ করিয়াছি এবং তোমরা আমাদের অপরাধ ও দোষ আর ও অধিক বাড়াইতে মন্ত্রণা করিতেছ, আমাদের বড় দোষ হইয়াছে, ও ইসায়েলের প্রতি পরমেশরের কোেধ প্রজ-লিত আছে। তাহাতে অস্ত্রধারী লোকের। সেই সকল লুচিত বস্তু ও বন্দিগণকে আনিয়া মণ্ডলীর লোকদের **হস্তে তাহাদের ইচ্ছানুসা**রে উহাদিগের প্রতি ব্যবহার" করিবার নিমিক্তে সমর্পণ করিল। পরে মগুলীর অধ্যক্ত-গণ বন্দীগণকে লইয়া ভাহাদের সকল অলখ্বা বৃক্ষে লুটিতে বৃষ্ক দারা বস্ত্র পরিহিতি ও অলহারে ভূষিতি করিলি, ও তাহাদের পদে পাদৃকা ছিল, এবং তাহাদিগকে ভোজন পান করিতে আজা করিল,ও তাহাদের ফাবদীয় লোক দুর্মল ছিল, তাহাদিগকে গদভোৱোহণ করাইয়া তাহাদের ভ্রাতৃগণের নিকটে তালবৃক্ষ নগরে অর্থাৎ যিরীহ নগরে লইয়া গেল, অমর্থয় ও ইসুায়েল লোক ব্যতীত আহ্ম ও তাহার রাজ্যন্ত লোকের দেবপূজা ৰূপ পাপ বিষয়ে শাস্তি দিবার নিমিত্তে পরমেশ্বর অন্যান্য শতুগুণকে পাচাইলেন তৎকালে ইদোমীয় লোক সুযোগ পাইয়া অমৎসিয়ের জূর কর্মের নিমিত্তে যিত্দ। রা-জ্যের লোককে প্রতিফল দিতে লাগিল। এবং আহস বিহুদা লোককে কুপথে লওয়াইয়া প্রমেশ্বরের নিরুদ্ধ অতিশয় পাপ করিল, তজ্জনো পারমেশ্বর যিত্দপর রাজ্য-

কে নত করিতে মনস্থ করিলে, পিলেফীয়েরা ঐ রাজ্যের দক্ষিণ প্রদেশস্থ অনেক ভূমি আক্রমণ করিল। এই দুর্ঘটনার মধ্যে আহ্দ নমুভাবে পরমেশ্বরের দাক্ষাতে উত্তমাচরণ না করিলে বর্ণ ততোধিক আরো কদাচরণ করিলে, তাহার লোক সকল পূর্ব্বাপেক্ষা অতিশয় দুর্দশাগ্রন্ত হইল, কেননা সে আশ্রীয়া দেশের রাজা টিগনলৎ পিলদের নিকট হইতে সাহাত্য প্রার্থনা করিয়া আপন রাজ্য তাহার নিকট করাধীন করিল, এই নূতন সহায় ইহাতে কোন সাহায্য না করিয়া কেবল তাহাকে দরিদু করাইল। এবং আহ্স অমরীয় লোকের দেব-গণের উদ্দেশে বলিদান করিয়া কহিলা, অমরীয় দেবগণ তাহাদের উপকার করে, অতএব ফেন তাহারা আমা-দেরও উপকার করে, এই জন্যে আমি তাহাদের উদ্দেশে বলিদান করিব, কিন্তু তাহার। তাহার ও সময় ইসায়ে-লের বিনাশকারী হইল। আহস এই রূপে ক্রমাগত ৬০ বৎসর পর্যান্ত অতিশয় অদ্বৌভাগ্যে রাজত্ব করিয়া অবশেষে প্রাণত্যান করিল, তাহাতে তাহার ধর্মশীল পুল হিষ্কিয় তাহার রাজদি হাসন প্রাপ্ত হইল। খুীষ্ট জয়ের পূর্বে १১৬ বৎদর। খুীষ্ট জয়ের ৭৭১ বৎদর পূর্ব্বে দিতীর যারবিয়ামের পুত্র ও যিহুয়ের প্রপৌত্র সিথারিয়, ইসাুুুুুেরেরের রাজত্ব করিতে লাগিল।, কিন্তু দে পরমেখরের দাক্ষাতে কুআচরণ করিলে, দেই বৎ-সরেই সালম তাহাকে হত করিয়া রাজসিণ হাসন অধি-কার করিল, এবং সেও. এক মাদ রাজত্ব করিয়া মিনহেম কর্তৃক বিন্ষ্ট হইল। এবং নিধুরতা পূর্ব্বক প্রাপ্ত

পরাধিকার এই রাজা দৌরাত্মা পূর্ম্বক আশ্রীয় দেশের রাজা পালের নিকটহইতে সাহায্য পাইবার মানদে আপনার প্রজাবর্গকে এক কালে নির্ধন করিয়া অবশেষে লোকান্তর গমন করিল। খ্রীষ্ট জন্মের পূর্ম্বে ৭৬০ বং সর। তদনত্তর তাহার পুল্র পিকহ অতিশয় কুংসিত ব্যব-হারের সহিত দুই বহুসর পর্যান্ত রাজত্ব করিলে, তাহার দৈন্যাধ্যক্ষ পেকহ তাহাকে হত্যা করিয়া তাহার সিংহা-সন অধিকার করিল। খ্রিষ্ট জন্মের পূর্মের ৭৫৮ বং সর।

যে যাজি যিহুদা দেশের রাজার সহিত অতিশয় ক্লেশ জনক যুদ্ধ করিরাছিল সে এই রাজা। ইহার রাজ ত্ব কালে, আশ্রীয়া দেশের রাজা টিগলণ-পিনিসের রা-জ্যের উত্তরাণশ আক্রমণ করিয়া তদ্দেশ নিবাদিগণকে বন্দা করিয়া আশ্রীয়দেশে লইয়া গেল। পেকহ ইস্টা-যেল বংশের রাজা হোশেয় কর্তৃক হত হইল'। থাঁইট জ্যের পূর্বে ৭২৯ বংসর।

দে হোশেয় নামকু ইসুায়েলের শেষ রাজা পরমেশ্বের সাক্ষাতে অসদাচরণ করিলে, আশ্রীয় দেশের রাজা শল্মানষর তাহাকে করাধীন করিল।
তৎপরে দে মিসর দেশের রাজার নিকটহইতে সহায়তা
লইয়া আশ্রীয়াদের অধীনতাহইতে মুক্ত হইতে চাহিল। কিন্তু শল্মানষর তাহাকে জয় করিয়া বন্দী
করিল, এবং তিন বৎসর পর্যান্ত শোমিরোণ নগর বেইটন
পূর্মক আ্কুমণ করিলে পর, দে তন্নগর নিবাসিদিগকে ও
ইস্বায়েল বংশকে বন্দী করিয়া আশ্রীয়দেশে লইয়া
গোল, পরে দে বাবিলয় ও নিকটবর্ত্তি দেশস্থ লোক-

দিগকে আনিয়া শোমিরোণদেশে বসতি করাইল। এই প্রকার ইদ্যায়েলের যারবিয়াম কর্তৃক স্থাপিত হইবার ২৫৪ বৎসর পরে তাহা এক কালে উচ্ছিন্ন হইয়া গেল, কেননা যে প্রভূ পরমেশ্বর ইদ্যায়েল লোককে মিদর দেশহ্ইতে উদ্ধার করিলেন, তাহারাই তাঁহার বিরুদ্ধে পাপাঁচরণ করিয়া দেবগণের পূজা করিতে লাগিল। এব ও তাহাদের সম্থহইতে যে বিদেষিণণকৈ প্রমে-শ্বর তাঁড়াইয়াছিলেন, এখন আবার তাহাদিগেরই কুব্য-বহারানুসারে চলিয়া দেবপুজকদিগকে আপনাদিগের উপরে রাজত্ব করাইতে মনস্থ করিল। এবং ইদ্যায়েল বংশ গোপনে পরমেশ্বরের বিরুদ্ধে তুব্যবহার করিল, অর্থাৎ তাহার৷ প্রত্যেক স্থানে উচ্চস্থান করিয়াছিল এমং পর্বতের উপরে চৈত্যবৃক্ষ ও দতেজ বুক্ষ তলে দেব প্রতিমা নির্মাণ করিল। এবং তাহারা পরমেশ্বরকে বিরক্ত করিবার নিমিক্তে, দেব পুজকের মতানুসারে ঐ সকল উচ্চস্থানে ধূপ জালিল। যদ্যপি তাহারা এই প্রকার কর্ম করিয়াছিল, তথাপি ভোমরা আপ-নাদের পাপ হইতে ফির, এবং ভোমাদিগের পিতৃ পিতা মাতাদি পূৰ্ৰপুক্ষকে যে দকল ব্যবস্থা দিয়াছি, ও আমার ভবিষ্যদক্ দাসদের হস্তদারা তোমাদের निकरि (य नकल नियमापि, প্রেরণ করিয়াছি, जमनुमारत আমার আজ্ঞা ও বিধি পালন করছ, এই কথা কহি-য়া পরমেশ্বর দকল ভবিষীদক্তার ও দর্শকদের দারা हेमुारातीत विकृत्क माका मिला। किन्न ठाहाता ठाहा ন্ত্রিতে সমর্থ না হইয়া তাহাদের প্রভূপরমে্রতে অপ্রতায়কারি পূর্ব্বপুরুষদের ন্যায় আপনাদের গ্রীবা দৃঢ় করিল, এব ১ তাহারা তাঁহার বিধি এব ১ তাহাদের পিতৃ লোকদের প্রতি স্থাপিত নিয়ম দকল, এবণ তাহা-দের প্রতি দত্ত ভাঁছার সাক্ষ্য অবজ্ঞা করিয়া অসার প্রতিমার অনুগামী হইল। এবং পরমেশ্বর যে চতুর্দিক্স্ অন্যদেশীয়দের অনুযায়ি কর্মা করিতে নিষেধ করিয়া-ছিলেন, তাহারা হত বৃদ্ধি হইয়া তাহাদেরই অনুগামী হইল। তাহার। আপনাদের পুতু প্রমেখরের আজা লত্ব্বন করিল, ও আপনাদের জন্যে ছাঁচে ঢালা দুই বৎদ নির্মাণ এব॰ চৈত্য কৃক্ষ স্থাপন করিল। ও আকাশের জোতির্গনের পূক্রা ও বালদেবের দেবা করিল। এবং আপনাদের পুত্র ও কন্যাদিগকে অগ্নিতে প্রবেশ করাইল, এব ১ গুণকতা ও মায়াবিতা করিল, এব ০১ পরমেশ্বরের দাক্ষাতে পাপ করিতে ও তাঁহাকে কুদ্ধ করিন্ধে আপ-নাদিগুকে বিক্রয় করিল। এই জন্যে প্রমেশ্র ইসুায়েল বংশের প্রতি অতিশয় কুদ্ধ হইলেন, ও তাহাদিগকে আপন সাক্ষাৎ হইতে দূরী কৃত করিলেন, কেবল যিহদা বংশ ব্যতিরেকে প্রায় আর কেহ,থাকিল না, এই শো-মিরোণ দেশের নৃতন নিবাদিগণ যাহাদিগকে শোমি-রোণীয় বলা যায় তাহারা পরমেশ্বকে না জানিয়া আরাধনা করিল না। ভজনা তিনি ভাহাদের মধ্যে কএক বলবান দি°ংছ প্রেরণ করিয়া তাহাদিগকে এক কালে বিনষ্ট করিল, তাহাতে তাহারা আশ্রীয় দেশের রাজার নিকটে পত্র প্রেরণ করিয়া কহিল, দকল জাতীয় লোককে আপনি স্বদেশহইতে আনিয়া শোমিরোণের

নানা স্থানৈ বাদ করাইল, তাহারা এই দেশের দিখাই রের নিয়ম দকল না জানাতে, তিনি তাহাদিগকে দিখাই দারা নই করিলেন, তথান রাজা শোমিরোণইইতে আনিত যাজকের মধ্যে এক জনকে ফিরিয়া পাচাইলে, দে তথায় যাইয়া উহাদিগকে ভয় পূর্বক পরমেশ্বরের আরখিনা করিতে উপদেশ দিল, তাহাতে লোকেরা পরমেশ্বকে ভয় করিয়া তাঁহার দেবাতে রত হইল, কিন্তু তত্রাচ তাহারা আপনাদিগের নিজ জন্ম ভূমির দেব পূজকগণের নিয়মানুসারে দেবাদি পূজা করিতে তুটি করিল না, ইতি।

দিতীয় পুস্তক, সমাপ্ত।

